# উপজেলা পর্যায়ে বিভিন্ন কমিটিসমূহ সংকলন



উপজেলা প্রশাসন, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর

# উপজেলা পর্যায়ে বিভিন্ন কমিটির রূপরেখাঃ

| ক্রমিক নং | ডিপার্টমেন্ট | কমিটির নাম | সভাপতি | সদস্য সচিব | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | উপজেলা পরিষদ সাধারণ সভার কমিটি | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা নির্বাহী অফিসার | ০২-০৩ |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | উপজেলা আইন শৃঙ্খলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | -- | ০৫ |
| ০৩ | | উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | -- | ০৭ |
| ০৪ | | উপজেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | -- | -- |
| ০৫ | | দফাদার ও মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | ০৮ |
| ০৬ | | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | -- | ০৯ |
| ০৭ | | উপজেলা রিসোর্স টিম | উপজেলা নির্বাহী অফিসার | -- | ১০ |
| ০৮ | | তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | ১১-১২ |
| ০৯ | | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি | চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা নির্বাহী অফিসার | ১৩-১৬ |
| ১০ | | উপজেলা ক্রীড়া সংস্থা | উপজেলা নির্বাহী অফিসার | - | ১৭ |
| ১১ | | উপজেলা শিল্পকলা একাডেমি | উপজেলা নির্বাহী অফিসার | -- | ১৭-১৮ |
| ১২ | | বাংলাদেশ স্কাউটস উপজেলা নির্বাহী কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | -- | ১৯ |
| ১৩ | উপজেলা ভূমি অফিস | উপজেলা রাজস্ব কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | -- |
| ১৪ | | উপজেলা কৃষি খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ২১ |
| ১৫ | | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ২১ |
| ১৬ | | উপজেলা আশ্রয়ণ -২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ২৩-২৪ |
| ১৭ | | আন্তঃ ইউনিয়ন খেয়াঘাট ইজারা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ২৫ |
| ১৮ | | উপজেলা রাজস্ব বিভাগের পুরাতন মালামাল/গাছ নিলাম বিক্রয় কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ২৬ |
| ১৯ | | উপজেলা নদী রক্ষা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ২৭ |
| ২০ | | উপজেলা ভূমি সংস্কার কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ২৭ |

| ক্রমিক নং | ডিপার্টমেন্ট | কমিটির নাম | সভাপতি | সদস্য সচিব | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|---|---|
| ২১ | উপজেলা ভূমি অফিস | ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপনকৃত পরিপক্ক গাছ কর্তন পূর্বক বিক্রয়ের লক্ষ্যে কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ২৮-২৯ |
| ২২ | | সামাজিক-সম্প্রীতি কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ৩০-৩১ |
| ২৩ | | অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা ও হস্তান্তর সমন্ধে উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ৩২ |
| ২৪ | | উপজেলা হাট- বাজার ব্যবস্থাপনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ৩৪ |
| ২৫ | | উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন হাট-বাজারের খাস আদায় কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী কমিশনার (ভূমি) | ৩৫ |
| ২৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি,আর) সংক্রান্ত উপজেলা কমিটি (উপজেলা নির্বাহী অফিসার: সহ-সভাপতি) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৩৭-৩৮ |
| ২৭ | | গ্রামিণ অবকাঠামো সংস্কার সংক্রান্ত উপজেলা কমিটি (উপজেলা নির্বাহী অফিসার: সহ-সভাপতি) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৩৯-৪০ |
| ২৮ | | উপজেলা মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪১ |
| ২৯ | | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (উপজেলা নির্বাহী অফিসার: সহ-সভাপতি) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪২-৪৩ |
| ৩০ | | সেতু/কালভার্ট নির্মাণের স্থান নির্বাচন ও সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রকল্প প্রণয়ণ ও ব্যবস্থাপনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪৩ |
| ৩১ | | গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বোন্ড (এইচবিবি) করণ প্রকল্পের উপজেলা প্রকল্প প্রণয়ণ ও ব্যবস্থাপনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪৩ |
| ৩২ | | অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি বাস্তবায়ন ও প্রকল্প প্রণয়ণ কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪৪ |
| ৩৩ | | আশ্রয়ণ -২ প্রকল্পের উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪৪ |
| ৩৪ | | উপজেলা দুর্যোগ সাড়াদান সমন্বয় গ্রুপ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪৫ |
| ৩৫ | | গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) যাচাই বাছাই উপ কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪৫ |
| ৩৬ | | গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) যাচাই বাছাই উপ কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪৫ |
| ৩৭ | | অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ/বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪৬ |
| ৩৮ | | প্রাকৃতিক দুর্যোগে অনুদান মঞ্জুরি উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | ৪৭-৪৮ |
| ৩৯ | উপজেলা প্রকৌশলী | উপজেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | পানি সম্পদ পরিকল্পনা সংস্থার প্রতিনিধি | ৫০ |
| ৪০ | | উপজেলা পর্যায়: ব্লক গ্রান্ট কো-অর্ডিনেশন কমিটি (বিজিসিসি) | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সহকারী প্রকৌশলী | ৫৫ |
| ৪১ | | উপজেলা পরিষদ ব্যবস্থাপনাধীন হাটবাজারসমূহের দরপত্র মূল্যায়ন ও ইজারা প্রদান কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকৌশলী | ৫৫ |
| ৪২ | | উপজেলা সড়ক নিরাপত্তা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকৌশলী | ৫৬-৫৭ |
| ৪৩ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৬০ |

| ক্রমিক নং | ডিপার্টমেন্ট | কমিটির নাম | সভাপতি | সদস্য সচিব | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|---|---|
| ৪৪ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৬২ |
| ৪৫ | | উপজেলা দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৬৪ |
| ৪৬ | | উপজেলা ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৬৬ |
| ৪৭ | | উপজেলা সমাজকল্যাণ পরিষদ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৬৭ |
| ৪৮ | | উপজেলা পর্যায়ে ক্যাপিটেশন গ্র্যান্ট মনিটরিং কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৬৯ |
| ৪৯ | | সামাজিক নিরাপত্তা সংক্রান্ত উপজেলা ব্যবস্থাপনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৭০-৭১ |
| ৫০ | | পিতা-মাতার ভরণ-পোষণ বিষয়ক উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৭২ |
| ৫১ | | প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৭৩ |
| ৫২ | | উপজেলা শিশুকল্যাণ বোর্ড | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৭৪ |
| ৫৩ | | উপজেলা মাসিক এনজিও সমন্বয় সভা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৭৫ |
| ৫৪ | | টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৭৬ |
| ৫৫ | | এপিএ সংক্রান্ত উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৭৭ |
| ৫৬ | | উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৭৮-৭৯ |
| ৫৭ | | উপজেলা বয়স্কভাতা কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কমিটি (উপজেলা নির্বাহী অফিসার: সহ-সভাপতি) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৮১ |
| ৫৮ | | উপজেলা বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কর্মসূচি সংক্রান্ত কমিটি (উপজেলা নির্বাহী অফিসার: সহ-সভাপতি) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৮৩ |
| ৫৯ | | উপজেলা অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভাতা প্রদান কর্মসূচি সংক্রান্ত কমিটি (উপজেলা নির্বাহী অফিসার: সহ-সভাপতি) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৮৫ |
| ৬০ | | উপজেলা প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান কর্মসূচি সংক্রান্ত কমিটি (উপজেলা নির্বাহী অফিসার: সহ-সভাপতি) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৮৭ |
| ৬১ | | উপজেলা দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত কমিটি (উপজেলা নির্বাহী অফিসার: সহ-সভাপতি) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৮৯ |
| ৬২ | | বীর মুক্তিযোদ্ধা বা সুবিধাভোগী কর্তৃক সম্মানি ভাতা প্রাপ্তির জন্য দাখিলকৃত আবেদন যাচাই-বাছাই করিবার লক্ষ্যে উপজেলা পর্যায়ে উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ৯০ |
| ৬৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | উপজেলা ভিজিডি কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ৯৪ |
| ৬৪ | | উপজেলা মাতৃত্বকাল ভাতা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ৯৬ |
| ৬৫ | | মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম সংক্রান্ত উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ৯৭ |

| ক্রমিক নং | ডিপার্টমেন্ট | কমিটির নাম | সভাপতি | সদস্য সচিব | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|---|---|
| ৬৬ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ৯৮-৯৯ |
| ৬৭ | | উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ১০০ |
| ৬৮ | | ‘কিশোর কিশোরী ক্লাব স্থাপন’ শীর্ষক প্রকল্পের ডিপিপিতে ‘ক্লাব ব্যবস্থাপনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ১০২ |
| ৬৯ | | উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ১০৩ |
| ৭০ | | "কিশোর কিশোরী ক্লাব স্থাপন" শীর্ষক প্রকল্পে বিভিন্ন পদে জনবল নিয়োগে কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ১০৪ |
| ৭১ | | জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ১০৫ |
| ৭২ | | উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ১০৬ |
| ৭৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | উপজেলা পুষ্টি সমন্বয় কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ১০৮ |
| ৭৪ | | উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ১০৯ |
| ৭৫ | | বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ১১০-১১১ |
| ৭৬ | উপজেলা কৃষি অফিসারের কার্যালয় | উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা কৃষি অফিসার | ১১৩ |
| ৭৭ | | উপজেলা কৃষি প্রণোদনা ও পুনর্বাসন বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা কৃষি অফিসার | ১১৪ |
| ৭৮ | | উপজেলা ইঁদুর নিধন কমিটি<br>(উপজেলা নির্বাহী অফিসার: সহ-সভাপতি) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা কৃষি অফিসার | ১১৪ |
| ৭৯ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয় | উপজেলা পর্যায়ে সুফলভোগী নির্বাচন এবং বাস্তবায়ন কমিটি (UBSIC) কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | ১১৬ |
| ৮০ | | কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এবং অন্যান্য সুফলভোগী নির্বাচন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | ১১৭ |
| ৮১ | | গরু হৃষ্ট-পুষ্টকরণ প্রকল্পের আওতায় সুফলভোগী নির্বাচন ও মনিটরিং কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | ১১৮ |
| ৮২ | | ‘উপজেলা পর্যায়ে ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নিয়োগ/সিলেকশন’ কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | ১১৯ |
| ৮৩ | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় | জাতীয় মৎস্য সপ্তাহ বাস্তবায়ন সম্পর্কিত উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মৎস্য কর্মকর্তা | ১২১ |
| ৮৪ | | উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মৎস্য কর্মকর্তা | ১২২ |
| ৮৫ | | ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের উপজেলা পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মৎস্য কর্মকর্তা | ১২২ |
| ৮৬ | | ইলিশ অভয়াশ্রম ব্যবস্থাপনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মৎস্য কর্মকর্তা | ১২৩ |
| ৮৭ | | বিল নার্সারী কার্যক্রম বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মৎস্য কর্মকর্তা | ১২৩ |
| ৮৮ | | উপজেলা মৎস্য ঋণ কর্মসূচি বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মৎস্য কর্মকর্তা | ১২৪ |

| ক্রমিক নং | ডিপার্টমেন্ট | কমিটির নাম | সভাপতি | সদস্য সচিব | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|---|---|
| ৮৯ | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় | নিহত জেলে পরিবার বা স্থায়ীভাবে অক্ষম জেলেদের আর্থিক সহায়তা প্রদান | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মৎস্য কর্মকর্তা | ১২৪ |
| ৯০ | | উপজেলা পর্যায়ে জেলে নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মৎস্য কর্মকর্তা | ১২৫ |
| ৯১ | | জাতীয় মৎস্য পদক উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মৎস্য কর্মকর্তা | ১২৫ |
| ৯২ | উপজেলা শিক্ষা অফিস | বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় টুর্নামেন্ট পরিচালনা উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা শিক্ষা অফিসার | ১২৭ |
| ৯৩ | | উপজেলা প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি (উপজেলা নির্বাহী অফিসার: সদস্য) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপজেলা শিক্ষা অফিসার | ১২৮ |
| ৯৪ | | বিভিন্ন প্রতিষ্ঠান ও দপ্তরের পরিত্যক্ত বা অব্যবহৃত ভবন, আসবাবপত্র, মালামাল, গাছপালা নিলামের উপজেলা পর্যায়ের কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা শিক্ষা অফিসার | ১২৯ |
| ৯৫ | | বেসরকারি প্রাথমিক (বাংলা ও ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন সংক্রান্ত উপজেলা টাস্কফোর্স কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | ১৩০-১৩১ |
| ৯৬ | | উপজেলা প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা পরিচালনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা শিক্ষা অফিসার | ১৩২ |
| ৯৭ | | উপজেলা সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা শিক্ষা অফিসার | ১৩৩ |
| ৯৮ | | উপজেলা বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও সমন্বয় কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা শিক্ষা অফিসার | ১৩৪ |
| ৯৯ | | বেসরকারী নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণী শাখা | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | ১৩৫ |
| ১০০ | | উপজেলা প্রাথমিক শিক্ষা পদক বাছাই কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা শিক্ষা অফিসার | ১৩৬ |
| ১০১ | | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বিভাগীয় পদোন্নতি কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা শিক্ষা অফিসার | ১৩৭ |
| ১০২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ১৩৯ |
| ১০৩ | | সৃজনশীল মেধা অন্বেষণ উপজেলা পর্যায়ে প্রতিযোগিতামূলক বাছাই কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ১৩৯ |
| ১০৪ | | মাধ্যমিক, দাখিল ও ভোকেশনাল স্তরের বিনামূল্যে পাঠ্যপুস্তক সংরক্ষন, বিতরন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ১৩৯ |
| ১০৫ | | উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সম্পাদক) | ১৪০ |
| ১০৬ | | বেসরকারী সকল শিক্ষা প্রতিষ্ঠানের গাছ কাটা ও নিলামে বিক্রয় করার উপজেলা পর্যায়ের কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান | ১৪১ |
| ১০৭ | | সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে উপজেলা পর্যায়ে ভর্তি কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সদরের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের জ্যেষ্ঠতম প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা | ১৪২ |
| ১০৮ | | উপবৃত্তি উপজেলা উপদেষ্টা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ১৪৩ |
| ১০৯ | | বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাবরেটরি যন্ত্রপাতি/সামগ্রী বিতরণের | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ১৪৪ |
| ১১০ | | পুস্তক পরিবহন, গুদামজাতকরণ ও বিতরণ কাজ তদারকীর জন্য উপজেলা মনিটরিং কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ১৪৫ |
| ১১১ | | উপজেলা পর্যায়ে প্রতিযোগিতামূলক বাছাই কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ১৪৬ |

| ক্রমিক নং | ডিপার্টমেন্ট | কমিটির নাম | সভাপতি | সদস্য সচিব | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|---|---|
| ১১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা পর্যায়ে দাখিল পরীক্ষার কেন্দ্র কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | কেন্দ্রসচিব | ১৪৭ |
| ১১৩ | | উপজেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কমিটি (প্রকল্প কর্মকর্তা না থাকলে সহকারী কমিশনার (ভূমি) সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন) | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প কর্মকর্তা (উপবৃত্তি) | ১৪৮ |
| ১১৪ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | আইসিটি বিষয়ক উপজেলা কমিটি/ফোরাম | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ১৫০ |
| ১১৫ | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড | অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের জন্য উপজেলা ঋণ কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ১৫২ |
| ১১৬ | | জোড়াবাড়ী থেকে প্রাপ্ত আয় বন্টন এবং রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য কমিটি | উপজেলা নির্বাহী অফিসার (আহ্বায়ক) | - | ১৫৩ |
| ১১৭ | | পল্লী প্রগতি প্রকল্প ঋণ পরিচালন - উপজেলা ঋণ মঞ্জুরী কমিটি (ইউসিজিসি) | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ১৫৪ |
| ১১৮ | | পল্লী প্রগতি প্রকল্প ঋণ পরিচালন - উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ১৫৪ |
| ১১৯ | | জাতীয় পল্লী উন্নয়ন পদক উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ১৫৫ |
| ১২০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্যবান্ধব কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | - | ১৫৭ |
| ১২১ | | অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/খাদ্য পরিদর্শক | ১৫৭ |
| ১২২ | | খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ১৫৮ |
| ১২৩ | পল্লী জীবিকায়ন | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি (UPIC) | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা প্রকল্প বিষয়ক কর্মকর্তা | ১৬০ |
| ১২৪ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | যুব উন্নয়ন উপজেলা ঋণ অনুমোদন ও পর্যালোচনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ১৬২ |
| ১২৫ | | জাতীয় যুব কাউন্সিল উপজেলা মনোনয়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ১৬৩ |
| ১২৬ | | উপজেলা ন্যাশনাল সার্ভিস কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | ১৬৪ |
| ১২৭ | উপজেলা পরিসংখ্যান | উপজেলা শুমারি/জরিপ কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | ১৬৬ |
| ১২৮ | উপজেলা সমবায় অফিস | আশ্রয়ণ-২ ঋণ প্রদান ও আদায় কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমবায় কর্মকর্তা | ১৬৮ |
| ১২৯ | | জাতীয় সমবায় পুরস্কার প্রার্থী মনোনয়ন উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা সমবায় কর্মকর্তা | ১৬৮ |
| ১৩০ | উপজেলা বন বিভাগ | উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী বন সংরক্ষক/ রেঞ্জ কর্মকর্তা, বন বিভাগ | ১৭০ |
| ১৩১ | | বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদানের স্থানীয় কমিটি (উপজেলা/থানা পর্যায়ে) | উপজেলা নির্বাহী অফিসার | সহকারী বন সংরক্ষক/ রেঞ্জ কর্মকর্তা | ১৭১ |
| ১৩২ | বাংলাদেশ শিশু একাডেমী | বাংলাদেশ শিশু একাডেমী থানা শাখা অফিসের কার্যাবলী পরিচালনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা | ১৭৩ |

| ক্রমিক নং | ডিপার্টমেন্ট | কমিটির নাম | সভাপতি | সদস্য সচিব | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|---|---|
| ১৩৩ | বাংলাদেশ শিশু একাডেমী | জাতীয় শিশু পুরস্কার উপজেলা/থানা পর্যায়ে প্রতিযোগিতা পরিচালনা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা | ১৭৩ |
| ১৩৪ | জাতীয় মহিলা সংস্থা উপজেলা শাখা | মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা ও মনিটরিং এর উপজেলা কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা মহিলার বিষয়ক কর্মকর্তা/প্রতিনিধি, জাতীয় মহিলা সংস্থা | ১৭৫ |
| ১৩৫ | ইসলামিক ফাউন্ডেশন উপজেলা শাখা | “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়)” শীর্ষক প্রকল্পের কেন্দ্র/শিক্ষক প্রাথমিক বাছাই কমিটি | উপজেলা নির্বাহী অফিসার (আহ্বায়ক) | ফিল্ড সুপারভাইজার/ দায়িত্বপ্রাপ্ত ফিল্ড সুপারভাইজার | ১৭৭ |
| ১৩৬ | | উপজেলা পর্যায়ের ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | ফিল্ড সুপারভাইজার/ দায়িত্বপ্রাপ্ত ফিল্ড সুপারভাইজার | ১৭৮ |
| ১৩৭ | | উপজেলা যাকাত কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা ইসলামিক মিশনের এসপিও/পিও/ফিল্ড সুপারভাইজার | ১৭৯ |
| ১৩৮ | সরকারি শিশু পরিবার | সরকারি শিশু পরিবার ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি | উপজেলা নির্বাহী অফিসার | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান | ১৮১-১৮২ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা পরিষদ

# উপজেলা পরিষদের সাধারণ সভা মিটিং এর রূপরেখা

| ক্র.নং | সদস্যদের পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সভাপতি | |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সদস্য | |
| ০৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সদস্য | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য | |
| ০৬ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য | |
| ০৭ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | সদস্য | |
| ০৮ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | সদস্য | |
| ০৯ | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা | সদস্য | |
| ১০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য | |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য | |
| ১২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য | |
| ১৩ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য | |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য | |
| ১৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা | সদস্য | |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য | |
| ১৮ | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ) | সদস্য | |
| ১৯ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি | সদস্য | |
| ২০ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য | |
| ২১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য | |
| ২২ | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | সদস্য | |
| ২৩ | উপজেলা বন বিভাগ | সদস্য | |
| ২৪ | উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য | |
| ২৫ | উপজেলা পল্লী দারিদ্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা | সদস্য | |
| ২৬ | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা | সদস্য | |
| ২৭ | তথ্য সেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র | সদস্য | |
| ২৮ | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | সদস্য | |
| ২৯ | উপজেলা নির্বাহী অফিসার | সদস্য সচিব | |

তৃতীয় তফসিল

[ধারা ২৪ দ্রষ্টব্য]

সরকার কর্তৃক উপজেলা পরিষদের নিকট হস্তান্তরযোগ্য প্রতিষ্ঠান ও কর্মের তালিকা

| ক্র. নং | মন্ত্রণালয়/বিভাগের নাম | উপজেলা পরিষদের নিকট ন্যস্তকৃত সরকারের বিষয় অথবা দপ্তর |
|---|---|---|
| ০১ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | যুব উন্নয়ন অধিদপ্তর এর অধীনস্থ থানা যুব উন্নয়ন কর্মকর্তা, কর্মচারী এবং জনবল। |
| ০২ | সংস্থাপন মন্ত্রণালয় | উপজেলা নির্বাহী কর্মকর্তা ও তাহার অধীনস্থ কর্মচারীগণ ও তাদের কার্যাবলী। |
| ০৩ | মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয় | (১) মৎস্য অধিদপ্তরের অধীনস্থ থানা মৎস্য কর্মকর্তা ও তাঁর অধীনস্থ কর্মচারী; এবং<br>(২) পশুসম্পদ অধিদপ্তরের অধীনস্থ থানা পশুসম্পদ কর্মকর্তা ও তাহার অধীনস্থ কর্মচারী এবং তাদের কার্যক্রম । |
| ০৪ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনস্থ থানা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও তাঁর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারী, থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন থানা স্বাস্থ্য কমপ্লেক্স এবং অন্যান্য সংশ্লিষ্ট কার্যাবলী। |
| ০৫ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | মহিলা অধিদপ্তরের অধীনস্থ থানা মহিলা বিষয়ক কর্মকর্তা ও তাঁর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারী এবং তাদের কার্যাবলী। |
| ০৬ | প্রাথমিক শিক্ষা বিভাগ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ও তাঁর অধীনস্থ কর্মচারীগণ। |
| ০৭ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | (১) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনস্থ থানা ইঞ্জিনিয়ার ও তাহার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারী ও তাদের কার্যাবলী ।<br>(২) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অধীনস্থ থানা পর্যায়ে উপ-সহকারী প্রকৌশলী ও তাঁর অধীনস্থ কর্মচারী ও তাদের কার্যাবলী। |
| ০৮ | কৃষি মন্ত্রণালয় | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনস্থ থানা কৃষি কর্মকর্তা ও তাঁর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারী ও তাদের কার্যাবলী । |
| ০৯ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের আওতাধীন থানা পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (PIO) ও তাঁর অধীনস্থ কর্মচারীগণ ও তাদের কার্যাবলী । |
| ১০ | সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজসেবা অধিদপ্তরের অধীনস্থ থানা সমাজসেবা কর্মকর্তা ও তাঁর অধীনস্থ কর্মচারী ও তাদের কার্যাবলী। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক অধিশাখা-২

স্মারক: স্বম(রাজ-২)/আশৃক জেলা/২-৩/২০০৯/৩১০ তারিখ: ২৯ মার্চ ২০০৯

অফিস আদেশ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৩ মার্চ ২০০৯ তারিখের স্বম(রাজ-২)/আশৃক জেলা/২-৩/২০০৯/১১৩ নম্বর পত্রের মাধ্যমে কমিটি বাতিলপূর্বক নিম্নরূপভাবে উপজেলা আইন শৃঙ্খলা কমিটি পুনর্গঠন করা হইল:

| | | |
|---|---|---|
| | মাননীয় সংসদ সদস্য | মুখ্য উপদেষ্টা |
| | উপজেলা পরিষদ চেয়ারম্যান | উপদেষ্টা |
| | ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ০৩ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৪ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ০৬ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| ০৭ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ০৮ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার | সদস্য |
| ০৯ | উপজেলা সদরে অবস্থিত সরকারী/ বেসরকারী কলেজের অধ্যক্ষ | সদস্য |
| ১০ | উপজেলা সদরে অবস্থিত মাদ্রাসার অধ্যক্ষ/সুপার | সদস্য |
| ১১ | উপজেলা সদরে অবস্থিত উচ্চ বিদ্যালয়/ বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ | সদস্য |
| ১২ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ১৩ | উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডার | সদস্য |
| ১৪ | ইউনিয়ন পরিষদের নির্বাচিত ২ জন সংরক্ষিত মেম্বার (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫ | সভাপতি, উপজেলা প্রেসক্লাব | সদস্য |
| ১৬ | উপজেলার ৫ জন গণ্যমান্য ব্যক্তি (১জন মহিলা সহ)<br>(জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত) | সদস্য |

তার কার্যবিবরণী মুখ্য উপদেষ্টা ও উপদেষ্টাগণকে নিয়মিত সরবরাহ করিতে হইবে। পৃথক নোটিশের মাধ্যমে সদস্যগণকে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করিতে হইবে।

২। উক্ত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ:

(ক) উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা;
(খ) আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পরিকল্পনা গ্রহণ ও তদনুযায়ী কার্য সম্পাদন;
(গ) অপরাধী ও সমাজবিরোধী ব্যক্তিদের অপরাধমূলক কার্যকলাপ ফলপ্রসুভাবে প্রতিরোধকল্পে যথোপযুক্ত পন্থা নির্ধারণ;
(ঘ) খুন, ধর্ষণ, ছিনতাই, অপহরণ, এসিড নিক্ষেপ, মেয়েদের উত্যক্তকরণ, নারী ও শিশু পাচার ইত্যাদি জঘণ্য প্রকৃতির অপরাধসমূহ নিরোধকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
(ঙ) অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রন রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা এবং বিভিন্ন পরিকল্পনায় তাহাদেরকে সম্পৃক্তকরণ;
(চ) অপরাধ প্রতিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টি;
(ছ) আইন-শৃঙ্খলা উন্নয়নে ও স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অন্যান্য বিষয়ে বিবেচনাকরণ;
(জ) আইন-শৃঙ্খলা উন্নয়নে জেলা আইন-শৃঙ্খলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ;
(ঝ) সরকার/ জেলা আইন-শৃঙ্খলা কমিটি কর্তৃক সময়ে সময়ে প্রদেয় নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ।

৩। কমিটি প্রতিমাসে কমপক্ষে একবার মিলিত হইবে এবং প্রয়োজনবোধে যেকোন সময় সভা অনুষ্ঠান করিবে।

স্বাক্ষরিত
(আবু সৈয়দ মোহাম্মদ হাশেম)
উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা

নং ০৪.৫১২.০৮২.০০.০০.০৪৬.২০১৩-৩১৬

তারিখ: ১০ পৌষ ১৪২০ / ২৪ ডিসেম্বর ২০১৩

বিষয়ঃ আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্রঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.৫১২.০৮২.০০.০০.০৪৬.২০১০.৫০ তারিখঃ ০৭-০৩-২০১৩
(২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৪৪.০০.০০০০.০৭৫.০২.০০৯.১২-১০৫৯ তারিখ ১৯-১২-২০১৬

মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রে উল্লিখিত স্মারকে মহানগর, জেলা, উপজেলা, পৌরসভা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি গঠনের নির্দেশনা দেওয়া হয়েছে। আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রে উল্লিখিত স্মারকে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির তৎপরতা বৃদ্ধি এবং বর্তমান প্রেক্ষাপটে তাদের দায়-দায়িত্ব সম্পর্কে নির্দেশনা জারির জন্য অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে গঠিত কমিটিসমূহকে সংশ্লিষ্ট এলাকার সড়ক, রেল ও সরকারি স্থাপনার নিরাপত্তা বিধান এবং এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষায় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। সংশ্লিষ্ট ইউনিয়ন ওয়ার্ড এলাকায় কেউ যাতে অবাধ যান চলাচলে বিঘ্ন সৃষ্টি করতে না পারে কিংবা কোনরূপ নাশকতা চালাতে না পারে তা নিশ্চিতকরণের স্বার্থে উক্ত কমিটিসমূহ স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে দ্রুত তথ্য সরবরাহ করবে এবং পাশাপাশি স্থানীয় জনসাধারণকে সম্পৃক্ত করে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে নাশকতা রোধ ও শান্তি-শৃঙ্খলা রক্ষায় কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। ইউনিয়ন পরিষদের আওতাধীন গ্রাম পুলিশের সদস্যগণকে যথোপযুক্ত স্থানে রাত্রিকালীন পাহারায় নিয়োজিত করতে হবে। ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ের কমিটি উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিকে দায়িত্ব পালনে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। এক্ষেত্রে কোন ইউনিয়ন পরিষদ কিংবা পরিষদের চেয়ারম্যান বা সদস্য শৈথিল্য প্রদর্শন করলে তা স্বীয় দায়িত্বে অবহেলা এবং সরকারি কাজে অসহযোগিতা হিসেবে গণ্য হবে।

০৩। জেলা প্রশাসকগণকে ইউনিয়ন ওয়ার্ড পর্যায়ে গঠিত কমিটির উপর্যুক্ত কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসারগণেরা সহায়তায় পরিবীক্ষণ করার জন্য এবং এ সম্পর্কিত সংক্ষিপ্ত প্রতিবেদন পাক্ষিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(এম কাজী এমদাদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৫৪৪৭

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি:

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ শাখা
www.cabinet.gov.bd

নং-০৪.৫১২.০৮২.০০.০০০৪৬.২০১০.৫০ তারিখঃ ২৩.১১.১৪১৯/০৭.০৩.২০১৩

বিষয়ঃ মহানগর, জেলা, উপজেলা, পৌরসভা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে 'সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি' গঠন।

দেশের বিভিন্ন এলাকায় সংঘটিত সহিংসতার পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৬ মার্চ ২০১৩ তারিখের ৪৪.০০.০০০০.০৭৫.০১.০০১.১৩.২৪২ সংখ্যক স্মারকে সামাজিক অস্থিরতা সৃষ্টি ও দেশের স্থিতিশীলতা বিনষ্ট করার অপচেষ্টা রোধ এবং সর্বত্র শান্তি-শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয়, পেশাজীবী ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিবৃন্দকে নিয়ে গণসংযোগের মাধ্যমে জনমত সৃষ্টির নির্দেশনা দেওয়া হয়েছে। মহানগর, জেলা, উপজেলা, পৌরসভা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে 'সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি' গঠনের মাধ্যমে এ উদ্যোগকে অধিকতর কার্যকর ও ফলপ্রসূ করা সম্ভব। এ সকল কমিটিতে জনপ্রতিনিধিবৃন্দকেও সম্পৃক্ত করা সমীচীন।

২। এমতাবস্থায়, জেলা পর্যায়ে জেলা প্রশাসক এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে অবিলম্বে 'সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি' গঠনের নিমিত্ত জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হল। মহানগর এলাকায় উক্ত কমিটি গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে। এ সকল কমিটি সংশ্লিষ্ট এলাকায় সহিংসতা ও নাশকতা রোধ এবং শান্তি-শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে নিয়মিতভাবে পরিস্থিতি পর্যালোচনা এবং স্থানীয় জনগণের সহযোগিতা নিয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

৩। জেলা কমিটির সভায় আলোচনাপূর্বক পৌর ও ওয়ার্ড কমিটি এবং উপজেলা কমিটির সভায় আলোচনাপূর্বক ইউনিয়ন কমিটি গঠন করতে হবে। জেলা পরিষদের প্রশাসক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান যথাক্রমে জেলা ও উপজেলা কমিটির সভায় উপদেষ্টা হিসাবে অংশগ্রহণ করবেন। মাননীয় সংসদ সদস্যবৃন্দ তাঁদের নিজ এলাকায় অবস্থান করলে তাঁরা বিশেষ আমন্ত্রণে সংশ্লিষ্ট মহানগর/জেলা/উপজেলা কমিটির সভায় উপস্থিত থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

৪। মহানগর ও জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণীর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং প্রয়োজন অনুসারে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে প্রেরণ করতে হবে। জেলা প্রশাসকগণ উপজেলা, পৌরসভা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে গঠিত এ সংক্রান্ত কমিটিসমূহের কার্যক্রম পরিবীক্ষণ করবেন এবং এ সম্পর্কিত সংক্ষিপ্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করবেন।

স্বাক্ষরিত
(আলতাফ হোসেন সেখ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৮৩৯৬

বিতরণঃ কার্যার্থেঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ
২। বিভাগীয় কমিশনার (সকল)
জ্ঞাতার্থেঃ
১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ১৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ/১৩ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও** নং ৩৩৬-আইন/২০১৬।-স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ঙ) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার –

(১) বিধি-২ এর দফা (ট) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ট) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ট) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে ডেপুটি কমিশনার এবং দফাদার ও মহাল্লাদার পদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার:";

(২) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"৭। বাছাই কমিটি -** (১) সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) ডেপুটি কমিশনার, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) পুলিশ সুপার;

(গ) জেলা সদরের পৌরসভার মেয়র;

(ঘ) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর;

(ঙ) উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), যিনি উহার সচিবও হইবেন ।

(২) দফাদার ও মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে, যথা: —

(ক) উপজেলা নির্বাহী অফিসার, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) উপজেলা প্রকৌশলী:

(গ) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা;

(ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান;

(ঙ) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, যিনি উহার সচিবও হইবেন।

(৩) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে
আবদুল মালেক
সচিব।

একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০১৮.০৩০.০০.০০.০০১.২০১১-১০০ তারিখঃ ২২-০৩-২০১২ খ্রিঃ

# পরিপত্র

## উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটি

স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে ইউএনডিপি এবং ইউরোপীয়ান ইউনিয়নের আর্থিক ও কারিগরি সহায়তায় গ্রাম আদালত শীর্ষক প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। ২০০৯ সাল থেকে বাস্তবায়িত এই প্রকল্পের মূল ভিত্তি হচ্ছে গ্রাম আদালত আইন, ২০০৬। এই আইন কার্যকর করার মাধ্যমে পল্লী এলাকার নারী, দরিদ্র ও অনগ্রসর জনগোষ্ঠী যাতে তাদের প্রতি সংঘঠিত অন্যায়ের প্রতিকার স্থানীয় পর্যায়ে গ্রাম আদালতের মাধ্যমে দ্রুত ও স্বল্প ব্যয়ে পেতে পারে তা নিশ্চিত করার জন্যই এ প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। গ্রাম আদালতকে অধিকতর কার্যকর করার লক্ষ্যে আইন ও বিচার বিভাগের সম্মতি এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক নিম্নরূপভাবে উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটি গঠন করা হলঃ

| | |
|---|---|
| ১. উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট | সদস্য |
| ৩. থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা | সদস্য |
| ৪. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ৫. ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য(১জন) | সদস্য |
| ৬. এনজিও প্রতিনিধি (১জন) | সদস্য |
| ৭. সিভিল সোসাইটির প্রতিনিধি (১জন) (জাতীয় মহিলা সংস্থা থেকে) | সদস্য |
| ৮. গণমাধ্যম প্রতিনিধি (১জন) | সদস্য |
| ৯. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১০. উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |

সদস্য-সচিব কমিটি কর্তৃক নির্ধারিত হবে ।

কমিটির দায়িত্ব ও কর্মপরিধিঃ

১) গ্রাম আদালত মনিটরিং এর মাধ্যমে স্থানীয় পর্যায়ে জনসাধারণের জন্য গ্রাম আদালতের বিচারের গুনগতমান নিশ্চিত করা।
২) গ্রাম আদালতের লক্ষ্য অর্জনের জন্য উক্ত আদালত সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে গ্রাম আদালত সংক্রান্ত বিষয়ে সহায়তা প্রদান ।
৪) গ্রাম আদালত কার্যক্রম সম্পর্কিত নীতিমালা বাস্তবায়ন, পরীক্ষা-নিরীক্ষা এবং উন্নতকরণ ।
৫) গ্রাম আদালতের সাথে সংশ্লিষ্ট এনজিও এর কার্যক্রম মনিটর করা।
৬) গ্রাম আদালত প্রকল্পের কার্যক্রম সমন্বয় সাধন ।
৭) গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কিত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করা।
৮) গ্রাম আদালত পরিদর্শন এবং এ সম্পর্কিত প্রতিবেদন জেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ।
৯। উপজেলা পর্যায়ে গ্রাম আদালত মনিটরিং সেল গঠন এবং এর কার্যক্রম তদারকি করা।

স্বাক্ষরিত
(আবু তাহের মুহাম্মদ জাবের)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫১৪১৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ-২ শাখা

নং-৪৬.০১৮.০৩০.০০.০০.০১২.২০১১-২৯১ তারিখঃ ৩১ অক্টোবর ২০১১ খ্রিঃ

# পরিপত্র

বিষয় : ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধি ও নিয়োজিত কর্মকর্তা/কর্মচারিগণকে প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা পর্যায়ে Upazila Resource Team (URT) গঠন।

তৃণমূল পর্যায়ে কার্যকর, দায়িত্বশীল এবং জবাবদিহিমূলক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসাবে দেশে ইউনিয়ন পরিষদগুলোকে শক্তিশালীকরণের উদ্দেশ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট (এনআইএলজি) নিয়মিত ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং নিয়োজিত কর্মকতা কর্মচারিদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। কিন্তু কেন্দ্রীয় পর্যায়ে বিপুল সংখ্যক ইউনিয়ন পরিষদে নির্বাচিত জনপ্রতিনিধি ও কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান সময়সাপেক্ষ ও ব্যয়বহুল হওয়ায় স্থানীয় পর্যায়ে প্রশিক্ষন প্রদানের প্রাতিষ্ঠানিক কাঠামো নির্ধারণ করা প্রয়োজন।

২। এ প্রেক্ষাপটে ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধি এবং এতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারিগণকে ধারাবাহিকভাবে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ ব্যবস্থাকে একটি স্থায়ী স্থানীয় প্রাতিষ্ঠানিক কাঠামোর আওতায় আনয়নের জন্য উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার-এর তত্ত্বাবধানে নিম্নরূপ Upazila Resource Team (URT) গঠন করা হলোঃ

| | |
|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার | আহ্বায়ক |
| সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | সদস্য |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |

৩। উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে Upazila Resource Team (URT) একটি কর্মমুখী দল হিসাবে কার্যক্রম পরিচালনা করবে। প্রশিক্ষণ প্রদানে উপজেলা রিসোর্স টিমের ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এনআইএলজি কর্তৃপক্ষ এ টিমের সদস্যগণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষনের আয়োজন করবে। উপজেলা নিবাহী অফিসার URT এর একজন সদস্যকে সদস্য-সচিব হিসাবে মনোনয়ন প্রদান করবেন এবং প্রয়োজনবোধে স্থানীয়ভাবে সদস্য কো-অপ্ট করতে পারবেন।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫/২২ মে ২০১৮

নম্বর ০৪.০০.০০০০.৮২৩.৭৯.০০৯.১৮.০৪৫—তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে নিম্নরূপভাবে সরকার তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি গঠন করল :

**তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি:**

| | | | |
|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | : | সদস্য |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | : | সদস্য |
| ০৪. | সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য |
| ০৫. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ০৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ০৭. | উপজেলা প্রকৌশলী | : | সদস্য |
| ০৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ০৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| ১১. | একজন সাংবাদিক (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১২. | একজন আইনজীবী (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৩. | দুইজন এনজিও প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৪. | দুইজন মহিলা প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৫. | সুশীল সমাজের একজন প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৬. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য-সচিব |

(১) কমিটির কার্যপরিধি :

(১) তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;

(২) তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং চাহিদাকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(৩) উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদ, সকল এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান, দেশি/বিদেশি অনুদানপ্রাপ্ত এনজিও এবং উপজেলা পর্যায়ের সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(৪) তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন এবং তথ্য অধিকার সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(৫) উপজেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি/ বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়;

(৬) তথ্য অধিকার আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান; এবং

(৭) নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে উপজেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ ।

(২) কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হবে এবং সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন, বিভাগীয় ও জেলা কমিটির নিকট প্রেরণ করবে । জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এন এম জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৮, ২০১৮

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ আষাঢ় ১৪২০/৯ জুলাই ২০১৩

**এস. আর. ও, নম্বর ২৪৭-আইন/২০১৩।-** ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নম্বর আইন) এর ধারা ৮১, ধারা ১৩ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

**১। সংক্ষিপ্ত শিরোনাম।** —এই প্রবিধানমালা উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন প্রবিধানমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা।** বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়-

(১) "আইন" অর্থ ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নম্বর আইন);

(২) "ইউনিয়ন কমিটি" অর্থ প্রবিধান ৪ এর অধিন গঠিত ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি;

(৩) "উপজেলা কমিটি" অর্থ প্রবিধান ৩ এর অধিন গঠিত উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি;

(৪) "জেলা কমিটি" অর্থ আইনের ধারা ১০ এর অধিন গঠিত জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি;

(৫) "তহবিল" অর্থ পরিষদের তহবিল, জেলা কমিটির তহবিল, উপজেলা কমিটির তহবিল এবং ইউনিয়ন কমিটির তহবিল;

(৬) "পরিষদ" অর্থ আইনের ধারা ৫ এর অধিন গঠিত পরিষদ; এবং

(৭) "ফরম" অর্থ এই প্রবিধানমালার কোন ফরম ।

৩। উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন।- (১) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক উপজেলায় উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি নামে একটি উপজেলা কমিটি থাকিবে, যাহা নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ—

(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যিনি উহার সভাপতি হইবেন;

(খ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ (পদাধিকারবলে);

(গ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ (পদাধিকারবলে);

(ঘ) চেয়ারম্যান, বি. আর. ডি. বি. (পদাধিকারবলে);

(ঙ) পৌরসভা, যদি থাকে, এর মেয়র বা মেয়র কর্তৃক মনোনিত একজন প্রতিনিধি;

(চ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (পদাধিকারবলে);

(ছ) উপজেলা কৃষি অফিসার (পদাধিকারবলে);

(জ) উপজেলা প্রাণিসম্পদ অফিসার (পদাধিকারবলে);

(ঝ) উপজেলা মৎস্য অফিসার (পদাধিকারবলে);

(ঞ) থানা অফিসার-ইন-চার্জ (পদাধিকারবলে);

(ট) উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা অফিসার (পদাধিকারবলে);

(ঠ) উপজেলা মহিলা বিষয়ক অফিসার (পদাধিকারবলে);

(ড) অধ্যক্ষ, স্থানীয় সরকারি/বেসরকারি মহাবিদ্যালয় (পদাধিকারবলে);

(ঢ) কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ (পদাধিকারবলে);

(ণ) প্রধান শিক্ষক, স্থানীয় সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয় (পদাধিকারবলে);

(ত) অধিদপ্তর কর্তৃক মনোনিত জনপ্রশাসনে অভিজ্ঞতাসম্পন্ন দুই জন প্রতিনিধি; এবং

(থ) উপজেলা নির্বাহী অফিসার, যিনি উহার সদস্য সচিব হইবেন ।

(২) উপজেলা কমিটির মনোনিত সদস্যগণ তাঁহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বৎসর ছয় মাসের জন্য সদস্য পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, অধিদপ্তর যে কোন সময় তৎকর্তৃক প্রদত্ত মনোনয়ন বাতিল করিয়া নতুন কোন ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে।

৪। ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন। আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক ইউনিয়নে ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি নামে একটি ইউনিয়ন কমিটি থাকিবে, যাহা নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ

(ক) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, যিনি উহার সভাপতি হইবেনঃ

(খ) ইউনিয়ন পরিষদের সকল সদস্য;

(গ) ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সকল সদস্য;

(ঘ) মেডিকেল অফিসার, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র;

(ঙ) ইউনিয়ন উপ সহকারি কৃষি অফিসার;

(চ) ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা;

(ছ) গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ইউনিয়ন দলনেতা (পুরুষ);

(জ) ইউনিয়ন তথ্য সেবাকেন্দ্রের উদ্যোক্তা (পুরুষ);

(ঝ) স্থানীয় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক; এবং

(ঞ) সচিব, ইউনিয়ন পরিষদ যিনি উহার সদস্য-সচিব হইবেন।

**৫। উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি।-** উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে পরিষদ বা জেলা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা, যদি থাকে, প্রতিপালন করা;

(খ) পরিষদ বা জেলা কমিটির কার্যাবলি সম্পাদনে পরিষদ বা জেলা কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা;

(গ) ভোক্তা অধিকার বিষয়ে নাগরিকদের সচেতন করিবার জন্য প্রয়োজনীয় প্রচার কার্যক্রম পরিচালনাসহ (যেমন-প্যাম্পলেট, লিফলেট, ইত্যাদি বিতরণ ও পোস্টার, ইত্যাদি টানানো) সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা;

(ঘ) উপজেলা পর্যায়ের পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য অন্যান্য পণ্য উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি তদারক ও পরিবীক্ষণ করা;

(ঙ) পরিষদ বা জেলা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা; এবং

(চ) উপরি-উক্ত কার্যাবলি সম্পাদনের প্রয়োজনে আনুষঙ্গিক যে কোন কার্য সম্পাদন করা।

**৬ । ইউনিয়ন কমিটির দায়িত্ব ও কার্যাবলি ।-** ইউনিয়ন কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথাঃ

(ক) ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা, যদি থাকে, প্রতিপালন করা ;

(খ) পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটির কার্যাবলি সম্পাদনে পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা;

(গ) ভোক্তা অধিকার বিষয়ে নাগরিকদের সচেতন করিবার জন্য প্রয়োজনীয় প্রচার কার্যক্রম পরিচালনাসহ (যেমন-প্যাম্পলেট, লিফলেট, ইত্যাদি বিতরণ ও পোস্টার, ইত্যাদি টানানো) সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা;

(ঘ) ইউনিয়ন পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য অন্যান্য পণ্য উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি তদারক ও পরিবীক্ষণ করা;

(ঙ) পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা; এবং
(চ) উপরি-উক্ত কার্যাবলি সম্পাদনের প্রয়োজনে আনুষঙ্গিক যে কোন কার্য সম্পাদন করা।

**৭। উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সভা।** —(১) এই প্রবিধানমালার অন্যান্য প্রবিধান সাপেক্ষে, উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সভা উহার সদস্য- করিবেন : -সচিব সভাপতির সাথে আলোচনাক্রমে নির্ধারিত স্থান ও সময়ে আহ্বান করিবেন
তবে শর্ত থাকে যে, প্রতি মাসে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সভাপতি উক্ত কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে উপজেলা কমিটির ক্ষেত্রে, সভাপতির অনুপস্থিতিতে ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের অনুপস্থিতিতে মহিলা ভাইস চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করিবেন এবং ইউনিয়ন কমিটির ক্ষেত্রে, সভাপতির অনুপস্থিতিতে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ও মেডিকেল অফিসারের অনুপস্থিতিতে ইউনিয়ন পরিষদের একজন প্যানেল চেয়ারম্যান ক্রমিকানুযায়ী সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) অন্যূন ৭ (সাত) জন সদস্যের উপস্থিতিতে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সভার ফোরাম গঠিত হইবে।

(৫) শুধু কোন সদস্য পদে শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন ফোরামে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না ।

**৮ । উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির তহবিল।** —পরিষদ কর্তৃক বরাদ্দকৃত অর্থ উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির তহবিলে জমা হইবে।

**৯। উপজেলা ও ইউনিয়ন কমিটির তহবিলের ব্যয় এবং পরিচালনা।**—(১) এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার উপর অর্পিত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের লক্ষ্যে উহার তহবিলে রক্ষিত অর্থ হইতে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিতে পারিবে।

(২) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির পক্ষে মামলা দায়ের এবং উহার বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিতে পারিবে।

(৩) ল্যাবরেটরি পরীক্ষা, উহার ধরন অনুসারে, করিতে বা করাইতে পারিবে এবং উক্তরূপ পরীক্ষার জন্য বিভিন্ন ল্যাবরেটরিতে বা গবেষণাগারে নির্ধারিত ফি পরিশোধ করিতে পারিবে।

(৪) ভোক্তা অধিকার সংরক্ষণ তহবিল (হিসাব ও নিরীক্ষা) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৩ এ উল্লিখিত খাতসমূহের মধ্যে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির জন্য প্রযোজ্য, এইরূপ খাতে পরিষদের ন্যায় ব্যয় নির্বাহ করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ ব্যয় নির্বাহের পূর্বে পরিষদের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৫) উপ-প্রবিধান (৪) ব্যতিত উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির অন্যান্য প্রয়োজনীয় ব্যয় উহার তহবিল হইতে, সময়ে সময়ে, নির্বাহ করা হইবে এবং উক্তরূপ ব্যয় সংক্রান্ত একটি ত্রৈমাসিক বিবরণী পরিষদের নিকট পেশ করিবে ।

(৬) উপজেলা কমিটির ক্ষেত্রে উপজেলা কমিটির সভাপতি ও সদস্য সচিব এবং ইউনিয়ন কমিটির ক্ষেত্রে ইউনিয়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে, পরিষদ কর্তৃক অনুমোদিত তফসিলি ব্যাংকে জমাকৃত উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির তহবিলের অর্থ উত্তোলন করা যাইবে এবং তাঁহারা উক্ত তহবিল পরিচালনার জন্য সংশ্লিষ্ট কমিটি ও পরিষদ এর নিকট দায়ী থাকিবেন।

**১০। উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির হিসাব সংরক্ষণ পদ্ধতি।**- (১) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সভাপতির সার্বিক তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে উপজেলা ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব তহবিলের যাবতীয় হিসাব ও রেকর্ড সংরক্ষণ করিবেন।

(২) উপজেলা ও ইউনিয়ন কমিটির তহবিলের যাবতীয় অর্থের ব্যয় ও হিসাব সংরক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত উপজেলা কমিটির সদস্য সচিব উপজেলা কমিটির নিকট ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব ইউনিয়ন কমিটির নিকট দায়ী থাকিবেন এবং উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি পরিষদের নিকট দায়ী থাকিবে।

(৩) উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিলের জমা ও খরচের হিসাব বিবরণী "ফরম-ক" অনুসারে সংরক্ষণ করিতে হইবে এবং আইনের ধারা ১৬ এর অধিন হিসাব রক্ষণ ও নিরীক্ষার কাজে সহায়তার জন্য এতদ্‌সংশ্লিষ্ট সকল কাগজাদি, তথ্য, ভাউচার, ইত্যাদি সংরক্ষণ করিতে হইবে এবং এ সংক্রান্ত একটি পৃথক রেজিস্টারে সকল তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে।

(৪) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর হিসাব বিবরণী "ফরম-খ" অনুসারে পরিষদের সচিবের নিকট দাখিল করিবে এবং পরিষদের সচিব উক্ত বিবরণী পরিষদ সভায় উপস্থাপন করিবেনঃ

তবে শর্ত থাকে যে, উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার আয়-ব্যয় সংক্রান্ত বিবরণী প্রতি মাসে অনুষ্ঠিত উহার সভায় উপস্থাপন করিবে এবং সংশ্লিষ্ট কমিটির অনুমোদন সংক্রান্ত তথ্যাদি, আপত্তি থাকিলে, উহাসহ, পরিষদের নিকট দাখিল করিবে।

(৫) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব প্রতি অর্থ বৎসর শেষে উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর ক্যাশ বহি ও ব্যাংক একাউন্টের মধ্যে সমন্বয় সাধনের ব্যবস্থা করিবেন;

(৬) প্রবিধান ৯ এ উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন ও সম্পাদনের উদ্দেশ্যে প্রদত্ত অর্থের অব্যয়িত হিসাব (যদি থাকে) প্রতি বৎসর ১৫ জুন তারিখের মধ্যে অর্থ বরাদ্দকৃত কর্মকর্তা বরাবর প্রদান করিতে হইবে।

(৭) জেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর অর্থ ব্যয়ের জন্য "ফরম-ক" অনুসারে জমা ও খরচের হিসাব বিবরণী রেজিস্টার, দায়িত্বপ্রাপ্ত উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব সংরক্ষণ করিবেন।

**১১। আয় ও ব্যয়ের খাতওয়ারি শ্রেণীবিন্যাস।-**(১) উপজেলা ও ইউনিয়ন কমিটি কর্তৃক সকল আয় ও ব্যয় পৃথক হিসাবের খাতে বিন্যাস করিতে হইবে।

(২) সকল প্রকার ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ পৃথকভাবে প্রতিটি হিসাবের খাতে প্রদর্শন করিতে হইবে।

(৩) ভোক্তা অধিকার সংরক্ষণ তহবিল (হিসাব ও নিরিক্ষা) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধিান ৩ এবং এই প্রবিধানমালার প্রবিধান ৯ এ উল্লিখিত ব্যয়ের ক্ষেত্রে, প্রয়োজন অনুযায়ী, নির্ধারিত অর্থের হিসাব পৃথকভাবে যথাযথ হিসাবের খাতে নির্দিষ্ট করিতে হইবে।

**১২। বাজেট।-** প্রত্যেক উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার কী পরিমাণ অর্থের প্রয়োজন তাহার যথার্থতা উল্লেখপূর্বক, সরকারের নিকট উপস্থাপনের লক্ষ্যে, পরিষদের নিকট প্রতি বৎসর, পরিষদ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে পেশ করিবে ।

**১৩। হিসাব রক্ষণ ও নিরীক্ষা।-** (১) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি যথাযথভাবে উহার তহবিলের হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে অভিহিত, বা তাঁহার নিকট হইতে এতদ্‌উদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি প্রতি বৎসর উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি পরিষদ এবং সংশ্লিষ্ট কমিটির নিকট পেশ করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধিন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাঁহার নিকট হইতে এতদ্‌উদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সকল রেকর্ড, দলিল ও কাগজপত্র, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর যে কোন সদস্যকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন ।

# উপজেলা ক্রীড়া সংস্থা

উপজেলা ক্রীড়া সংস্থার কার্যনির্বাহী পরিষদ ২৫ (পঁচিশ) সদস্য বিশিষ্ট হইবে।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | উপজেলা নির্বাহী কর্মকর্তা (পদাধিকার বলে)। |
| সহ-সভাপতি | : | ০১ (এক) জন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত)। |
| | : | ০১ (এক) জন থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (পদাধিকার বলে)। |
| | : | ০২ (দুই) জন (নির্বাচিত)। |
| সাধারণ সম্পাদক | : | ০১ (এক) জন (নির্বাচিত)। |
| অতিরিক্ত সাধারণ সম্পাদক | : | ০১ (এক) জন (নির্বাচিত)। |
| যুগ্ম-সম্পাদক | : | ০২ (দুই) জন (নির্বাচিত)। |
| কোষাধ্যক্ষ | : | ০১ (এক) জন (নির্বাচিত)। |
| নির্বাহী সদস্য | : | ০৫ (পাঁচ) জন। উপজেলায় কর্মরত মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, স্বাস্থ্য কর্মকর্তা, যুব উন্নয়ন কর্মকর্তা, সমাজ সেবা কর্মকর্তা (পদাধিকার বলে)। |
| | : | ০৮ (আট) জন (নির্বাচিত)। |
| | : | ০২ (দুই) জন মহিলা সদস্য (সংরক্ষিত) (নির্বাচিত)। |

# উপজেলা শিল্পকলা একাডেমি

কার্যনির্বাহী কমিটি –

ক) কার্যনির্বাহী কমিটির মোট সদস্য সংখ্যা হইবে ১১ জন ।

সভাপতি - (পদাধিকার বলে)

সহ-সভাপতি - (নির্বাচিত)

সাধারণ সম্পাদক - (নির্বাচিত)

যুগ্ম সাধারণ সম্পাদক - (নির্বাচিত)

কোষাধ্যক্ষ – (পদাধিকার বলে)

সদস্য - ৬ (ছয়) জন, যাহার মধ্যে ২ (দুই) জন বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ কর্তৃক মনোনীত, ১ (এক) জন সভাপতি কর্তৃক মনোনীত ও বাকি ৩ (তিন) জন নির্বাচিত হইবেন।

উল্লেখ্য, উপজেলা শিল্পকলা একাডেমি "প্রশিক্ষণ কেন্দ্রের" কোন প্রশিক্ষক কার্যনির্বাহী/এডহক কমিটির কোন পদে থাকিতে বা যুক্ত হইতে পারিবেন না ।

খ) ১। পদাধিকারবলে সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিল্পকলা একাডেমি কার্যনির্বাহী কমিটির সভাপতি থাকিবেন।

২। উপজেলা কালচারাল অফিসার/একজন প্রথম শ্রেণির কর্মকর্তা পদাধিকারবলে কোষাধ্যক্ষের দায়িত্ব পালন করিবেন।

৩। উপজেলা শিল্পকলা একাডেমির কার্যনির্বাহী কমিটিতে "বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ," শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে খ্যাতিমান ২ (দুই) জন সদস্য মনোনীত করিবেন, যাহাদের মধ্যে ১ (এক) জন নারী থাকিবেন।

৪। সভাপতি শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে খ্যাতিমান একজন সদস্য মনোনীত করিবেন।

৫। উপজেলা কালচারাল অফিসার নিয়োগ এবং কার্যভার গ্রহণ না করা পর্যন্ত জেলা কালচারাল অফিসার কর্তৃক উপজেলা শিল্পকলা একাডেমির কার্যক্রম তত্ত্বাবধান ও মনিটরিং কাজ সম্পন্ন হইবে।

গ) কার্যনির্বাহী কমিটির সভাপতি, কোষাধ্যক্ষ ও মনোনীত সদস্য ব্যতীত অন্যান্য কর্মকর্তা ও সদস্যের নির্বাচনের দায়িত্ব নির্বাচন উপ-কমিটির নিকট ন্যস্ত থাকিবে।

ঘ) কার্যনির্বাহী কমিটি প্রতি ৩ বছরের জন্য গঠিত হইবে। কার্যনির্বাহী কমিটির মেয়াদ শেষ হইবার ৩ মাস পূর্বে একটি নির্বাচনী উপ-কমিটি গঠনপূর্বক নির্বাচন প্রক্রিয়া শুরু করিয়া উপরোক্ত সময়সীমার মধ্যে অবশ্যই নির্বাচনের সকল কার্যক্রম সম্পন্ন করিবার উদ্যোগ গ্রহণ করিবে। অতঃপর নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির নিকট পূর্ববর্তী কমিটি দায়িত্বভার হস্তান্তর করিবে ।

ঙ) দায়িত্ব গ্রহণের ৩ (তিন) বৎসর পর বিদ্যমান কার্যনির্বাহী কমিটি স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে ।

চ) কোন কারণে নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচনের মাধ্যমে নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা সম্ভব না হইলে সভাপতি এডহক কমিটি গঠন করিবেন। এডহক কমিটি ৫ (পাঁচ) সদস্যের হইবে এবং তাহার গঠন হইবে নিম্নরূপ: আহ্বায়ক- উপজেলা নির্বাহী অফিসার (পদাধিকার বলে) সদস্য-সচিব- উপজেলা কালচারাল অফিসার/ একজন প্রথম শ্রেণির

কর্মকর্তা (পদাধিকার বলে) সদস্য- ৩ (তিন) জন যাহার মধ্যে ২ (দুই) জন বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ কর্তৃক মনোনীত ও ১ (এক) জন আহ্বায়ক কর্তৃক মনোনীত হইবেন ।

ছ) গঠিত এডহক কমিটি বাংলাদেশ শিল্পকলা একাডেমি মহাপরিচালক বরাবর অনুমোদনের জন্য পাঠাইতে হইবে। তবে শর্ত থাকে যে, এই এডহক কমিটির মেয়াদকাল সর্বোচ্চ ০৬ মাসের জন্য বলবৎ থাকিবে এবং উক্ত ০৬ মাসের মধ্যে অবশ্যই নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে। কোন কারণে এই নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব না হইলে এ বিষয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং তাহা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

জ) যে সকল উপজেলায় কার্যনির্বাহী কমিটি নেই, সে সকল উপজেলায় এডহক কমিটি গঠনের ক্ষেত্রে এবং যে সকল উপজেলায় কার্যনির্বাহী কমিটি আছে তাহার মেয়াদান্তে 'বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ'- ২ (দুই) জন সদস্য মনোনয়ন প্রদান করিবে ।

ঝ) বাংলাদেশ শিল্পকলা একাডেমি পরিষদ কর্তৃক নির্বাচিত উপজেলা কার্যনির্বাহী কমিটির ক্ষেত্রে ৩ বছরের জন্য এবং এডহক কমিটির ক্ষেত্রে ১ বছরের জন্য ২ জন সদস্য মনোনীত করিবে।

অনুরূপ উপজেলা শিল্পকলা একাডেমির সভাপতি/ এডহক কমিটির আহ্বায়ক, নির্বাচিত কার্যনির্বাহী কমিটির ক্ষেত্রে ৩ বছরের জন্য এবং এডহক কমিটির ক্ষেত্রে ০৬ মাসের জন্য সদস্য মনোনীত করিবেন। মনোনীত সদস্যদের মেয়াদ শেষে অথবা কোন কারণে মনোনীত সদস্যের পদ শূন্য হইলে একই প্রক্রিয়ায় নতুন মনোনয়ন প্রদান করা যাইবে ।

ঞ) কার্যনির্বাহী/ এডহক কমিটি সাধারণভাবে প্রতি ৩ (তিন) মাসে অন্তত একবার সভায় মিলিত হইবে ।

ট) সাধারণ সম্পাদক/সদস্য-সচিব সভাপতির/ আহ্বায়কের সম্মতিক্রমে ৭ দিনের নোটিশে কার্যনির্বাহী কমিটির সভা আহ্বান করিবেন। তবে কোন জরুরি সভা ২৪ ঘণ্টার নোটিশেই আহ্বান করা যাইবে ।

ঠ) সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি সভায় সভাপতিত্ব করিবেন এবং সহসভাপতির অনুপস্থিতিতে কার্যনির্বাহী কমিটির কোষাধ্যক্ষ সভায় সভাপতিত্ব করিবেন। এডহক কমিটির ক্ষেত্রে আহ্বায়কের অনুপস্থিতিতে একজন জ্যেষ্ঠ সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

ড) সভার কোরামের ক্ষেত্রে এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে।

ঢ) কার্যনির্বাহী কমিটির/ এডহক কমিটির কোন সদস্য যদি কোন উপযুক্ত কারণ ব্যতীত উপর্যুপরি কমিটির ৩টি সভায় অনুপস্থিত থাকেন, তবে কমিটির সদস্য হিসেবে তাঁহার সদস্যপদ বাতিল বলিয়া গণ্য হইবে ।

ণ) মৃত্যু, পদত্যাগ অথবা অন্য কোন কারণে নির্বাচিত সদস্যদের কোন পদ শূন্য হইলে একই প্রক্রিয়ায় সেই শূন্য পদ পূরণ করা যাইবে। সেক্ষেত্রে, নির্বাচন উপকমিটির মাধ্যমে সাধারণ ও জীবন সদস্য কর্তৃক সরাসরি ভোটের মাধ্যমে কার্যনির্বাহী কমিটির শূন্য পদ পূরণ করিতে হইবে। এডহক কমিটির ক্ষেত্রে কোন সদস্য পদ শূন্য হইলে মনোনয়নকারী কর্তৃক উক্ত শূন্য পদে পুনরায় মনোনয়ন প্রদান করিতে হইবে।

ত) কার্যনির্বাহী/এডহক কমিটি উপজেলা শিল্পকলা একাডেমির বাজেটসহ বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করিবেন। বাংলাদেশ শিল্পকলা একাডেমি নির্দেশিত বছরব্যাপী অনুষ্ঠানমালা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক অনুষ্ঠানমালা, মন্ত্রণালয় নির্দেশিত বিভিন্ন অনুষ্ঠান ও স্থানীয়ভাবে গৃহীত সৃজনশীল উদ্যোগ উক্ত পরিকল্পনার অন্তর্ভুক্ত হইবে। উপজেলা শিল্পকলা একাডেমির সাধারণ তহবিল হইতে যে সব অনুষ্ঠানের ব্যয় নির্বাহ করা হইবে তাহা কার্যনির্বাহী/ এডহক কমিটি কর্তৃক অনুমোদিত হইতে হইবে। জরুরি প্রয়োজনে সভাপতি/ আহ্বায়ক আর্থিক অনুমোদন দিতে পারিবেন ।

থ) উপজেলা শিল্পকলা একাডেমির তহবিল ও সম্পদ কার্যনির্বাহী/এডহক কমিটির উপর ন্যস্ত থাকিবে। উপজেলা কালচারাল অফিসার সকল দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করিবেন। কার্যনির্বাহী কমিটির ক্ষেত্রে তিনি কোষাধ্যক্ষ ও এডহক কমিটির ক্ষেত্রে সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করিবেন।

# বাংলাদেশ স্কাউটস, উপজেলা নির্বাহী কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১. উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| ২. উপজেলা শিক্ষা অফিসার | : | সহ-সভাপতি |
| ৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | : | সহ-সভাপতি |
| ৪. প্রধান শিক্ষক, (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সহ-সভাপতি |
| ৫. প্রধান শিক্ষক, (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত | : | সহ-সভাপতি |
| ৬. প্রধান শিক্ষক, (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | কমিশনার |
| ৭. প্রধান শিক্ষক, (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সহ-কমিশনার |
| ৮. প্রধান শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৩ (তিনজন মহিলা ১জন) | : | সহ-কমিশনার |
| ৯. সহকারী শিক্ষক,মাধ্যমিক বিদ্যালয় ২জন মহিলা | : | সহ-কমিশনার |
| ১০. সহকারী শিক্ষক,সরকারি প্রাথমিক বিদ্যালয় | : | কোষাধ্যক্ষ |
| ১১. সিনিয়র শিক্ষক মাধ্যমিক বিদ্যালয় | : | সম্পাদক |
| ১২. প্রধান শিক্ষক সরকারি প্রাথমিক বিদ্যালয় | : | যুগ্ম সম্পাদক |
| ১৩. স্কাউট লিডার মাধ্যমিক বিদ্যালয় | : | উপজেলা স্কাউট লিডার |
| ১৪. কাব লিডার প্রাথমিক বিদ্যালয় | : | উপজেলা কাব লিডার |
| ১৫. প্রধান শিক্ষক সরকারী প্রাথমিক বিদ্যালয় ২ (দুই জন) | : | গ্রুপ সভাপতি |
| ১৬. প্রধান শিক্ষক মাধ্যমিক বিদ্যালয় ২(দুই জন) | : | গ্রুপ সভাপতি |
| ১৭. সুপারিনটেন্ডেন্ট, দাখিল মাদ্রাসা | : | প্রতিনিধি সদস্য |
| ১৮. প্রধান শিক্ষক সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩ (তিন জন) | : | প্রতিনিধি সদস্য |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা ভূমি অফিস

# উপজেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি

| | | |
|---|---|---|
| (ক) সংসদ সদস্য (সংশ্লিষ্ট) | : | উপদেষ্টা |
| (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ | : | উপদেষ্টা |
| ১. উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| ২. উপজেলা কৃষি কর্মকর্তা | : | সদস্য |
| ৩. ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা | : | সদস্য |
| ৪. উপজেলা সমবায় কর্মকর্তা | : | সদস্য |
| ৫. বন বিভাগের সংশ্লিষ্ট রেঞ্জ অফিসার | : | সদস্য |
| ৬. উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য |
| ৭. চেয়ারম্যান, ইউ.সি.সি.এ | : | সদস্য |
| ৮. ইউ.পি চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়নের জন্য) | : | সদস্য |
| ৯. বিত্তহীন সমবায় সমিতির ১জন প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১০. উপজেলা কৃষক সংগঠনের একজন প্রতিনিধি (মাননীয় ভূমিমন্ত্রী কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১১. স্থানীয় সৎ, নিষ্ঠাবান ও জনহিতকর কার্যে উৎসাহী একজন গণ্যমান্য ব্যক্তি (জেলা প্রশাসক সংশ্লিষ্ট সংসদ সদস্যদের সহিত পরামর্শক্রমে মনোনয়ন দিবেন)। | : | সদস্য |
| ১২. স্থানীয় কলেজ কিংবা হাইস্কুলের প্রধান (একজন) (জেলা প্রশাসক সংশ্লিষ্ট সংসদ সদস্যদের সহিত পরামর্শক্রমে মনোনয়ন দিবেন)। | : | সদস্য |
| ১৩. উপজেলা মুক্তিযোদ্ধা সংগঠনের একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি (মাননীয় ভূমিমন্ত্রী কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৪. একজন মহিলা প্রতিনিধি (উপজেলা কৃষি খাসজমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৫. সহকারী কমিশনার (ভূমি) | : | সদস্য-সচিব |

# উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | আহ্বায়ক |
| ০২ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ০৩ | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ০৪ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ০৬ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা | সদস্য |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ০৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ০৯ | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ১০ | অনুমোদিত মৎস্যজীবী সংগঠনের দুইজন প্রতিনিধি (উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১ | স্থানীয় একজন বিশিষ্ট ব্যক্তি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২ | উপজেলা পর্যায়ে কৃষি সংগঠনের একজন প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩ | উপজেলা পর্যায়ে নারী সংগঠনের একজন প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৪ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য-সচিব |

যে উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) নেই, সে উপজেলায় উপজেলা সমবায় কর্মকর্তা সদস্য-সচিব হিসাবে দায়িত্ব পালন করবেন। আহ্বায়কসহ ন্যূনতম ৫(পাঁচ) জন সদস্য নিয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির কোরাম গঠিত হবে।

(২) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটিতে এক নম্বর উপদেষ্টা হিসেবে থাকবেন সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য/সদস্যগণ এবং দুই নম্বর উপদেষ্টা হিসেবে থাকবেন সংশ্লিষ্ট এলাকার উপজেলা পরিষদ চেয়ারম্যান ।

(৩) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির কার্যাবলীঃ

(ক) ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহালের ব্যবস্থাপনা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সম্পাদিত হবে। এই নীতি অনুসারে ৫ নং ক্রমিকের (১),(২),(৩),(৪) ও (১১) এ বর্ণিত জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যে পদ্ধতিতে প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি সরকারি বদ্ধ জলমহাল ইজারা বন্দোবস্ত করবেন, সেই একই পদ্ধতি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি অনুসরণ করে জলমহাল ইজারা/ব্যবস্থাপনা দিবেন।

(খ) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি ২০ একর পর্যন্ত জলমহালসমূহ প্রতি ৩(তিন) বছরের জন্য ইজারা প্রদান করবেন। কোন জলমহাল একাধিক উপজেলা সংশ্লিষ্ট হলে, বেশির ভাগ জলমহাল যে উপজেলায় অবস্থিত সে উপজেলায় কমিটি হবে এবং বাকি অংশবিশেষ যে উপজেলা ও উপজেলাসমূহে অবস্থিত হবে সে সকল উপজেলা/উপজেলাসমূহের সহকারী কমিশনার (ভূমি) সদস্য হিসাবে সংযুক্ত হবে।

(গ) সংশ্লিষ্ট উপজেলার অন্তর্গত মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতিগুলির কার্যক্রম বিধি মোতাবেক চলছে কিনা তা পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনা করা;

(ঘ) যে সকল সমবায় সমিতি/সমিতি/ ইজারা গ্রহীতা জলমহাল ব্যবস্থাপনার আওতায় জলমহাল ইজারা গ্রহণ করেছে, সেগুলি ইজারার শর্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করছে কিনা তা পরিদর্শন ও মূল্যায়ন করা;

(ঙ) জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক চাহিত তথ্য/মতামত/সুপারিশ প্রেরণ করা/প্রত্যয়ন পত্র প্রদান করা;

(চ) জরিপপূর্বক প্রকৃত মৎস্যজীবীদের তালিকা তৈরির ব্যবস্থা করা (ছবি সহ);

(ছ) উপজেলার ভৌগোলিক সীমায় অবস্থিত সকল জলমহাল এর ব্যবস্থাপনা যথাযথভাবে পরিচালিত হচ্ছে কিনা তা পরিদর্শন ও মূল্যায়ন করে মতামত ও সুপারিশসহ একটি বিস্তারিত প্রতিবেদন (ভূমি মন্ত্রণালয়ের নির্দিষ্ট ছকে) প্রতি বছর ১৫ চৈত্রের মধ্যে জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবেন।

(৪) কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সমিতি/প্রতিষ্ঠান দু'টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবেন না।

(৫) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে কোন সমবায় সমিতি/সমিতি সংক্ষুব্ধ হলে ও জামানতের অর্থ ফেরত না নিয়ে থাকলে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট আপিল দায়ের করতে পারবেন এবং জেলা প্রশাসক ৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে আপিল নিষ্পত্তি করবেন। জেলা প্রশাসকের সিদ্ধান্তের বিরুদ্ধে সর্বশেষ ধাপ হিসাবে ৭(সাত) কর্ম দিবসের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের নিকট আপিল দায়ের করা যাবে এবং বিভাগীয় কমিশনার ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে চূড়ান্তভাবে আপিল নিষ্পত্তি করবেন।

(৬) ইজারা বিজ্ঞপ্তিতে নতুন জলমহালের অন্তর্ভুক্তি, কোন জলমহাল বিলুপ্তি এবং কোন জলমহালের আয়তন হ্রাস/বৃদ্ধি ও তফসীল পরিবর্তনের ক্ষেত্রে বিজ্ঞপ্তি প্রদানের পূর্বে উপজেলা নির্বাহী অফিসারগণ জেলা প্রশাসকের অনুমতি গ্রহণ করবেন।

(৭) প্রতি বছর ইজারাযোগ্য জলমহালের তালিকা তৈরি করে উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতি বছর ১ মাঘ হতে জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান করবেন।

আশ্রয়ণ-২ প্রকল্প

## উপজেলা টাস্কফোর্স

আশ্রয়ণ-২ প্রকল্পের কার্যাবলী সুষ্ঠু বাস্তবায়ন এবং নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা পর্যায়ে “আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়নে উপজেলা টাস্কফোস” গঠিত হবে। এই টাস্কফোর্স উপজেলা পর্যায়ে আশ্রয়ণ-২ প্রকল্পে বিভিন্ন বিভাগ/দপ্তরের কাজের অগ্রগতি পর্যালোচনা করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্তির ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রকল্প বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা দেখা দিলে তা দূর করবে। উপজেলা টাস্কফোর্স এই প্রকল্প বাস্তবায়নে যুক্ত বিভিন্ন বিভাগ ও সংস্থার কাজের মধ্যে সমন্বয় সাধন করবে। উপজেলা টাস্কফোর্স খাস জমি উদ্ধার, দানকৃত/ক্রয়কৃত জমি এবং রিজিউমকৃত জমি চিহ্নিত করে আশ্রয়ণ-২ প্রকল্প গ্রাম প্রতিষ্ঠার নিমিত্তে যথাযথভাবে স্থান নির্বাচন ও প্রস্তাব প্রেরণ করবে, অনুমোদিত নীতিমালা অনুযায়ী ভূমিহীন ও গৃহহীন পরিবার বাছাই করে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবে, নির্বাচিত সুবিধাভোগীগণকে আশ্রয়ণ-২ গ্রামে পুনর্বাসন করবে। এছাড়াও আশ্রয়ণ-২ প্রকল্প প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক সময়ে সময়ে অর্পিত দায়িত্বাবলী পালন করবেন। “আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স” মাসে ন্যূনতম একটি সভা অনুষ্ঠান করবেন (কমিটির রূপরেখা পরিশিষ্ট ‘চ’)।

পরিশিষ্ট ‘চ’

| | | |
|---|---|---|
| ১. স্থানীয় মাননীয় সংসদ সদস্য/সরকার কর্তৃক মনোনীত মাননীয় সংসদ সদস্য | : | উপদেষ্টা |
| ২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ | : | উপদেষ্টা |
| ৩. উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| ৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | : | সদস্য |
| ৫. উপজেলা কৃষি অফিসার | : | সদস্য |
| ৬. উপজেলা মৎস্য অফিসার | : | সদস্য |
| ৭. উপজেলা প্রকৌশলী | : | সদস্য |
| ৮. সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | : | সদস্য |
| ৯. উপজেলা প্রাণিসম্পদ অফিসার | : | সদস্য |
| ১০. উপজেলা সমাজসেবা অফিসার | : | সদস্য |
| ১১. উপজেলা সমবায় অফিসার | : | সদস্য |
| ১২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | : | সদস্য |
| ১৩. উপজেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| ১৫. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| ১৬. অফিসার ইন-চার্জ (ওসি), সংশ্লিষ্ট থানা | : | সদস্য |
| ১৭. উপজেলা সাব রেজিষ্ট্রার | : | সদস্য |
| ১৮. উপজেলা মহিলা বিষয়ক অফিসার | : | সদস্য |
| ১৯. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | : | সদস্য |
| ২০. সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান | : | সদস্য |
| ২১. সমাজকর্মী (পুরুষ) {মনোনীত ০১ জন } | : | সদস্য |
| ২২. সমাজকর্মী (মহিলা) {মনোনীত ০১ জন } | : | সদস্য |
| ২৩. সহকারী কমিশনার (ভূমি) | : | সদস্য-সচিব |

পরিশিষ্ট ‘ছ’

ঋণ প্রদান ও আদায় কমিটি

| | | |
|---|---|---|
| (১) উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| (২) সহকারী কমিশনার (ভূমি) | : | সদস্য |
| (৩) উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য |
| (৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |

| | | |
|---|---|---|
| (৫) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য |
| (৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| (৭) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| (৮) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | : | সদস্য |
| (৯) উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | : | সদস্য |
| (১০) উপজেলা মৎস্য কর্মকর্তা | : | সদস্য |
| (১১) স্থানীয় এনজিও প্রতিনিধি | : | সদস্য |
| (১২) উপজেলা সমবায় কর্মকর্তা | : | সদস্য-সচিব |

# হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৩

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-২ শাখা।

স্মারক নং প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২)    তারিখঃ ১৯-০৪-২০০৩ খ্রিস্টাব্দ / ০৬-০১-১৪১০ বঙ্গাব্দ

বিষয়: হস্তান্তরিত ফেরীঘাটের ইজারা ও ব্যবস্থাপনা এবং উদ্ভূত আয় বণ্টন সম্পর্কে নীতিমালা।

উপরোক্ত বিষয়ে ইতোঃপূর্বে জারীকৃত সকল নির্দেশিকা বাতিল করতঃ নিম্নবর্ণিত বিধানসমূহ সংশ্লিষ্ট সকলের অবগতি ও অনুসরণের জন্য জারী করা হইল:

১। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ:

সড়ক ও জনপথ বিভাগ, নৌ-পরিবহন কর্তৃপক্ষ এবং জেলা পরিষদ কর্তৃক পরিচালিত ফেরী ঘাট ব্যতীত হস্তান্তরিত ফেরী ঘাটের ব্যবস্থাপনা ও ইজারা প্রদানের দায়িত্ব নিম্নে বর্ণিত নীতিমালা অনুসারে সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানের উপর বর্তাইবে।

(ক) (১) ফেরীঘাটের উভয় পাড় একই ইউনিয়নের মধ্যে অবস্থিত এই ধরণের এক বা একাধিক ফেরীঘাটের ইজারা মূল্য (১৪০০ বাং গনের ইজারা মূল্যকে ভিত্তি ধরিয়া) সর্বমোট অনুর্ধ্ব ২০,০০০ টাকা (কুড়ি হাজার) হইলে সেই ফেরীঘাট/ঘাটগুলি উক্ত ইউনিয়ন পরিষদের ব্যবস্থাধীন পরিচালিত হইবে এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ টেন্ডার কমিটি সর্বোচ্চ দরদাতার (হাট-বাজার ইজারার জন্য গঠিত) কর্তৃক নিলাম ডাক শেষে সুপারিশ/মতামতসহ নিলাম অনুমোদনের জন্য ইউনিয়ন পরিষদের বিশেষ সভার উপস্থাপন করিবে এবং ইউনিয়ন পরিষদের অনুমোদনক্রমে ইজারা বন্দোবস্ত প্রদান করিবে। উল্লেখ্য যে, বিজ্ঞপ্তির কপি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়সহ ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ করিতে হইবে। অন্যথায় টেন্ডার কার্যক্রম বাতিল বলিয়া গণ্য হইবে। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক ইউনিয়ন টেন্ডার কমিটি গঠন করিতে হইবে। কমিটির গঠন পদ্ধতি নিম্নরূপ:

| | |
|---|---|
| (ক) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ | আহ্বায়ক |
| (খ) ইউনিয়ন পরিষদের সকল সদস্য | সদস্য |
| (গ) একজন সরকারি কর্মকর্তা (উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| (ঘ) ইউনিয়নস্থ উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষক (উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| (ঙ) ইউনিয়ন তহশিলদার | সদস্য |
| (চ) ইউনিয়ন পরিষদ সচিব | সদস্য-সচিব |

(২) একই ইউনিয়নে অবস্থিত ২০,০০০ (কুড়ি হাজার) টাকার উর্ধ্ব মূল্যের ফেরীঘাটের ইজারা ব্যবস্থাপনা কার্যক্রম সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গৃহীত হইবে যাহা উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি কর্তৃক বিবেচনা ও অনুমোদনের পর ইজারা প্রদান করিতে হইবে। বিজ্ঞপ্তির কপি জেলা প্রশাসক, পুলিশ সুপার, সিভিল সার্জন, পৌরসভা কার্যালয়ে প্রেরণ করিতে হইবে, অন্যথায় ইজারা কার্যক্রম অবৈধ বলে গণ্য হইবে।

(খ) একই উপজেলার মধ্যে অবস্থিত আন্তঃইউনিয়ন ফেরীঘাট এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নিয়ন্ত্রিত ফেরীঘাটসমূহ উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির অনুমোদনক্রমে ইজারা প্রদান করিতে হইবে। কমিটির গঠন পদ্ধতি হইবে নিম্নরূপ:

| | |
|---|---|
| (১) উপজেলা নির্বাহী কর্মকর্তা | আহ্বায়ক |
| (২) সহকারী কমিশনার | সদস্য |
| (৩) উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২ (মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.৪৬.০৬.০০২.১০.১৭৩ (১০০০) তারিখ-০১/০৪/২০১৮।

পরিপত্র

বিষয়: পুরাতন মালামাল/ গাছ নিলামে বিক্রয় প্রসঙ্গে

ভূমি মন্ত্রণালয়ের ২০/০৫/২০০২ তারিখের ভূঃমঃ/শা- ১২ (মাঃপ্রঃ)-০৭/২০০১-১৯০ (৫০০) নং পরিপত্রের আংশিক সংশোধনক্রমে বিভিন্ন জেলায় রাজস্ব বিভাগের আওতাধীন পুরাতন স্থাপনা বা ভবন নিলামে বিক্রয়কালে ভবনের ইট, লোহা ইত্যাদি, মালামাল পর্যায়ে বিক্রি করা হয়ে থাকে বিবেচনায় পুরাতন ভবন/স্থাপনা কে পুরাতন মালামাল হিসেবে গন্য করে রাজস্ব বিভাগের আওতাধীন পুরাতন মালামাল/গাছ প্রকাশ্য নিলামে বিক্রয়/ জেলা ও উপজেলা পর্যায়ে পরিপক্ষ ঝরে পড়া এবং মৃত গাছ কর্তনের দায়িত্ব সম্পাদনের জন্য প্রতিটি জেলা ও থানায় নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে দুইটি কমিটি গঠন করা হলোঃ-

জেলা কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১। জেলা প্রশাসক | : | সভাপতি |
| ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) | : | সদস্য |
| ৩। ডি, এফ, ও | : | সদস্য |
| ৪। নির্বাহী প্রকৌশলী (এল,জি,ই,ডি) | : | সদস্য |
| ৫। সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) | : | সদস্য |
| ৬। রেভিনিউ ডেপুটি কালেক্টর | : | সদস্য সচিব |

থানা কমিটিঃ

| | |
|---|---|
| ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ২। বন বিভাগের একজন কর্মকর্তা (থানায় কর্মরত) | সদস্য |
| ৩। থানা প্রকৌশলী | সদস্য |
| ৪। সহকারী কমিশনার (ভূমি) | সদস্য সচিব |

০২। বিক্রয়ের অনুমোদনের ক্ষমতা বিভাগীয় কমিশনারের পরিবর্তে জেলা প্রশাসকের উপর ন্যস্ত করা হলো।

০৩। প্রতিটি ক্ষেত্রে এস.এ শাখার উপ-সহকারী প্রকৌশলী/ বন বিভাগের একজন প্রতিনিধি কর্তৃক বিক্রয়ের (যথাক্রমে মালামালের/গাছের মূল্য নির্ধারণের ভিত্তিতে) কার্যক্রম গ্রহণ করতে হবে। যে সকল জেলায় এস.এ শাখায় সহকারী প্রকৌশলী নেই, সে ক্ষেত্রে এস.এ শাখার উপ-সহকারী প্রকৌশলী/ওভারশিয়ার কর্তৃক বিক্রয়যোগ্য মালামালের মূল্য নির্ধারণের পর তা থানা প্রকৌশলী কর্তৃক যাচাই করা যেতে পারে।

০৪। শুধুমাত্র জরুরি ভিত্তিতে কোন গাছ অথবা মালামাল বিক্রয়ের প্রয়োজন হইলে, সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা তাহা বিক্রয় করিতে পারিবেন। তবে উভয় ক্ষেত্রে যথাক্রমে বিভাগীয় কমিশনার বা জেলা প্রশাসককে জরুরি ভিত্তিতে বিক্রয়ের বিষয়টি বিস্তারিত জানাইয়া রাখিতে হইবে এবং স্ব স্ব কমিটির পরবর্তী সভায় তাহা আলোচনা করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

০৫। জেলা ও উপজেলা পর্যায়ে সম্পূর্ণ ঝরেপড়া এবং মৃত গাছ কর্তনের চূড়ান্ত অনুমোদনের এখতিয়ার সংশ্লিষ্ট জেলা প্রশাসকের।

০৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ও নির্দেশক্রমে এ পরিপত্র জারি করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ মনিরুজ্জামান মিঞা)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২

# উপজেলা নদী রক্ষা কমিটি

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | আহ্বায়ক |
| ০২ | পৌরসভার মেয়র (এক/একাধিক) | সদস্য |
| ০৩ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ০৪ | সংশ্লিষ্ট উপজেলার দায়িত্বপ্রাপ্ত উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| ০৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৬ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ০৮ | উপজেলা মৎস কর্মকর্তা | সদস্য |
| ০৯ | উপজেলা প্রকৌশলী | সদস্য |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৩ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১৪ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১৫ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ১৬ | উপজেলা স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ২ জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৭ | গণমাধ্যম প্রতিনিধি ১ জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৮ | নদী বিষয়ে কাজ করে এমন এনজিওর প্রতিনিধি (এক/একাধিক)<br>(উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৯ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য সচিব |

# উপজেলা ভূমি সংস্কার কমিটি

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | চেয়ারম্যান |
| ০২ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৩ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ০৪ | উপজেলা রাজস্ব কর্মকর্তা | সদস্য সচিব |
| ০৫ | সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা | সদস্য |
| ০৬ | ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা | সদস্য |
| ০৭ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ০৮ | স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ০৯ | সংশ্লিষ্ট ইউপি ওয়ার্ডের সদস্যগণ | সদস্য |
| ১০ | সংশ্লিষ্ট তহশীলদার | সদস্য |
| ১১ | বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন (এনজিও) প্রতিনিধি<br>(যেখানে থাকবে সেখানে মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২ | উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত- ১জন<br>(ক) কৃষক সমবায় সমিতির প্রতিনিধি – ১ জন<br>(খ) মহিলা সমবায় সমিতির প্রতিনিধি – ১ জন<br>(গ) বিত্তহীন সমবায় সমিতির প্রতিনিধি – ১ জন | সদস্য |
| ১৩ | সেচ্ছাসেবী সংগঠন কর্তৃক গঠিত গ্রুপ বা সমিতির প্রতিনিধি (যেখানে আছে) – ১ জন | সদস্য |
| ১৪ | স্থানীয় সৎ নিষ্ঠাবান এবং জনহিতকর কার্যে উৎসাহী ব্যাক্তি (স্থানীয় এমপি মনোনীত) – ১ জন | সদস্য |
| ১৫ | স্থানীয় সৎ নিষ্ঠাবান এবং জনহিতকর কার্যে উৎসাহী ব্যাক্তি (উপজেলা চেয়ারম্যান মনোনীত) – ১ জন | সদস্য |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ শাখা

# পরিপত্র

স্মারক:-স্থাসবি/ইপি/বিবিধ-০৫/২০০৪/১২৬৩(৫০৫০) তারিখঃ ২৮-১০-০৮ খ্রিঃ

বিষয়: ইউনিয়ন পরিষদের মালিকানাধীন/নিয়ন্ত্রনাধীন রাস্তা/জমিতে ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপণকৃত পরিপক্ক, ঝড়ে উপড়ে পড়া ও মরা গাছ বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থ ব্যবহার প্রসংগে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের ২৫-০৫-২০০০ তারিখের প্রজেক্ট-৩/বিবিধ-২৪/৯৯/৪৫৩(৫২৮) নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন রাস্তা/জমিতে ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপণকৃত পরিপক্ক গাছ, ঝড়ে উপড়ে পড়া ও মরা গাছ বিক্রয় ও বিক্রয়লব্ধ অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

২। ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপণকৃত পরিপক্ক গাছ কর্তনপূর্বক বিক্রয়ের জন্য ইউনিয়ন পরিষদ সভায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক কার্যবিবরণীসহ উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রস্তাব প্রেরণ করতে হবে। প্রস্তাবসমূহ বিবেচনার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ১) | উপজেলা নির্বাহী অফিসার | : | আহ্বায়ক |
| ২) | উপজেলা প্রকৌশলী | : | সদস্য |
| ৩) | উপজেলা কৃষি কর্মকর্তা | : | সদস্য |
| ৪) | বিভাগীয় বন কর্মকর্তার প্রতিনিধি | : | সদস্য |
| ৫) | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | : | সদস্য |
| ৬) | সহকারী কমিশনার (ভূমি) | : | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি:

ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক রোপনকৃত পরিপক্ক গাছ কর্তনপূর্বক বিক্রয়ের জন্য ইউনিয়ন পরিষদ সভার সিদ্ধান্ত ও কার্যবিবরণীসহ প্রস্তাব পাওয়ার পর উপরে বর্ণিত কমিটি গাছ বিক্রয়ের যৌক্তিকতা, পরিবেশগত অবস্থা বিবেচিত ও বিক্রয়যোগ্য গাছের মূল্য নির্ধারণপূর্বক ৫.০০(পাঁচ) লক্ষ টাকা মূল্যমান পর্যন্ত গাছের ক্ষেত্রে উপযুক্ত বিবেচিত হলে নিলাম বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

খ) মূল্যমান ৫.০০(পাঁচ) লক্ষ টাকার অধিক হলে উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসক এর কাছে অনুমোদনের প্রস্তাব প্রেরণ করবেন। উপযুক্ত বিবেচিত হলে জেলা প্রশাসক প্রস্তাব প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবেন, তা না হলে উপজেলা কমিটির সিদ্ধান্ত প্রদান করবেন, তা না হলে উপজেলা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে বিবেচিত হবে। অনুমোদন প্রাপ্তির পর উপজেলা নির্বাহী অফিসার সরকারের প্রচলিত নীতিমালা অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে তা নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

গ) ঝড়ে ও অন্যান্য কারণে উপড়ে পড়া এবং বিভিন্ন কারণে মৃত গাছ বিক্রয়ের ক্ষেত্রে এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য কোন জীবিত অপরিপক্ক গাছ অপসারণের প্রয়োজন হলে উক্ত কমিটি আনুমানিক মূল্য নির্ধারণপূর্বক বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

৩। উভয়ক্ষেত্রে যে স্থান থেকে গাছ কর্তন করা হবে, উক্ত স্থানে ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রয়োজনীয় সংখ্যক নতুন গাছ রোপণ করতে হবে।

৪। উক্তরূপ নিলাম বিক্রয়লব্ধ অর্থ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের অনুকূলে প্রেরণ করবেন এবং ইউনিয়ন পরিষদ তাদের হিসাব জমা করাবে। ইউনিয়ন পরিষদ বার্ষিক উন্নয়ন সহায়তা থেকে বরাদ্দ ব্যবহার নীতিমালা মোতাবেক এবং সরকারী ক্রয় আইন, ২০০৮ অনুসরণপূর্বক উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নে উক্ত অর্থ ব্যয় করতে হবে। তবে ইউনিয়ন পরিষদ থেকে উন্নয়নমূলক কাজের প্রস্তাব প্রাপ্তির সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার

প্রাথমিক যাচাই বাছাইপূর্বক উপজেলা প্রকৌশলীর প্রাক্কলনসহ প্রকল্প প্রস্তাব অনুমোদন করবেন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। বর্ণিত বিষয়ে পূর্ববর্তী সকল নির্দেশনা এতদ্বারা বাতিল করা হলো।

৬। এমতাবস্থায় সরকারের উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
(আখতারী বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৭১৬৭১৪৫

বিতরণ:

১। বিভাগীয় কমিশনার (সকল)
২। জেলা প্রশাসক (সকল)
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)

স্মারক:-স্থাসবি/ইপি/বিবিধ-০৫/২০০৪/১২৬৩(৫০৫০) তারিখঃ ২৮-১০-০৮ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা।

স্বাক্ষরিত
(আখতারী বেগম)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা: ০৩.০০.২৬৯০.০৮২.০৬.০০১.২০২২-১২ তারিখ: ০৯ শ্রাবণ ১৪২৯ / ২৪ জুলাই ২০২২

প্রজ্ঞাপন

দেশের সকল উপজেলায় নিম্নোক্তরূপে 'সামাজিক-সম্প্রীতি কমিটি' গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ০১. | মাননীয় সংসদ সদস্য | : | প্রধান উপদেষ্টা |
| ০২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | : | উপদেষ্টা |
| ০৩. | উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| ০৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | : | সদস্য |
| ০৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | : | সদস্য |
| ০৬. | উপজেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ০৭. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য |
| ০৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| ০৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১০. | থানার অফিসার ইন চার্জ | : | সদস্য |
| ১১. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | : | সদস্য |
| ১২. | মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত প্রতিনিধি (২ জন) | : | সদস্য |
| ১৩. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | : | সদস্য |
| ১৪. | ভাইস চেয়ারম্যান (সকল), উপজেলা পরিষদ | : | সদস্য |
| ১৫. | বীর মুক্তিযোদ্ধা (২ জন) | : | সদস্য |
| ১৬. | স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ প্রধান শিক্ষক (৩ জন) | : | সদস্য |
| ১৭. | স্থানীয় মাদ্রাসার অধ্যক্ষ/সুপার/শিক্ষক (৩ জন) | : | সদস্য |
| ১৮. | স্থানীয় মসজিদের ইমাম (২ জন) | : | সদস্য |
| ১৯. | স্থানীয় মন্দির/গির্জা/অন্যান্য উপাসনালয়ের প্রতিনিধি (২ জন) | : | সদস্য |
| ২০. | স্থানীয় গন্যমান্য ব্যক্তি (৩ জন)<br>(রাজনীতিবিদ, ব্যবসায়ী ও অন্যান্য পেশার) | : | সদস্য |
| ২১. | কলেজ/বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী (৩ জন) | : | সদস্য |
| ২২. | নারী প্রতিনিধি (৩ জন) | : | সদস্য |
| ২৩. | ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতিনিধি (যদি থাকে) (১ জন) | : | সদস্য |
| ২৪. | সহকারি কমিশনার (ভূমি) | : | সদস্য-সচিব |

<u>কমিটির কার্যপরিধি:</u>

ক) এ কমিটি উপজেলায় সম্প্রীতি-সমাবেশ, উদ্বুদ্ধকরণ সভা, জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে বিদ্যমান আন্তঃধর্মীয় সম্পর্ক ও সামাজিক বন্ধনকে সুসংহত রাখাসহ অসাম্প্রদায়িক চেতনায় ধর্মীয় ও সামাজিক বন্ধনকে এগিয়ে নিতে সর্বদা সচেষ্ট থাকবে;

খ) ধর্মীয় উগ্রবাদ, জঙ্গীবাদ, সহিংসতা ও সন্ত্রাসবাদকে প্রতিহত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রচার ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ করবে;

গ) সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধকল্পে প্রয়োজনীয় প্রচার ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করবে;

ঘ) মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডাসহ সকল উপাসনালয়ের নিরাপত্তা বিধানে কার্যকর সহায়তা প্রদান করবে;

ঙ) সকল ধর্মীয় উৎসব যথাযথ ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার মাধ্যমে উদযাপনের পরিবেশকে অক্ষুন্ন রাখতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;

চ) বিভিন্ন ধর্মের শান্তি ও সৌহার্দের বাণীসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মোঃ তোফাজ্জল হোসেন মিয়া)
সিনিয়র সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়

পত্র নং: ০৩.০০.২৬৯০.০৮২.০৬.০০১.২০২২-১২

তারিখ: ০৯ শ্রাবণ ১৪২৯
২৪ জুলাই ২০২২

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সিনিয়র সচিব/সচিব .... (সকল)
০৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০৪. বিভাগীয় কমিশনার (সকল)
০৫. মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০৬. জেলা প্রশাসক (সকল)
০৭. পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০৮. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১০. প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েব সাইট- www.pmo.gov.bd

(মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি)
মহাপরিচালক (প্রশাসন)
ফোনঃ +88-02-55029500
ই-মেইলঃ dg4@pmo.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি প্রশাসন বোর্ড
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা ও হস্তান্তর সম্বন্ধে বিশেষ নির্দেশাবলী ।

১। অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা ও হস্তান্তর প্রসংগে যে যে নির্দেশ বাংলাদেশ সরকার ও ভূমি প্রশাসন বোর্ড কর্তৃক ইতিপূর্বে দেওয়া হয়েছে তার উপর ভিত্তি করে নির্দেশাবলী পুনঃইস্যু করার নিমিত্ত বিভিন্ন জেলা থেকে অনুরোধ করা হয়েছে।

২। অর্পিত সম্পত্তি সম্বন্ধে : এ অধ্যাদেশ সরকার জারী করেছিলেন তা হলোঃ

(১) ইং ১৯৭৪ সনের ৪৫ নং অধ্যাদেশ ও
(২) ইং ১৯৭৬ সনের ১৩ নং অধ্যাদেশ।

৩ । অর্পিত সম্পত্তির ব্যবস্থাপন সম্বন্ধে বাংলাদেশ সরকার ২৩শে মে ১৯৭৭ সনে যে নির্দেশ জারী করেছিলেন, (সার্কুলার নং-এ/৮৮/১৫৬-আর, এল, তাং ২৩-৫-৭৭ এতে প্রতীয়মান হয় যে অর্পিত সম্পত্তি নিম্ন প্রকারেরঃ

(১) অকৃষি জমি,
(২) পন্ডিত অকৃষি জমি,
(৩) বাড়ীঘর কাঁচা পাকা গ্রামাঞ্চলে অবস্থিত,
(৪) শহর অঞ্চলে কাঁচা পাকা বাড়ীঘর ও তৎসংলগ্ন জমি,
(৫) দোকান; গুদামঘর ইত্যাদি,
(৬) ফলের বাগান ইত্যাদি,
(৭) পুকুর, জলাশয়, বিল, ভাংগা ইত্যাদি

অস্থাবার অর্পিত সম্পত্তি অথবা অর্পিত সম্পত্তিতে অবস্থিত অন্যান্য দ্রব্যাদি ব্যবস্থাপনা ও হস্তান্তরের নিমিত্ত বাংলাদেশ সরকারের আদেশক্রমে বিভিন্ন কার্যালয়ে যে সকল কমিটিগুলি গঠিত হয়েছে তা নিম্নরূপঃ

৪। কমিটি গঠনঃ

(ক) উপজেলা পর্যায়ে (উপজেলা কমিটি) কমিটির ক্ষমতা ও কার্যক্রমঃ

| ক্রমিক নং | কমিটি গঠন |
|---|---|
| ১। সভাপতি: উপজেলা নির্বাহী অফিসার | (ক) অর্পিত সম্পত্তি কিনা তাহা নির্ধারণ ও তাহার তফসিল বর্ণনা।" |
| ২। সদস্য সচিব: উপজেলা রেভিনিউ অফিসার | |
| ৩। সদস্য : সহকারী কমিশনার | (খ) (খতিয়ান নং, দাগ নং, জমির শ্রেণী, এরিয়া, পূর্ব মালিকের নাম ইত্যাদি ইউনিটওয়ারী) |

# সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত

# নীতিমালা

স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

তারিখ: ০৬ আশ্বিন ১৪১৮ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ

১১.২ প্রতিটি হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব নিম্নরূপ হইবেঃ

১১.২.১ সংশ্লিষ্ট হাট-বাজারের সার্বিক উন্নয়ন এবং রক্ষণাবেক্ষণের জন্য ইজারা মূল্য হইতে সংরক্ষিত অর্থের আলোকে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ;

১১.২.২ : সংশ্লিষ্ট হাট-বাজারের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ কল্পে প্রকল্প প্রস্তাব উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ;

১১.২.৩ টোল আদায়কারীদের টোল আদায় এবং টোল সংক্রান্ত যাবতীয় কার্য তদারকি এবং টোলরেইট টাংগানো হইয়াছে কিনা তাহা নিশ্চিত করা;

১১.২.৪ অনুমোদিত হারের অতিরিক্ত টোল আদায় এবং টোল দেওয়া হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্য/দ্রব্য ক্রেতা এবং বিক্রেতা হইতে টোল আদায় রোধ করা;

১১.২.৫ অনুমোদিত হারে টোল আদায় ব্যতীত অন্য কোন প্রকার বে-আইনীভাবে আদায় বা জোরপূর্বক কোনরূপ আদায় এবং ক্রেতা-বিক্রেতাদের হয়রানি রোধ করা;

১১.২.৬ হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা;

১১.২.৭ মহিলা ক্রেতা বিক্রেতাদের ক্রয় বিক্রয়ের সুবিধা প্রদান;

১১.২.৮ কমিটি ন্যূনপক্ষে মাসে একটি সভায় মিলিত হইবে। উক্ত সভায় হাট-বাজার পরিচালনা, টোল আদায়, রক্ষণাবেক্ষণ ও উন্নয়নসহ সকল বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা হইবে এবং উহা উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ করিতে হইবে।

১১.৩ উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি

১১.৩.১ ইউনিয়ন পর্যায়ের সকল হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সম্পাদিত কার্যাবলী তদারকি, নির্দেশ ও পরামর্শ দানের জন্য এবং প্রতিটি ত্রুটি- বাজারের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করার জন্য উপজেলা পর্যায়ে "উপজেলা হাট- বাজার ব্যবস্থাপনা কমিটি" নামে নিম্নোক্ত ভাবে একটি কমিটি গঠন করিতে হইবে:

(ক) উপজেলা নির্বাহী অফিসার

(খ) উপজেলা পর্যায়ের একজন সরকারী কর্মকর্তা (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

(গ) উপজেলা প্রকৌশলী

(ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান

(ঙ) উপজেলা পর্যায়ের একজন গণ্যমান্য ব্যক্তি (চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত)

(চ) উপজেলার সকল হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবদের থেকে ২ জন প্রতিনিধি (উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত)

(ছ) সহকারী কমিশনার (ভূমি)

সহকারী কমিশনার (ভূমি) এর পদটি শূন্য থাকিলে উপজেলা ভূমি অফিস কর্তৃক উপর্যুক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করা হইবে।

১১.৪ উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব নিম্নরূপ হইবেঃ

১১.৪.১ কমিটি প্রতি মাসে অন্ততঃ একবার বৈঠকে মিলিত হইবে;

১১.৪.২ : উপজেলার সকল হাট-বাজারের সুষ্ঠু ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণের প্রতি নজর রাখা;

১১.৪.৩ হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রণীত উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনা/প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদন দেওয়া;

দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্রসমূহ দাখিলের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে বাছাইয়ের পর সুপারিশ/মতামতসহ চেয়ারম্যান, উপজেলা পরিষদ-এর অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত বিষয়ে অনুমোদন প্রদান করিবেন।

৩.২ পৌরসভার ক্ষেত্রে পৌরসভার দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্রসমূহ দাখিলের পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সুপারিশ/মতামতসহ পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব- এর মাধ্যমে মেয়র এর অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন। মেয়র পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত বিষয়ে অনুমোদন প্রদান করিবেন।

৩.৩ সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সিটি কর্পোরেশনের দরপত্র মূল্যায়ন কমিটি জমাকৃত সকল দরপত্র একীভূত করিয়া ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে সুপারিশ মতামতসহ প্রধান নির্বাহী কর্মকর্তার মাধ্যমে মেয়রের অনুমোদনের জন্য উপস্থাপন করিবেন। মেয়র পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে এ বিষয়ে অনুমোদন প্রদান করিবেন।

৩.৪ ৩.১, ৩.২. ৩.৩ উপ-অনুচ্ছেদ অনুযায়ী ইজারামূল্য অনুমোদনে কোনপ্রকার জটিলতার উদ্ভব হইলে, তা পরবর্তী সাধারণ সভায় উত্থাপনপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে। দরপত্র অনুমোদনের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনুমোদিত দরদাতাকে জানাইতে হইবে। দরপত্রদাতা অবহিত হইবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের ২৫% অর্থ সমন্বয় করতঃ ইজারার অবশিষ্ট ৭৫% অর্থ এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করিবেন। অন্যথায় তাহার দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ও জামানত বাজেয়াপ্ত হইবে। বাজেয়াপ্তকৃত অর্থ সিটি কর্পোরেশন ও পৌরসভা কর্তৃক ব্যবস্থাপনাধীন হাটের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভার নিজস্ব রাজস্ব আয় হিসাবে গণ্য হইবে। উপজেলা পরিষদ কর্তৃক ব্যবস্থাপনাধীন হাটের ক্ষেত্রে বাজেয়াপ্তকৃত টাকা সংশ্লিষ্ট উপজেলা রাজস্ব তহবিলে জমা করিতে হইবে। গৃহীত দরের সম্পূর্ণ টাকা (আয়কর ও ভ্যাটসহ) সরকারের নির্দিষ্ট খাতে জমা দেওয়ার পর হাট বাজারের দখল অনুমোদিত দরপত্র দাতার নিকট নির্ধারিত চুক্তিনামার মাধ্যমে প্রদান করিতে হইবে। কোন অবহেলার কারণে এর অন্যথা ঘটিলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন।

৩.৫ চুক্তিনামাঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান পৌরসভার মেয়র অথবা প্রশাসক /সিটি কর্পোরেশনের মেয়র অথবা তাঁহাদের মনোনীত কর্মকর্তা স্ব-স্ব এলাকার ব্যবস্থাপনাধীন হাটবাজারের ইজারার চুক্তি দলিলে (পরিশিষ্ট- "২") স্বাক্ষর করিবেন। ক্ষেত্র বিশেষে কমিশনার, সংশ্লিষ্ট বিভাগ/জেলা প্রশাসক চুক্তি দলিলে স্বাক্ষর করিবেন।

৩.৬ বাজার ইজারা প্রদানের পর ইজারা মূল্য গ্রহণান্তে, কোন কারণে ইজারাদারকে যথাসময়ে হাট-বাজার হস্তান্তর করা সম্ভব না হইলে অথবা হস্তান্তরের পর আইনগত কারণে সংশ্লিষ্ট ইজারাদার টোল আদায়ে বিরত থাকিতে বাধ্য হইলে, টোল আদায় হইতে বিরত থাকাকালীন সময়ের জন্য, মোট ইজারা মূল্যের আনুপাতিক হারে অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা যাইবে।

৩.৭ কোন বিশেষ কারণে যদি দরপত্র বাহিরের তারিখ পরিবর্তন করার একান্ত প্রয়োজন হয়, তাহা হইলে দরপত্র আহবানকারী কর্মকর্তা ব্যাপক প্রচারের পদক্ষেপ গ্রহণপূর্বক লিখিতভাবে দরপত্র গ্রহণের পরবর্তী তারিখ ও সময় ঘোষণা করিবেন।

খাস আদায়ের ক্ষেত্রে কার্যক্রমঃ

৪.১ উপজেলা পরিষদ নিয়ন্ত্রনাধীন হাট-বাজারের ক্ষেত্রে খাস আদায়ের কমিটি নিম্নরূপ হইবেঃ

| | |
|---|---|
| (ক) উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত পরিযাদের একজন সদস্য | সদস্য |
| (গ) সংশ্লিষ্ট হাটের নিকটবর্তী হাইস্কুলের প্রধান শিক্ষক | সদস্য |
| (ঘ) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| (ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| (চ) সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউপি সদস্য | সদস্য |
| (ছ) সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত আসনের ইউপি মহিলা সদস্য | সদস্য |
| (জ) সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা | সদস্য |
| (ঝ) সহকারী কমিশনার (ভূমি) | সদস্য-সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়

# গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচি বাস্তবায়নের জন্য কমিটিসমূহ

**(ক) জেলা কর্ণধার কমিটি**

| | | |
|---|---|---|
| ১। জেলার সকল মাননীয় সংসদ সদস্য | : | উপদেষ্টা |
| ২। জেলা প্রশাসক | : | সভাপতি |
| ৩। পুলিশ সুপার | : | সদস্য |
| ৪। উপ পরিচালক, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ৫। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল) | : | সদস্য |
| ৬। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ | : | সদস্য |
| ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল) | : | সদস্য |
| ৮। পৌরসভার মেয়র (সকল) | : | সদস্য |
| ৯। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড | : | সদস্য |
| ১০। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | : | সদস্য |
| ১১। জেলা খাদ্য নিয়ন্ত্রক | : | সদস্য |
| ১২। জেলা মৎস্য কর্মকর্তা | : | সদস্য |
| ১৩। জেলা শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ১৪। বিভাগীয় বন কর্মকর্তা | : | সদস্য |
| ১৫। উপ পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | : | সদস্য |
| ১৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | : | সদস্য |
| ১৭। উপ পরিচালক, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর | : | সদস্য |
| ১৮। উপপরিচালক, মহিলা বিয়ষক অধিদপ্তর | : | সদস্য |
| ১৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল) | : | সদস্য |
| ২০। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | : | সদস্য-সচিব |

**(খ) জেলা কর্ণধার কমিটির কর্মপরিধি :**

০১. উপজেলা পর্যায়ে প্রণীত সকল গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির প্রকল্প পর্যালোচনা ও অনুমোদন।

০২. অনুমোদিত প্রতিটি প্রকল্পের বিপরীতে খাদ্যশস্যের/নগদ টাকার উপবরাদ্দ আদেশ জারিকরন।

০৩. জেলাধীন গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও উহার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণ।

০৪. উপজেলা কর্তৃক প্রকল্পের বিপরীতে ছাড়কৃত খাদ্যশস্য/নগদ টাকার সঠিক ব্যবহার হইতেছে কি না এবং শ্রমিকদিগকে তাহাদের ন্যায্য পারিশ্রমিক প্রদান করা হইতেছে কি না উহার নিশ্চয়তা প্রদান।

০৫. উপরন্তু কোন প্রতিবন্ধকতা বা ত্রুটি পরিলক্ষিত হইলে প্রতিবিধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে প্রয়োজনে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের জন্য সুপারিশ প্রদান।

০৬. এই কর্মসূচির আওতায় মঞ্জুরিকৃত খাদ্যশস্য/নগদ টাকার আত্মসাৎ/অপচয় রোধ করিবার জন্য সতর্ক থাকা এবং এতদসংক্রান্ত প্রতিটি অভিযোগের তদন্ত করিয়া উহার উপর যথাসত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ।

০৭. বিচারাধীন মামলাসমূহের বিচার ত্বরান্বিত করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

০৮. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি, পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত প্রতি মাসে কমপক্ষে একবার বৈঠকে বসা এবং মাসিক অগ্রগতি প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ।

০৯. অন্যান্য সভার সাথে একত্রে এই সভা অনুষ্ঠান না করিয়া যথেষ্ট সময় লইয়া পৃথকভাবে এই সভা অনুষ্ঠান করা।

১০. সকল প্রকল্প তালিকা প্রাপ্তির পর সভা অনুষ্ঠানের প্রবণতা পরিহার করিয়া নির্ধারিত তারিখের মধ্যে যেইসব প্রকল্প তালিকা পাওয়া যাইবে তাহা লইয়াই সভা অনুষ্ঠান করিয়া প্রকল্প অনুমোদন করা।

১১. দুই সভার মধ্যবর্তী সময়ে উপজেলা হইতে প্রকল্প তালিকা পাইলে পরবর্তী সভার অনুমোদন সাপেক্ষে তাহা অনুমোদন করা।

**(গ) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ সংক্রান্ত উপজেলা কমিটি**

| | | |
|---|---|---|
| ০১. স্থানীয় মাননীয় সংসদ সদস্য | : | উপদেষ্টা |
| ০২. উপজেলা পরিষদ চেয়ারম্যান | : | সভাপতি |
| ০৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা | : | সহ-সভাপতি |
| ০৪. উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদ্বয় | : | সদস্য |
| ০৫. উপজেলা প্রকৌশলী | : | সদস্য |
| ০৬. উপজেলা কৃষি কর্মকর্তা | : | সদস্য |
| ০৭. উপজেলা ফ্যাসিলিটেটর (এলজিএসপি) | : | সদস্য |
| ০৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| ০৯. উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য |
| ১০. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | : | সদস্য |
| ১১. উপজেলা মৎস্য কর্মকর্তা | : | সদস্য |
| ১২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | : | সদস্য |
| ১৩. উপ-সহকারী প্রকৌশলী (জ. স্বা. প্র) | : | সদস্য |
| ১৪. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| ১৫. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১৬. উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | : | সদস্য |
| ১৭. উপজেলার ২ জন গণ্যমান্য ব্যক্তি-১ জন মহিলা ও ১ জন পুরুষ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | : | সদস্য-সচিব |

**(ঘ) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ সংক্রান্ত উপজেলা কমিটির কর্মপরিধি**

(১) অর্থ বছরের শুরুতেই ইউনিয়ন ভিত্তিক প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করিয়া জেলা কর্ণধার কমিটিতে প্রেরণ।

(২) প্রাপ্ত খাদ্যশস্য/নগদ টাকা নির্ধারিত অনুপাতে ইউনিয়ন ভিত্তিক বরাদ্দ নিশ্চিত করা।

(৩) উপজেলা গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কমিটি সম্পদ/নগদ টাকার সুষ্ঠু ব্যবহার, যাবতীয় প্রতিবেদন প্রণয়ন, প্রাপ্ত ও ব্যয়িত খাদ্যশস্য/নগদ টাকার হিসাব সংরক্ষণ নিশ্চিত করা।

(৪) নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও তদারকির মাধ্যমে বরাদ্দকৃত খাদ্যশস্য/নগদ টাকার সঠিক ব্যবহার নিশ্চিত করা।

(৫) সরকারী কর্মকর্তাগণের পরিবীক্ষণ ও তদন্ত প্রতিবেদন এবং সুপারিশসমূহ পর্যালোচনা করা এবং যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা।

(৬) কাজের মৌসুমে প্রতিমাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর প্রতিবেদন প্রস্তুত করিয়া তাহা জেলা প্রশাসক এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করা।

(৭) কমিটি সভায় মাননীয় উপদেষ্টাসহ সকল সদস্যকে উপস্থিত থাকিবার জন্য আমন্ত্রণপত্র/নোটিশ প্রাপ্তি নিশ্চিত করা।

(৮) সকল প্রকল্প তালিকা প্রাপ্তির পর সভা অনুষ্ঠানের প্রবণতা পরিহার করিয়া নির্ধারিত তারিখের মধ্যে যেইসকল প্রকল্প তালিকা পাওয়া যাইবে তাহা লইয়াই সভা অনুষ্ঠান করিয়া প্রকল্প অনুমোদন করা।

(৯) দুই সভার মধ্যবর্তী সময়ে উপজেলা হইতে প্রকল্প তালিকা পাইলে পরবর্তী সভার অনুমোদন সাপেক্ষে অনুমোদন করা।

(১০) ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠান নিশ্চিত করিবার লক্ষ্যে উপজেলা কমিটির প্রতিনিধি ইউনিয়ন কমিটির সভায় উপস্থিত থাকিবার ব্যবস্থা করা।

(১১) পরিপত্রের নির্দেশনা অনুসরণ করিয়া পিআইসি গঠিত হইয়াছে কিনা তাহা নিশ্চিত হইয়া উপজেলা কমিটি কর্তৃক পিআইসি অনুমোদন করা।

# গ্রাম অবকাঠামো সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য কমিটিসমূহ

(ক) জেলা কর্ণধার কমিটি

| | | |
|---|---|---|
| (১) জেলার সকল মাননীয় সংসদ সদস্য | : | উপদেষ্টা |
| (২) জেলা প্রশাসক | : | সভাপতি |
| (৩) পুলিশ সুপার | : | সদস্য |
| (৪) উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল) | : | সদস্য |
| (৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল) | : | সদস্য |
| (৬) পৌরসভা মেয়র (সকল) | : | সদস্য |
| (৭) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | : | সদস্য |
| (৮) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড | : | সদস্য |
| (৯) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | : | সদস্য |
| (১০) জেলা দুর্নীতি দমন কর্মকর্তা (উপপরিচালক/সহকারী পরিচালক পর্যায়) | : | সদস্য |
| (১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক | : | সদস্য |
| (১২) জেলা মৎস্য কর্মকর্তা | : | সদস্য |
| (১৩) বিভাগীয় বন কর্মকর্তা | : | সদস্য |
| (১৪) উপপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর | : | সদস্য |
| (১৫) উপপরিচালক, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর | : | সদস্য |
| (১৬) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | : | সদস্য |
| (১৭) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা | : | সদস্য |
| (১৮) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল) | : | সদস্য |
| (১৯) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | : | সদস্য-সচিব |

**(খ) জেলা কর্ণধার কমিটির কর্মপরিধি :**

০১. উপজেলা পর্যায়ে প্রণীত সকল গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির প্রকল্প পর্যালোচনা ও অনুমোদন;

০২. অনুমোদিত প্রতিটি প্রকল্পের বিপরীতে খাদ্যশস্যের/নগদ টাকার উপবরাদ্দ আদেশ জারীকরণ;

০৩. জেলাধীন গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও উহার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার ব্যবস্থাকরণ;

০৪. উপজেলা কর্তৃক প্রকল্পের বিপরীতে ছাড়কৃত খাদ্যশস্য/ নগদ টাকার সঠিক ব্যবহার হইতেছে কিনা এবং শ্রমিকদিগকে তাহাদের ন্যায্য পারিশ্রমিক প্রদান করা হইতেছে কিনা উহার নিশ্চয়তা প্রদান;

০৫. উপরন্তু কোন প্রতিবন্ধকতা বা ত্রুটি পরিলক্ষিত হইলে প্রতিবিধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে প্রয়োজনে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের জন্য সুপারিশ প্রদান;

০৬. এই কর্মসূচির আওতায় মঞ্জুরীকৃত সম্পদের (খাদ্যশস্য ও নগদ অর্থ) আত্নসাৎ/অপচয় রোধ করার জন্য সতর্ক থাকা এবং এতৎসংক্রান্ত প্রতিটি অভিযোগের তদন্ত করিয়া উহার উপর যথাসত্বর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

০৭. বিচারাধীন মামলাসমূহের বিচার ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

০৮. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি, পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত প্রতি মাসে কমপক্ষে একবার বৈঠকে বসা এবং মাসিক অগ্রগতির প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ;

০৯. অন্যান্য সভার সাথে একত্রে এই সভা অনুষ্ঠান না করিয়া যথেষ্ট সময় লইয়া পৃথকভাবে সভা অনুষ্ঠান করা;

১০. সকল প্রকল্প তালিকা প্রাপ্তির পর সভা অনুষ্ঠানের প্রবণতা পরিহার করিয়া নির্ধারিত তারিখের মধ্যে যেইসব প্রকল্প তালিকা পাওয়া যাইবে তাহা লইয়াই সভা অনুষ্ঠান করিয়া প্রকল্প অনুমোদন করা; এবং

১১. দুই সভার মধ্যবর্তী সময়ে উপজেলা হইতে প্রকল্প তালিকা পাইলে পরবর্তী সভার অনুমোদন সাপেক্ষে তাহা অনুমোদন করা।

**(গ) গ্রামীণ অবকাঠামো সংস্কার সংক্রান্ত উপজেলা কমিটি**

| | | |
|---|---|---|
| ০১. স্থানীয় মাননীয় সংসদ সদস্য | : | উপদেষ্টা |
| ০২. উপজেলা পরিষদ চেয়ারম্যান | : | সভাপতি |
| ০৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা | : | সহ-সভাপতি |
| ০৪. উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদ্বয় | : | সদস্য |
| ০৫. উপজেলা প্রকৌশলী | : | সদস্য |
| ০৬. উপজেলা কৃষি কর্মকর্তা | : | সদস্য |
| ০৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| ০৮. উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য |
| ০৯. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা | : | সদস্য |
| ১০. উপজেলা মৎস্য কর্মকর্তা | : | সদস্য |
| ১১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | : | সদস্য |
| ১২. উপ-সহকারী প্রকৌশলী (জ. স্বা. প্র) | : | সদস্য |
| ১৩. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| ১৪. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১৫. উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | : | সদস্য |
| ১৬. উপজেলার ২ জন গণ্যমান্য ব্যক্তি-১ জন মহিলা ও ১ জন পুরুষ (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৭. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | : | সদস্য-সচিব |

(ঘ) গ্রামীণ অবকাঠামো সংস্কার সংক্রান্ত উপজেলা কমিটির কর্মপরিধি

(১) অর্থ বছরের শুরুতে নির্ধারিত সময়ে ইউনিয়নভিত্তিক প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করিয়া জেলা কর্ণধার কমিটিতে প্রেরণ;

(২) প্রাপ্ত খাদ্যশস্য/নগদ টাকা নির্ধারিত অনুপাতে ইউনিয়নভিত্তিক বরাদ্দ নিশ্চিত করা;

(৩) উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটি কর্তৃক খাদ্যশস্য /নগদ টাকার সুষ্ঠু ব্যবহার, যাবতীয় প্রতিবেদন প্রণয়ন, প্রাপ্ত ও ব্যয়িত খাদ্যশস্য/নগদ টাকার হিসাব সংরক্ষণ নিশ্চিত করা;

(৪) নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও তদারকির মাধ্যমে বরাদ্দকৃত খাদ্যশস্য /নগদ টাকার সঠিক ব্যবহার নিশ্চিত করা;

(৫) সরকারি কর্মকর্তাগণের পরিবীক্ষণ ও তদন্ত প্রতিবেদন এবং সুপারিশসমূহ পর্যালোচনা করা এবং যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ

(৬) কাজের মৌসুমে প্রতিমাসে প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর প্রতিবেদন প্রস্তুত করিয়া তাহা জেলাপ্রশাসক এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করা;

(৭) কমিটি সভায় মাননীয় উপদেষ্টাসহ সকল সদস্যকে উপস্থিত থাকিবার জন্য নোটিশ প্রাপ্তি নিশ্চিত করা;

(৮) সকল প্রকল্প তালিকা প্রাপ্তির পর সভা অনুষ্ঠানের প্রবণতা পরিহার করিয়া নির্ধারিত তারিখের মধ্যে যেই সকল প্রকল্প তালিকা পাওয়া যাইবে তাহা লইয়াই সভা অনুষ্ঠান করিয়া প্রকল্প অনুমোদন করা;

(৯) দুই সভার মধ্যবর্তী সময়ে উপজেলা হইতে প্রকল্প তালিকা পাইলে পরবর্তী সভার অনুমোদনসাপেক্ষে তাহা অনুমোদন করা;

(১০) ইউনিয়ন কমিটির সভা অনুষ্ঠান নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা কমিটির প্রতিনিধি ইউনিয়ন কমিটির সভায় থাকার ব্যবস্থা করা; এবং

(১১) নির্দেশিকার নির্দেশনা অনুসরণ করিয়া পিআইসি গঠিত হইয়াছে কিনা তাহা নিশ্চিত হইয়া উপজেলা কমিটি কর্তৃক পিআইসি অনুমোদন করা।

## উপজেলা মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি

| | | |
|---|---|---|
| এলাকার মাননীয় সংসদ সদস্য | : | প্রধান উপদেষ্টা |
| উপজেলা পরিষদ চেয়ারম্যান | : | উপদেষ্টা |
| উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| উপজেলাস্থ পৌরসভার মেয়র (যদি থাকে) | : | সদস্য |
| সহকারী কমিশনার (ভূমি) | : | সদস্য |
| উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (২ জন) | : | সদস্য |
| ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ | : | সদস্য |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা কৃষি কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা মৎস্য কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | : | সদস্য |
| উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | : | সদস্য |
| থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | : | সদস্য |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা সমবায় কর্মকর্তা | : | সদস্য |
| উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | : | সদস্য |
| মহিলা প্রতিনিধি (উপজেলা পরিষদে কো-অপট কৃত সদস্যবৃন্দ) - ৩ জন (যদি থাকে) | : | সদস্য |
| বিআরডিবি/ উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতির সভাপতি | : | সদস্য |
| ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচীর (সিপিপি) প্রতিনিধি (যদি থাকে) | : | সদস্য |
| বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির প্রতিনিধি (যদি থাকে) | : | সদস্য |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৭ | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৪ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ১৬ | মেয়র (সকল পৌরসভা) | সদস্য |
| ১৭ | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় শাখা | সদস্য |
| ১৮ | কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| ১৯ | চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ) | সদস্য |
| ২০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য-সচিব |

(গ) কমিটির কার্যপরিধি:

(১) উপজেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং এ বিষয়ে জেলা প্রশাসক বরাবর নিয়মিত প্রতিবেদন প্রেরণ;

(২) উপজেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নকারী বিভিন্ন দপ্তর, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের কার্যক্রম সমন্বয় এবং সুবিধাভোগীদের ডিজিটাল ডাটাবেইজ সংরক্ষণ।

(৩) স্থানীয় পর্যায়ে গৃহীত সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহকে NSSS-এ বর্ণিত জীবনচক্র কাঠামো (Lifecycle Framework)-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করণের নিমিত্ত নিয়মিত পর্যালোচনা;

(৪) স্থানীয় পর্যায়ে পরিচালিত এনজিও, বেসরকারি প্রতিষ্ঠান এবং বৃহৎ পরিসরে পরিচালিত ব্যক্তি পর্যায়ের সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের তালিকা প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ এবং সম্ভাব্য ক্ষেত্রে সরকারি সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের সঙ্গে সমন্বয়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(৫) সামাজিক নিরাপত্তা কার্যক্রমসমূহের আর্থিক সহায়তা বা ভাতা সরাসরি 'সরকার থেকে ব্যক্তি' (G2P) পদ্ধতিতে বিতরণের জন্য সম্ভাব্য কার্যক্রম গ্রহণ;

(৬) স্থানীয় পর্যায়ে সামাজিক নিরাপত্তার কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগ বা জলবায়ুর উপর প্রভাব, জেন্ডার সমতা, প্রান্তিক জনগোষ্ঠী, নগরকেন্দ্রিক দারিদ্র্য ইত্যাদি বিষয় পর্যালোচনা;

(৭) বাংলাদেশের জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) এবং সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য কার্যক্রম

(ঘ) কমিটি প্রতি দুই মাসে অন্তত একটি সভা আয়োজন করিবে।

(ঙ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত
(ড. আবু সালেহ্ মোস্তফা কামাল)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫৭১৬০০ |

নম্বর-০৮.০০.০০০০.৬১১.০৬.০০১. ১৮-৮৯

তারিখ:- ১২ ভাদ্র ১৪২৫ / ২৭ আগস্ট ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব ..............................মন্ত্রণালয়/বিভাগ/কমিশন।
৪। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা ও ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড ।
৬। বিভাগীয় কমিশনার (সকল)--- বিভাগ
৭। যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮। জেলা প্রশাসক (সকল)- -জেলা (কমিটির সকল সদস্যগণের অবগতির জন্য)।
৯। ....................................................................................।
১০। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ১০০ (একশত) কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল] ।

স্বাক্ষরিত
(খন্দকার ইসতিয়াক আহমেদ)
উপসচিব
ফোন: ৯৫১১০৮১ |
email:
ca_sec@cabinet.gov.bd

## পিতা-মাতার ভরণ-পোষণ বিষয়ক উপজেলা কমিটি ও উহার কার্যাবলি।—

**(১)** প্রত্যেক উপজেলায় নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে পিতা-মাতার ভরণ-পোষণ বিষয়ক উপজেলা কমিটি গঠিত হইবে, যথা:-

**(ক)** উপজেলা নির্বাহী অফিসার, যিনি ইহার সভাপতিও হইবেন;

**(খ)** উপজেলা স্বাস্থ্য ও পরিবারকল্যাণ কর্মকর্তা;

**(গ)** উপজেলা শিক্ষা কর্মকর্তা;

**(ঘ)** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা;

**(ঙ)** থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা;

**(চ)** উপজেলা আইনগত সহায়তা প্রদান কমিটির সভাপতি বা তদ্দকর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

**(ছ)** উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত প্রবীণবিষয়ক কার্যাবলির সহিত সংশ্লিষ্ট বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার একজন প্রতিনিধি, যদি থাকে;

**(ঞ)** ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল);

**(ট)** মেয়র কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে);

**(ঠ)** উপজেলা সমাজসেবা কর্মকর্তা, যিনি ইহার সদস্য সচিবও হইবেন।

**(২)** উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি:-

**(ক)** জাতীয় ও জেলা কমিটির সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন;

**(খ)** সংশ্লিষ্ট উপজেলায় ভরণ-পোষণ সংক্রান্ত তথ্য-উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ এবং ক্ষেত্রমত জেলা কমিটিতে প্রতিবেদন প্রেরণ;

**(গ)** ইউনিয়ন কমিটি হইতে প্রাপ্ত তথ্য-উপাত্ত পর্যালোচনা এবং অনুমোদন;

**(ঘ)** কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক তিনজন সদস্য নিয়ে গঠিত উপকমিটি সরকারি-বেসরকারি পর্যায়ে স্থাপিত পিতা-মাতার পরিচর্যা কেন্দ্রসমূহ পরিদর্শন, তত্ত্বাবধান, মনিটরিং করিবে এবং এতদসংক্রান্ত প্রতিবেদন জেলা কমিটির নিকট প্রেরণ করিবে।

# প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩

( ২০১৩ সনের ৩৯ নং আইন )

[ ০৯ অক্টোবর, ২০১৩ ]

প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ আলোকে উপজেলা কমিটি

২৩। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক উপজেলায় নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটি' নামে একটি কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা;

(গ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উপজেলা প্রকৌশলী;

(ঘ) থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা;

(ঙ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা;

(চ) উপজেলা শিক্ষা কর্মকর্তা;

(ছ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা;

(জ) উপজেলা আইনগত সহায়তা প্রদান কমিটির সভাপতি;

(ঝ) পৌরসভা, যদি থাকে, মেয়র কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(ঞ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট উপজেলার সমাজসেবামূলক কাজে নিয়োজিত একজন ব্যক্তি;

(ঞ) প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষায় কর্মরত বেসরকারি সংস্থা বা প্রতিবন্ধী ব্যক্তির সংগঠন বা স্ব-সহায়ক সংগঠন হইতে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত ১ (এক) জন মহিলাসহ অনধিক ২ (দুই) জন প্রতিনিধি;

(ট) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপজেলা পরিষদের চেয়ারম্যান উপ-ধারা (১) এ উল্লিখিত কমিটির উপদেষ্টা হইবেন।

(৩) উপজেলা কমিটি সংশ্লিষ্ট উপজেলার অন্তর্গত শহর এলাকা, যদি থাকে, ব্যতীত সমগ্র উপজেলার আঞ্চলিক সীমানার মধ্যে উহার দায়-দায়িত্ব ও কার্যক্রম পরিচালনা করিবে এবং যদি উপজেলার অন্তর্গত কোন পৌরসভায় সমাজসেবা অধিদপ্তরের বিদ্যমান শহর সমাজসেবা কার্যক্রম (ইউসিডি) কার্যালয় না থাকে, তবে উপজেলা কমিটি উক্ত পৌরসভাতেও উহার দায়-দায়িত্ব ও কার্যক্রম পরিচালনা করিবে।

# শিশু আইন, ২০১৩
## ( ২০১৩ সনের ২৪ নং আইন )
## [ ২০ জুন, ২০১৩ ]

## উপজেলা শিশুকল্যাণ বোর্ড ও উহার কার্যাবলি

৯। (১) প্রত্যেক উপজেলায় নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে 'উপজেলা শিশুকল্যাণ বোর্ড' নামে একটি করিয়া বোর্ড গঠিত হইবে, যথা :-

(ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা, যিনি ইহার সভাপতিও হইবেন;
(খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা;
(গ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা;
(ঘ) উপজেলা শিক্ষা কর্মকর্তা;
(ঙ) থানা'র ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তদ্‌কর্তৃক মনোনীত শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা;
(চ) প্রবেশন কর্মকর্তা;
(ছ) উপজেলা আইনগত সহায়তা প্রদান কমিটির সভাপতি বা তদ্‌কর্তৃক মনোনীত ১ (এক) জন প্রতিনিধি, যদি থাকে;
(জ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট উপজেলার ২ (দুই) জন গণ্যমান্য ব্যক্তি;
(ঝ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত শিশুবিষয়ক কার্যাবলির সহিত জড়িত সংশ্লিষ্ট উপজেলার বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার ১ (এক) জন প্রতিনিধি;
(ঞ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) 'উপজেলা শিশুকল্যাণ বোর্ড এর দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :-

(ক) সংশ্লিষ্ট উপজেলায় বিদ্যমান প্রত্যয়িত প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রম তদারকি, সমন্বয় সাধন, পরিবীক্ষণ এবং মূল্যায়ন;
(খ) সুবিধাবঞ্চিত শিশু ও আইনের সংস্পর্শে আসা শিশুদের জন্য প্রয়োজনীয় বিকল্প পরিচর্যার উপায় নির্ধারণ, ক্ষেত্রমত, তাহাদিগকে বিকল্প পরিচর্যায় প্রেরণ এবং উক্তরূপ পরিচর্যার আওতাধীন শিশুর তথ্য উপাত্ত পর্যালোচনা;
(গ) জাতীয় শিশুকল্যাণ বোর্ড বা, ক্ষেত্রমত, জেলা শিশুকল্যাণ বোর্ড কর্তৃক, সময় সময়, প্রণীত নীতিমালা ও প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন এবং যাচিত প্রতিবেদন প্রেরণ;
(ঘ) বিধি দ্বারা নির্ধারিত দায়িত্ব পালন; এবং
(ঙ) উপরি-উক্ত দায়িত্ব ও কার্যাবলি সম্পাদনের প্রয়োজনে অন্যান্য ব্যবস্থা গ্রহণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা

পরিপত্র

পত্র সংখ্যাঃ ০৩.০৯০.০২২.০৩.০০.০১৩.২০২১-২১৮ তারিখ:- ১০ অগ্রহায়ণ ১৪২৮ / ২৫ নভেম্বর ২০২১

বিষয়ঃ বাংলাদেশে কর্মরত বৈদেশিক সাহায্যপুষ্ট বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের (এনজিও) কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী।

(৯) পার্বত্য জেলা ব্যতিত অন্যান্য জেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের নিজ নিজ এলাকার এনজিওসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও তদারকি করবে। সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান এ কমিটির উপদেষ্টা হিসেবে থাকবেন। নিম্নবর্ণিত কমিটি মাসিক এনজিও সমন্বয় সভায় এনজিওসমূহের বৈদেশিক অনুদানে পরিচালিত কার্যক্রম পর্যালোচনা করবেঃ

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ০৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ০৬ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৭ | উপজেলা প্রকৌশলী | সদস্য |
| ০৮ | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ০৯ | অফিসার ইনচার্জ | সদস্য |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১১ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৩ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৬ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা | সদস্য |
| ১৭ | উপজেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্মকর্তা | সদস্য |
| ১৮ | উপজেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ১৯ | উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ২০ | এনজিও প্রতিনিধি (সকল) | সদস্য |
| ২১ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য সচিব |

তবে ০৩ (তিন) পার্বত্য জেলার উপজেলা নির্বাহী অফিসারগণও বৈদেশিক অনুদান (স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম) রেগুলেশন আইন, ২০১৬ এর ১০(৫) ধারা মোতাবেক তাঁর অধিক্ষেত্রভুক্ত এনজিওসমূহের কার্যক্রম যথাযথভাবে পরিদর্শন, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করবে।

(১০) এনজিওসমূহ ফরম-৪ অনুযায়ী তাদের কার্যক্রমের মাসিক প্রতিবেদন জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করবে।

(১১) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১২ নং আইন) এর ধারা ২২ এর দফা (ছ) এর বিধান অনুসারে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও পার্বত্য জেলা পরিষদ নিজ নিজ এলাকার এনজিও এবং সংস্থাসমূহের কার্যাবলীর সার্বিক সমন্বয় ও তদারকি করবে।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ জ্যৈষ্ঠ ১৪২৬/১৬ মে ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৬১১.০৬.০০০০.৬১১.০৬.০০২.১৯.১৪৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ ২০৩০ অর্জন নিশ্চিতকল্পে উপজেলা পর্যায়ে সরকারি দপ্তর, বেসরকারি সংস্থা এবং ব্যক্তিখাতে পরিচালিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য ‘টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি’ নিম্নরূপে গঠন করেছে:

(ক) কমিটির গঠন :

| | | |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০৪ | উপজেলা পর্যায়ে অবস্থিত মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন সকল দপ্তর/ সংস্থা/ কার্যালয়-এর প্রধানগণ | সদস্য |
| ০৫ | মেয়র/প্রতিনিধি, পৌরসভা (সকল) | সদস্য |
| ০৬ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সদস্য |
| ০৭ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | সদস্য |
| ০৮ | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | সদস্য |
| ০৯ | এনজিও ও সুশীল সমাজের প্রতিনিধি, ২ (দুই) জন পুরুষ ও ২ (দুই) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০ | ব্যবসায়ী ও পেশাজীবী সংগঠন-এর প্রতিনিধি, ২ (দুই) জন পুরুষ ও ২ (দুই) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১ | প্রান্তিক ও পশ্চাৎপদ জনগোষ্ঠী (যেমন- প্রতিবন্ধী সংগঠন ও ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী)-এর প্রতিনিধি, ১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন মহিলা (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২ | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধি :

(১) বাংলাদেশের এসডিজি অগ্রাধিকার তালিকাকে প্রাধান্য দিয়ে এসডিজি বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা ও স্থানীয়করণ সংক্রান্ত নীতিমালা অনুসরণ;

(২) উপজেলা পর্যায়ে এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন, সমন্বয়, ও পরিবীক্ষণ;

(৩) উপজেলা পর্যায়ে এনজিওসমূহের এসডিজি বিষয়ক কর্মপরিকল্পনাসমূহের সমন্বয় সাধন, কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও পরিবীক্ষণ;

(৪) এসডিজি অগ্রাধিকার তালিকা অনুযায়ী অগ্রগতি বিষয়ে মাসিক সভা আহ্বান এবং বাস্তবায়ন অগ্রগতি জেলা প্রশাসক এবং বিভাগীয় কমিশনারকে অবহিতকরণ;

(৫) এসডিজি বিষয়ে সর্বস্তরের জনগণ, সরকারি ও বেসরকারি কর্মচারী, শিক্ষক, ছাত্র-ছাত্রীসহ সকল শ্রেণি ও পেশার নাগরিকের মধ্যে সচেতনতা তৈরির জন্য সভা, সেমিনার, কর্মশালার আয়োজন ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ; ও

(৬) বিবিধ

(গ) কমিটি প্রয়োজনে অন্য কোনো ব্যক্তি/কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

(ঘ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ড. আবু সালেহ্ মোস্তফা কামাল)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫৭১৬০০
email: js_economic
@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১. ১৮-৩৮

তারিখ:- ৩০ আষাঢ় ১৪২৭ / ১৪ জুলাই ২০২০

প্রজ্ঞাপন

উপজেলা পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর যথাযথ বাস্তবায়নে সার্বিক কার্যক্রমের সমন্বয়ের লক্ষ্যে নিম্নরূপ 'এপিএ সংক্রান্ত উপজেলা কমিটি' গঠন করা হয়েছে:

(ক) কমিটির গঠন:
১) উপজেলা নির্বাহী অফিসার - সভাপতি
২) সহকারী কমিশনার (ভূমি) - সদস্য
৩) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা - সদস্য
৪) উপজেলা কৃষি কর্মকর্তা - সদস্য
৫) উপজেলা প্রকৌশলী - সদস্য
৬) উপজেলা শিক্ষা কর্মকর্তা সদস্য
৭) অফিসার ইনচার্জ - সদস্য
৮) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা - সদস্য
৯) উপজেলা সমাজসেবা কর্মকর্তা - সদস্য সচিব

(খ) কমিটির কার্যপরিধি:
১) উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি অফিসের এপিএ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
২) এপিএ বাস্তবায়নে উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিসের কর্মকান্ডে প্রয়োজনে সমন্বয় সাধন;
৩) উপজেলা পর্যায়ের অফিসসমূহের এপিএ বাস্তবায়নে সমস্যা ও সম্ভাবনার বিষয়ে জেলা কমিটিকে অবহিতকরণ;
৪) এপিএ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনার বাস্তবায়ন।

(গ) কমিটি প্রতি তিন মাসে কমপক্ষে এক বার সভায় মিলিত হবে।
(ঘ) প্রয়োজনে যে কোন উপযুক্ত সদস্যকে কমিটিতে কো-অপ্ট করা যাবে।
২। জনস্বার্থে এই আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত
মুহাম্মাদ সাইফুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৪১০৫০১১১
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল:pmpc_sec@cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৮২৫.০৬.০০১. ১৮-৩৮/১(১৬৪)

তারিখ:- ৩০ আষাঢ় ১৪২৭ / ১৪ জুলাই ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:
(১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সিনিয়র সচিব/সচিব (সকল)
৩) বিভাগীয় কমিশনার (সকল)
৪) জেলা প্রশাসক (সকল)
৫) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬) সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

স্মারক নং-৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩ (৭) ১১-৩৬

তারিখ:- ০৪ মাঘ, ১৪২৭ / ১৮ জানুয়ারি, ২০২১

## সংশোধিত পরিপত্র

বিষয়ঃ উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত সংশোধিত পরিপত্র ।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীনে নির্মিত উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য ২২ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১/১৮১ নং স্মারকে জারিকৃত পরিপত্র আংশিক সংশোধনক্রমে এ সংশোধিত পরিপত্র জারি করা হলো।

১। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহবায়ক কমিটি :

| ক্র.নং | নাম ও পদবী | | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | : | আহ্বায়ক |
| ০২ | উপজেলা প্রকৌশলী, (এলজিইডি) | : | সদস্য |
| ০৩ | (ক) ২০১৪ সালের নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার<br>(খ) ২০১৪ সালের নির্বাচিত উপজেলা ডেপুটি মুক্তিযোদ্ধা কমান্ডার<br>(গ) ২০১০ সালের নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার | : | সদস্য |
| ০৪ | উপজেলা সমাজসেবা অফিসার | : | সদস্য-সচিব |

১.২ আহবায়ক কমিটির দায়িত্ব ও কর্মপরিধি:

(ক) কমপ্লেক্স ভবনের ব্যবহার, তদারকি ও মনিটরিং;

(খ) বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য নির্ধারিত স্থানের (১ম ও ২য় তলা) যৌক্তিক ভাড়া/অগ্রিম নির্ধারণ;

(গ) মুক্তিযোদ্ধাগণ যাতে নিয়মিত মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার করতে পারেন সে বিষয়টি নিশ্চিতকরণ;

(ঘ) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত অফিস সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখার বিষয়টি নিশ্চিতকরণ;

(ঙ) মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের জন্য নিয়োগকৃত কর্মচারীগণের মানবসম্পদ ব্যবস্থাপনা ও কমপ্লেক্স ভবনের সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন।

২। নির্মাণাধীন ভবন হস্তান্তর ও রক্ষণাবেক্ষণ :

(ক) নির্মাণাধীন উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন প্রকল্প পরিচালক কর্তৃক বর্ণিত কমিটির নিকট হস্তান্তর করা হবে;

(খ) সমাপ্ত প্রকল্পের আওতায় নির্মিত ভবনের রক্ষণাবেক্ষণে কারিগরি সহায়তা প্রদানসহ তত্ত্বাবধান কাজ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) করবে।

৩। ভবন ভাড়া ও ব্যবহার সংক্রান্ত:

(ক) উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ৩য় তলা বর্ণিত আহবায়ক কমিটি/পরবর্তীতে নির্বাচিত কমিটি (উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড) এর দাপ্তরিক কর্মকান্ড পরিচালনা ও উপজেলার বীর মুক্তিযোদ্ধাগণের সম্মেলন কক্ষ হিসেবে ব্যবহৃত হবে;

(খ) বাণিজ্যিক কাজে ব্যবহারের জন্য ১ম ও ২য় তলার ভাড়া/অগ্রিম নির্ধারণ করার বিষয়টি কমিটির মাধ্যমে নির্ধারিত হবে এবং আহবায়ক কমিটি/পরবর্তীতে নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কর্তৃক কমপ্লেক্সটি পরিচালিত হবে;

(গ) কমপ্লেক্স ভবনটির সার্বিক দেখাশুনার ভার ও মুক্তিযোদ্ধাদের প্রতিষ্ঠান হিসেবে এর মর্যাদা অক্ষুন্ন রাখার দায়িত্ব উপজেলা আহবায়ক কমিটি/পরবর্তীতে নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড এর উপর ন্যস্ত থাকবে। প্রতিষ্ঠানের অমর্যাদা হয় এমন কোন কাজে ভবনটি ব্যবহার করা যাবে না;

(ঘ) কমিটি কর্তৃক প্রতিবছর ভাড়া নির্ধারিত হবে। ভাড়ায় ব্যবহৃত স্থাপনার (বিশেষত, দোকান) ইউটিলিটি বিল (পানি, বিদ্যুৎ ও অন্যান্য) সংশ্লিষ্টি ভাড়াটিয়াগণ বহন করবেন;

(ঙ) দোকান ভাড়া প্রতিযোগিতামূলকভাবে নির্ধারণ করতে হবে। কোন অবস্থাতেই ভাড়াটিয়া নির্ধারিত বাণিজ্যিক কাজের বাইরে এ দোকান ব্যবহার করতে পারবে না এবং ভাড়াকৃত দোকান অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে হস্তান্তর বা ব্যবহারের জন্য পুন:বরাদ্দ/ভাড়া (সাবলেট) প্রদান করা যাবে না; এবং

(চ) বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে ভাড়া/বরাদ্দ প্রদান সম্পর্কিত নির্দেশনা ব্যতিত বিকল্প ব্যবহার/ভাড়া প্রদানের প্রয়োজন হলে কমিটির যৌক্তিকতা সম্বলিত সুপারিশ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

৪। আর্থিক বিষয়:

(ক) ভবনের বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে ভাড়া বাবদ উপার্জিত অর্থ থেকে কমপ্লেক্স ভবনের নিরাপত্তা ও ব্যবস্থাপনার কাজে নিয়োজিত জনবলের বেতন ভাতা এবং কমিটির দাপ্তরিক ও কমন স্থাপনার কাজে ব্যবহৃত বিদ্যুৎ, পানি ও অন্যান্য ইউটিলিটি (যদি থাকে) বিল বাবদ অর্থ ব্যয়ের পর অবশিষ্ট অর্থের ৫০% ভবনের রক্ষণাবেক্ষণ, ২০% মুক্তিযুদ্ধ বিষয়ক প্রচার প্রচারণা ও বিভিন্ন দিবস পালন, ২০% ভবনের ভবিষ্যৎ উন্নয়নের জন্য সঞ্চয় এবং অবশিষ্ট ১০% স্থানীয় অসচ্ছল মুক্তিযোদ্ধাদের আর্থিক সাহায্য প্রদান খাতে ব্যয় হবে;

(খ) উপজেলা কমিটি ভাড়ার অর্থ সংরক্ষণ করবে এবং উক্ত অর্থ ব্যয়/বিতরণের দায়িত্ব পালন করবে;

(গ) আদায়কৃত অর্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপজেলা কমান্ড সমূহের নির্বাচন না হওয়া পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক এর একক হিসাবে যে কোন তফসিলী ব্যাংকে গচ্ছিত থাকবে এবং উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক এর একক স্বাক্ষরে ব্যাংক থেকে অর্থ বিল আকারে উত্তোলিত হবে;

(ঘ) উপজেলা কমিটি প্রতি বছর কমপ্লেক্স ভবনের আয়-ব্যয়ের হিসাব আবশ্যিকভাবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে যা নিরীক্ষাযোগ্য হবে। এবং

(ঙ) উপজেলা আহবায়ক কমিটি আর্থিক সাহায্য প্রদানের বিষয়টি চূড়ান্ত করবে।

৫। ভবনের জনবল :

উপজেলা আহবায়ক কমিটি প্রতিটি উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পরিচালনার জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্রয়োজনবোধে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বাৎসরিক চুক্তি ভিত্তিক ১ জন তত্ত্বাবধায়ক-কাম-কম্পিউটার অপারেটর, ১ জন অফিস সহায়ক ও ১ জন গার্ড নিয়োগ করতে পারবে। আহবায়ক কমিটি/পরবর্তীতে নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল এর সদস্য বা তাদের পরিবারের কাউকে এ সকল পদে নিয়োগ করা যাবে না। তবে অন্য বীর মুক্তিযোদ্ধা পোষ্যগণ এ পদে নিয়োগের জন্য অগ্রাধিকার পাবেন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত রেখে এ নিয়োগ/পুন:নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৬। নির্বাচিত উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড এর দায়িত্ব গ্রহণের পূর্ব পর্যন্ত আহবায়ক কমিটি দায়িত্ব পালন করবে।

৭। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের ক্ষেত্রে এ সংশোধিত পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এটি বলবৎ থাকবে।

৮। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য এ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৮ .০১৪.০৪৩(৭).১১/১৮১ তারিখ: ২২ সেপ্টেম্বর, ২০১৯ মূলে জারিকৃত পরিপত্র এতদ্বারা বাতিল করা হলো ।

স্বাক্ষরিত
(মোহাম্মদ নাজমুল হক ভূঁইয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১১১৮৮

উপজেলা নির্বাহী অফিসার (সকল)
........................উপজেলা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ
১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), আগারগাঁও, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ ।
৩ । প্রশাসক,বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা ।
৪। জেলা প্রশাসক (সকল) --- -জেলা।
৫। মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় । (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৬। সচিব এর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। প্রকল্প পরিচালক, উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা ।
৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সকল) , ....................জেলা ।
৯। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১১। অফিস কপি/গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বয়স্কভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত)

# Implementation Manual for Old Age Allowances programme (Revised)

সমাজসেবা অধিদফতর
সমাজকল্যান মন্ত্রণালয়
২০১৩

১৮. উপজেলা কমিটি:

১৮.১ কমিটির রূপরেখা ;

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের চেয়ারম্যান | সভাপতি |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার | সহ-সভাপতি |
| ৩ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ | সদস্য |
| ৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৮ | সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক | সদস্য |
| ৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ১৩ | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ | সদস্য |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য-সচিব |

বিঃ দ্রঃ

১. সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য উপজেলা কমিটির উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় উপদেষনা দান করবেন।

২. স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সরকারী কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি অগ্রগণ্য), স্থানীয় প্রবীণ সংগঠন, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি অনধিক ৩ (তিন) জন সদস্য প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

১৮.২ কমিটির কর্মপরিধি

১. ইউনিয়ন কমিটি কর্তৃক বাছাইকৃত প্রাথমিক তালিকা যাচাই/বাছাইপূর্বক মাননীয় স্থানীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ;

২. ভাতা প্রদান কার্যক্রম তদারকীসহ এ সংক্রান্ত যাবতীয় আপীল অভিযোগ নিস্পত্তিকরণ;

৩. ইউনিয়ন পর্যায়ে অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতাভোগীদের ভাতা প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ;

৪. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন ও সুপারিশ প্রেরণ;

৫. বছরে অন্তত: ৪ (চার) বার কমিটির সভা আহবান;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত)

# Implementation Manual for Allowances to the Husband Deserted Destitute women and the Widow (Revised)

সমাজসেবা অধিদফতর

সমাজকল্যান মন্ত্রণালয়

২০১৩

১৮. উপজেলা কমিটি:

১৮.১ কমিটির গঠন ;

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের চেয়ারম্যান | সভাপতি |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার | সহ-সভাপতি |
| ৩ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ | সদস্য |
| ৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৮ | সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক | সদস্য |
| ৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ১৩ | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ | সদস্য |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য-সচিব |

বিঃ দ্রঃ

১. সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য উপজেলা কমিটির উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় উপদেষনা দান করবেন।
২. স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সরকারী কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি অগ্রগণ্য), স্থানীয় সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি অনধিক ৩ (তিন) জন সদস্য প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

১৮.২ কমিটির কর্মপরিধি

১. ইউনিয়ন কমিটি কর্তৃক বাছাইকৃত প্রাথমিক তালিকা যাচাই/বাছাইপূর্বক মাননীয় স্থানীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ;
২. ভাতা প্রদান কার্যক্রম তদারকীসহ এ সংক্রান্ত যাবতীয় আপীল অভিযোগ নিস্পত্তিকরণ;
৩. ইউনিয়ন পর্যায়ে অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতাভোগীদের ভাতা প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ;
৪. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন ও সুপারিশ প্রেরণ;
৫. বছরে অন্তত: ৪ (চার) বার কমিটির সভা আহবান;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# অসচ্ছল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত)

# Implementation Manual for the Allowances programme of Insolvent Persons with Disabilities (Revised)

সমাজসেবা অধিদফতর

সমাজকল্যান মন্ত্রণালয়

২০১৩

২০. উপজেলা কমিটি:

২০.১ কমিটির রূপরেখা ;

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের চেয়ারম্যান | সভাপতি |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার | সহ-সভাপতি |
| ৩ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ | সদস্য |
| ৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৮ | সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক | সদস্য |
| ৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ১৩ | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ | সদস্য |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য-সচিব |

বিঃ দ্রঃ

১. সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য উপজেলা কমিটির উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় উপদেষনা দান করবেন।

২. স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সরকারী কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি অগ্রগণ্য), প্রতিবন্ধী সংশ্লিষ্ট সংগঠন, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি অনধিক ৩ (তিন) জন সদস্য প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

২০.২ কমিটির কর্মপরিধি

১. ইউনিয়ন কমিটি কর্তৃক বাছাইকৃত প্রাথমিক তালিকা যাচাই/বাছাইপূর্বক মাননীয় স্থানীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ;

২. ভাতা প্রদান কার্যক্রম তদারকীসহ এ সংক্রান্ত যাবতীয় আপীল অভিযোগ নিস্পত্তিকরণ;

৩. ইউনিয়ন পর্যায়ে অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে ভাতাভোগীদের ভাতা প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ;

৪. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন ও সুপারিশ প্রেরণ;

৫. বছরে অন্তত: ৪ (চার) বার কমিটির সভা আহবান;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা (সংশোধিত)

# Implementation Manual for the Programme on Stipend for the Students with Disabilities.

(Revised)

সমাজসেবা অধিদফতর

সমাজকল্যান মন্ত্রণালয়

২০১৩

২০. উপজেলা কমিটি:

২০.১ কমিটির গঠন:

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের চেয়ারম্যান | সভাপতি |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার | সহ-সভাপতি |
| ৩ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ | সদস্য |
| ৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৮ | সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক | সদস্য |
| ৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ১২ | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ | সদস্য |
| ১৩ | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য-সচিব |

বিঃ দ্রঃ

১. সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য উপজেলা কমিটির উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় উপদেষনা দান করবেন।

২. স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সরকারী কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি অগ্রগণ্য), স্থানীয় প্রতিবন্ধী সংশ্লিষ্ট সংগঠন, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি অনধিক ৩ (তিন) জন সদস্য প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

২০.২ কমিটির কর্মপরিধি

১. উপবৃত্তি প্রদানের জন্য প্রার্থী নির্বাচন;
২. প্রার্থীদের উপবৃত্তি প্রাপ্তি নিশ্চিতকরণ;
৩. কর্মসূচী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
৪. উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে যে কোন সমস্যা নিরসন;
৫. কর্মসূচী বাস্তবায়ন, তদারকি, পরিদর্শন, মূল্যায়ন, পরিবীক্ষণ ও সমন্বয়;
৬. উচ্চতর কমিটির নির্দেশনা বাস্তবায়ন এবং উচ্চতর কমিটির নিকট সুপারিশ প্রেরণ;
৭. পদাধিকারবলে নির্বাচিত সদস্য ব্যতীত অন্যান্য সদস্যদের মেয়াদ হবে তিন বছর;
৮. উপজেলা কমিটি বছরে কমপক্ষে চারটি সভায় মিলিত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা

সমাজসেবা অধিদফতর
সমাজকল্যান মন্ত্রণালয়
২০১৩

১০.২. উপজেলা কমিটি:

১০.২.১ কমিটির রূপরেখা ;

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের চেয়ারম্যান | সভাপতি |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার | সহ-সভাপতি |
| ৩ | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ | সদস্য |
| ৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৭ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৮ | সংশ্লিষ্ট ব্যাংকের ব্যবস্থাপক | সদস্য |
| ৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের প্রতিনিধি ১ (এক) জন | সদস্য |
| ১৩ | দলিত, হরিজন ও বেদে সংশ্লিষ্ট সংগঠন এর ১ (এক) জন করে প্রতিনিধি (যদি থাকে) | সদস্য |
| ১৪ | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ | সদস্য |
| ১৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য-সচিব |

বিঃ দ্রঃ

১. সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য উপজেলা কমিটির উপদেষ্টা হিসেবে প্রয়োজনীয় উপদেষনা দান করবেন।
২. স্থানীয় কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি (সরকারী কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি অগ্রগণ্য), স্থানীয় প্রবীণ সংগঠন, সমাজকল্যাণমূলক কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সংগঠন হতে কমিটি অনধিক ৩ (তিন) জন সদস্য প্রয়োজনে কো-অপ্ট করতে পারবে।

১০.২.২ কমিটির কর্মপরিধি ;

১. ইউনিয়ন কমিটি কর্তৃক বাছাইকৃত প্রাথমিক তালিকা যাচাই বাছাইপূর্বক তালিকা চূড়ান্তকরণসহ মাননীয় স্থানীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতা/উপবৃত্তি বিতরণ এবং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
২. ভাতা, শিক্ষা উপবৃত্তি এবং প্রশিক্ষণ প্রদান কার্যক্রম তদারকীসহ এ সংক্রান্ত যাবতীয় আপীল অভিযোগ নিস্পত্তিকরণ;
৩. ইউনিয়ন পর্যায়ে অবস্থিত সোনালী/জনতা/অগ্রণী/বাংলাদেশ কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের নিকটতম শাখার মাধ্যমে উপকারভোগীদের ভাতা/উপবৃত্তি প্রদানের ব্যবস্থা নিশ্চিতকরণ;
৪. উচ্চতর কমিটির নির্দেশনা বাড়ায়ন ও কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রেরণ;
৫. বছরে অন্তত: ৪ (চার) বার কমিটির সভা আহবান;

রেজিস্টার্ড নং ডি এ-১

**"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"**

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৫, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
আদেশ
তারিখ : ২৮ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ/১২ জুলাই ২০২০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২০০-আইন/২০২০। — বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ৫১নং আইন) এর ধারা ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আদেশ বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আদেশে—

(ক) 'আইন' অর্থ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ৫১ নং আইন);

(খ) 'কমিটি' অর্থ অনুচ্ছেদ ৬ এর অধীন গঠিত আবেদন যাচাই-বাছাই কমিটি;

(গ) 'ফরম' অর্থ এই আদেশের ফরম;

(ঘ) 'বীর মুক্তিযোদ্ধা" অর্থ আইনের ধারা ২ এর দফা (১১) এ বর্ণিত বীর মুক্তিযোদ্ধা;

(ঙ) 'মন্ত্রণালয়' অর্থ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়;

(চ) 'মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস)' অর্থ মোবাইল ফোন বা ইলেকট্রনিক ডিভাইসের মাধ্যমে আর্থিক লেনদেন পদ্ধতি বা সেবা;





**৬। আবেদন যাচাই-বাছাই কমিটি।**—(১) বীর মুক্তিযোদ্ধা বা সুবিধাভোগী কর্তৃক সম্মানি ভাতা প্রাপ্তির জন্য দাখিলকৃত আবেদন যাচাই-বাছাই করিবার লক্ষ্যে উপজেলা পর্যায়ে উপজেলা কমিটি এবং মহানগর পর্যায়ে মহানগর কমিটি গঠন করিতে হইবে।

(২) উপজেলা কমিটি নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :-

(ক) উপজেলা নির্বাহী অফিসার, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের উপজেলা কমান্ডের কমান্ডার বা তাঁহার অবর্তমানে একজন বীর মুক্তিযোদ্ধা (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত); এবং

(গ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, যিনি উহার সদস্য সচিবও হইবেন ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(বাজেট অধিশাখা)
www.molwa.gov.bd

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৬.৯৯.০০১.১৮.২০

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৮ / ১৯ আগস্ট ২০২১

বিষয়: বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণে সমাজসেবা কার্যালয়ের পরিবর্তে রাষ্ট্রায়ত্ব সোনালী ব্যাংক লিমিটেডকে দায়িত্ব প্রদান।

সূত্র: ১। এ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৬৮-আইন/২০২১, তারিখ: ০৮ আগস্ট ২০২১।
২। এ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২০০-আইন/২০২০, তারিখ: ১২ জুলাই ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি ভাতা কার্যক্রম পরিচালনায় সূত্রোক্ত ২ স্মারকে বর্ণিত "বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২০" অনুসরণ করা হয়, যা সূত্রোক্ত ১ স্মারকের মাধ্যমে সংশোধন করা হয়েছে। উক্ত সংশোধিত আদেশে নির্ধারিত উপকারভোগীর নিকট দ্রুততম সময়ে Government to Person (G2P) পদ্ধতিতে সম্মানি ভাতা বিতরণ নিশ্চিত করার লক্ষ্যে সমাজসেবা কার্যালয়ের পরিবর্তে রাষ্ট্রায়ত্ব বৃহৎ সোনালী ব্যাংক লিমিটেডকে সম্পৃক্ত করা হয়েছে। উল্লিখিত আদেশের অনুচ্ছেদ ৬ এ বর্ণিত “আবেদন যাচাই-বাছাই কমিটি” পুনর্গঠন করত: উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট কমিটিতে “উপজেলা সমাজসেবা কর্মকর্তা” এর পরিবর্তে “ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড” এবং মহানগর এলাকায় জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত ৩ সদস্য বিশিষ্ট কমিটিতে “জেলা সমাজসেবা কর্মকর্তা” এর পরিবর্তে “ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড” কে সদস্য সচিব হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

০২। উক্ত কমিটিতে দায়িত্ব পালনের ক্ষেত্রে কোন উপজেলায় সোনালী ব্যাংকের একাধিক শাখা থাকলে যে শাখায় বীর মুক্তিযোদ্ধাদের অধিকাংশ ব্যাংক হিসাব পরিচালিত হয়, সেই শাখার ব্যবস্থাপক উক্ত কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। একইভাবে, মহানগর সংশ্লিষ্ট কমিটিতে দায়িত্ব নির্ধারণের ক্ষেত্রে মহানগর/সিটি কর্পোরেশনের বিভিন্ন থানা বা ওয়ার্ডে সোনালী ব্যাংকের একাধিক শাখা থাকায় সংশ্লিষ্ট থানা ওয়ার্ডে অবস্থিত সোনালী ব্যাংকের যে শাখায় অধিকাংশ বীর মুক্তিযোদ্ধাদের ব্যাংক হিসাব পরিচালিত হয়, সেই ব্যাংক শাখার ব্যবস্থাপক উক্ত থানা/ওয়ার্ড ভিত্তিক বীর মুক্তিযোদ্ধাদের জন্য জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। সদস্য সচিব হিসেবে কর্মরত শাখা ব্যবস্থাপক প্রয়োজনে ব্যাংক ডাটাবেইজ বা অন্যান্য শাখা ব্যবস্থাপকের সহায়তা গ্রহণ করতে পারেন।

০৩ । এছাড়া, উক্ত সংশোধিত আদেশে বিদেশে স্থায়ীভাবে বসবাসরত বীর মুক্তিযোদ্ধা বা একই পরিবারে একাধিক মুক্তিযোদ্ধা বা অপ্রাপ্তবয়স্ক সুবিধাভোগীর ক্ষেত্রে সম্মানি ভাতা বিতরণে করণীয় সম্পর্কেও স্পষ্টীকরণ করা হয়েছে।

০৪। এ প্রেক্ষিতে, সংশোধিত "বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২০ অনুযায়ী বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণে সমাজসেবা কার্যালয়ের কোন ভুমিকা না থাকায় বীর মুক্তিযোদ্ধাদের প্রমাণক /দলিলাদিসমূহ এবং MIS এর User ID & Password সহ সংশ্লিষ্ট কমিটির সভাপতির দপ্তরে হস্তান্তর/গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সূত্রোক্ত প্রজ্ঞাপনের ২ সেট।

স্বাক্ষরিত
মোঃ মতিয়ার রহমান
উপসচিব
ফোন: ৯৫৫ ০১৩৩
ইমেইল: dsbudget@molwa.gov.bd

বিতরণ :
১। জেলা প্রশাসক (সকল)
২। উপপরিচালক, জেলা সমাজসেবা কর্মকর্তা (সকল)
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৪। উপজেলা সমাজসেবা কর্মকর্তা (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর- ৩২.০০.০০০০.০৫৭.১৪.০২১.১৮-১৭০ তারিখ: ১০/০৯/২০১৮ খ্রীঃ

বিষয়ঃ দুঃস্থ মহিলা উন্নয়ন (ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট-ভিজিডি) কর্মসূচির আওতায় ১ জানুয়ারি ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ চক্রের ভিজিডি উপকারভোগী বাছাই/নির্বাচন এবং ভিজিডি খাদ্য বিতরণ সংক্রান্ত পরিপত্র।

বাংলাদেশ সরকারের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ভিজিডি কর্মসূচি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর মাঠ পর্যায়ে বাস্তবায়ন করে। এ কর্মসূচির আওতায় নির্বাচিত অতি দরিদ্র মহিলাদেরকে খাদ্য সহায়তার পাশাপাশি সামাজিক সুরক্ষার আলোকে স্থায়ীভাবে জীবনযাত্রার মান উন্নয়ন, আয়বর্ধক প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা প্রদান ইত্যাদি উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। চলতি ভিজিডি চক্র (২০১৭-২০১৮) এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দে শেষ হবে। ১ জানুয়ারি ২০১৯ থেকে পরবর্তী ভিজিডি চক্র (ভিজিডি চক্র ২০১৯-২০২০) শুরু হবে।

১.০ সাধারণ নির্দেশাবলী:

"ভিজিডি চক্র ২০১৯-২০২০" এর উপকারভোগী নির্বাচন, ভিজিডি কার্ড বিতরণ এবং মনিটরিং কার্যক্রমসহ কর্মসূচির সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছ ধারণা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালা ও শর্তাবলী অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) দেশের সকল উপজেলা এ কর্মসূচির আওতাভুক্ত হবে। সিটি কর্পোরেশন এবং পৌরসভা এলাকায় ভিজিডি কার্ড বরাদ্দ করা হবে না। তবে চক্র শুরু হবার পর কোন ইউনিয়ন যদি পৌরসভা/সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়, সে ক্ষেত্রে ভিজিডি উপকারভোগীদের চলমান চক্রে খাদ্য সহায়তাসহ প্রশিক্ষণ ও অন্যান্য সুবিধাদি অব্যাহত থাকবে। বিশেষ প্রেক্ষাপটে সরকারের অনুমোদনক্রমে পৌরসভা ও সিটি কর্পোরেশন এলাকায় ভিজিডি কার্ড প্রদান করা যাবে।

খ) উপজেলা পর্যায়ে ভিজিডি কর্মসূচির বাস্তবায়ন ও ব্যবস্থাপনা উপজেলা নির্বাহী অফিসারের সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত হবে।

গ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেলা কার্যালয়ের প্রোগ্রাম অফিসারগণ (সদর উপজেলা) ভিজিডি কর্মসূচির বাস্তবায়ন ও সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। ভিজিডি উপকারভোগী মহিলা নির্বাচন এই দায়িত্বের অন্তর্ভুক্ত হবে।

ঘ) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জেলা প্রশাসকের সার্বিক তত্ত্বাবধানে তাঁর জেলার ভিজিডি কর্মসূচির সার্বিক সমন্বয় ও মনিটরিং এর দায়িত্ব পালন করবেন।

ঙ) ১ জানুয়ারি ২০১৯ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ চক্রের ভিজিডি উপকারভোগী বাছাই / নির্বাচন এবং বিতরণ সংক্রান্ত পরিপত্র অনুসরণে সংশ্লিষ্ট উপজেলার জন্য সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক উপকারভোগী বাছাই/নির্বাচন করতে হবে।

চ) উপজেলার সকল ইউনিয়নে ভিজিডি কার্ড সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে উপজেলা ভিজিডি কমিটি খাদ্য নিরাপত্তাহীনতা ও অতি দরিদ্র পরিবারের সংখ্যার অনুপাত বিবেচনা করবে।

ছ) এ পরিপত্র বাংলাদেশের সকল উপজেলার এবং প্রযোজ্য ক্ষেত্রে পৌরসভা ও সিটি কর্পোরেশনের জন্য প্রযোজ্য হবে।

২.০ ভিজিডি উপকারভোগী বাছাই/নির্বাচন নীতিমালা :

২.১ অন্তর্ভুক্তির শর্তাবলীঃ

যে সকল পরিবারের মহিলা নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করবে তাদের মধ্য থেকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ তাদেরকে র‍্যাংকিং এর ভিত্তিতে ভিজিডি উপকারভোগী হিসেবে নির্বাচন করা হবে (প্রাথমিক তালিকা ছক-০২ অনুযায়ী):

১. বয়স সীমা ২০ হতে ৫০ বছর। ডাটাবেজ তৈরির জন্য জাতীয় পরিচয়পত্র নম্বর বাধ্যতামূলক।
২. পরিবারে কর্মক্ষম দুস্থ, বিধবা, তালাকপ্রাপ্ত ও স্বামী পরিত্যক্তা নারী আছে এবং কোন উপার্জনক্ষম সদস্য অথবা অন্য কোন স্থায়ী/নিয়মিত আয়ের উৎস নেই।

উপজেলা ভিজিডি কমিটির গঠনঃ

| | | |
|---|---|---|
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২ | ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | সদস্য |
| ৩ | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | সদস্য |
| ৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৫ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৮ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| ৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৩ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১৬ | সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | সদস্য |
| ১৭ | উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের ১ জন প্রতিনিধি | সদস্য |
| ১৮ | প্রত্যেক সহযোগী বেসরকারি সংস্থার (চুক্তিবদ্ধ এনজিও) প্রতিনিধি | সদস্য |
| ১৯ | স্থানীয় ২ জন গণ্যমান্য ব্যক্তি (১জন পুরুষ ও ১ জন মহিলা) | সদস্য |
| ২০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা / (প্রোগ্রাম অফিসার সদর উপজেলার জন্য) | সদস্য-সচিব |

বিশেষ নির্দেশনাঃ উপজেলা নির্বাহী অফিসার এই কমিটির ১৯ নং ক্রমিকের সদস্য নির্বাচন করবেন এবং ১৭ নং সদস্য উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডারের সাথে আলোচনা পূর্বক নির্বাচন করবেন।

উপজেলা ভিজিডি কমিটির কর্মপরিধি :

ক) উপজেলা ভিজিডি কমিটি সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার ৩.১ এ বর্ণিত ৩ সদস্য বিশিষ্ট একটি ওয়ার্ড কমিটি গঠন করত: পত্রজারী করবেন।

খ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপজেলা ভিজিডি কমিটির সভায় সংশ্লিষ্ট উপজেলার সকল ইউপি চেয়ারম্যান এবং সচিবদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা করবেন। সভায় ভিজিডি উপকারভোগী নির্বাচন সম্পর্কিত একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন। একই সাথে ইউনিয়ন ভিত্তিক কার্ড বরাদ্দ চূড়ান্ত করবেন।

গ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা ভিজিডি কমিটির সভাপতি, উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শক্রমে ওয়ার্ড কমিটি কর্তৃক প্রস্তুতকৃত খসড়া (র‌্যাংকিং) তালিকা জনসম্মুখে প্রকাশ করবে। তালিকা যাচাই বাছাই/পর্যালোচনার জন্য ভিজিডি আবেদনকারী মহিলাদেরকে প্রতি ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে একটি নির্দিষ্ট তারিখে এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে জমায়েত করবে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপজেলা ভিজিডি কমিটির সহযোগিতায় সকল আবেদনকারী তথ্য যাচাই করার জন্য পৃথক পৃথক ভাবে শুনানি গ্রহণ করে 'ছক ২' চূড়ান্ত করবে।

ঘ) উপজেলা ভিজিডি কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার ডাটা বেইজড/ ইউনিয়ন হতে প্রাপ্ত সম্ভাব্য ভিজিডি মহিলাদের তালিকাটি পর্যালোচনা পূর্বক পূর্নাঙ্গ তালিকা অনুমোদন প্রদান করবেন। এক্ষেত্রে, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ছক-৩ অনুযায়ী প্রস্তুতকৃত ভিজিডি মহিলাদের পূর্ণাঙ্গ তালিকার প্রতি পাতায় স্বাক্ষর করবেন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে স্বাক্ষরিত তালিকাটি প্রেরণ করবেন। অনুমোদিত এবং স্বাক্ষরিত চুড়ান্ত ভিজিডি মহিলাদের তালিকা ৩০ নভেম্বর ২০১৮ এর মধ্যে ইউনিয়ন পরিষদে প্রেরন নিশ্চিত করবেন।

ঙ) চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীর নামের তালিকা অনুমোদনের পর ভিজিডি ডাটা বেইজএ (উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কাজটি সম্পন্ন করবেন) অন্তর্ভুক্ত করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা

## (সংশোধিত)

# Implementation Manual for Matternity Allowance Distribution Programme for Poor Mother

## (Revised)

মহিলা বিষয়ক অধিদপ্তর

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

২০১৫

৫.০ উপজেলা মাতৃত্বকাল ভাতা কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) | উপদেষ্টা |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৩ | সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান | সদস্য |
| ৪ | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | সদস্য |
| ৫ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৮ | সংশ্লিষ্ট উপজেলা ব্যাংক প্রতিনিধি | সদস্য |
| ৯ | নির্বাচিত ভাতাভোগী ২ জন ( উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০ | সংশ্লিষ্ট এনজিও/সিবিও প্রতিনিধি | সদস্য |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য-সচিব |

৫.১ উপজেলা মাতৃত্বকাল ভাতা কমিটির কার্য পরিধিঃ

ক. উপজেলায় বাস্তবায়িত কর্মসূচির তদারকি।

খ. নির্বাচিত সকল এনজিও/সিবিও এর কার্যাবলী মনিটরিং।

গ. মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় উপজেলার মাঠ পর্যায়ে সৃষ্ট সকল সমস্যার সমাধান।

ঘ. ইউনিয়ন কমিটি কর্তৃক প্রদেয় ভাতাভোগীর তালিকা যাচাই বাছাই পূর্বক উপযুক্ত ভাতাভোগী নির্বাচন চুড়ান্ত করা ।

ঙ. কোন অভিযোগ আপত্তি বা ভাতাভোগী নির্বাচন সংক্রান্ত জটিলতা নিরশনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

চ. ব্যাংক হিসাব খোলা এবং ভাতা বিতরনে উদ্ভত সমস্যা সমাধান।

ছ. প্রত্যেক ভাতাভোগীকে ব্যাংকের হিসাব নম্বরের মাধ্যমে ভাতা পরিশোধ এবং প্রত্যেক ভাতাভোগীর ডাটাবেইজ উপজেলা কার্যালয়ে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়টি তদারক।

জ. এনজিও/সিবিও এর কাজ মনিটরিং।

ঝ. তিন মাসে ১টি সভা আয়োজন তবে বিশেষ প্রয়োজনে তিন মাস পূর্বেই সভা করা যাবে।

“জাতীয় সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, ২০১৯” (National Integrated Savings and Micro-credit Implementation Guideline, 2019 এর আলোকে প্রণীত
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায়
"ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা, ২০২২

১. পটভূমি

বাংলাদেশ সরকার দেশের দারিদ্র ও বৈষম্য হ্রাসে এবং জনসাধারণের জীবনমান উন্নয়নে দৃঢ় প্রতিজ্ঞ। সরকারের এ অঙ্গীকার বাস্তবায়নে ও উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গঠনে রূপকল্প-২০২১, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রায় “কেউ পিছিয়ে থাকবে না” এই প্রত্যয় বাস্তবায়ন, ২০৪১ সালের মধ্যে কর্মক্ষেত্রে নারীর ৫০:৫০ অংশগ্রহণসহ উন্নত বিশ্বে পদার্পণ, প্রেক্ষিত পরিকল্পনা ও ডেল্টা প্লান-২১০০ প্রণয়ন করা হয়েছে। এই সকল অঙ্গীকার বাস্তবায়নে সরকারের প্রতিটি মন্ত্রণালয়ে নেয়া হয়েছে বহুমূখী কার্যক্রম। যার মধ্যে উল্লেখযোগ্য নারীর ক্ষমতায়ন ও স্ব-কর্মসংস্থানের মাধ্যমে আত্মনির্ভরশীল নাগরিক হিসেবে সমাজে নারীর অবস্থান দৃঢ় করা। এ লক্ষ্যে নারীর দারিদ্র বিমোচনে ও নারীর কর্মসংস্থানে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট নীতিমালা অনুযায়ী মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থা কর্তৃক "মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম” মাঠ পর্যায়ে বাস্তবায়ন করা হচ্ছে।

২. লক্ষ্য ও উদ্দেশ্য:

লক্ষ্য: তৃণমূল পর্যায়ে নারীর জীবনযাত্রার মান উন্নয়ন এবং আয়বর্ধক কর্মকান্ডে সম্পৃক্ত করে স্বাবলম্বী করে গড়ে তোলা।

উদ্দেশ্য: ১। উৎপাদনমূখী কর্মকান্ডে নারীর অংশগ্রহণ।
২। উদ্যোক্তা সৃষ্টি।
৩। নারীর ক্ষমতায়ন।

৩. “মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম” পরিচালনা পদ্ধতি:

এই লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে “জাতীয় সমন্বিত সঞ্চয় ও ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ২০১৯” (National Integrated Savings and Micro-credit Implementation Guideline, 2019) অনুযায়ী "মহিলাদের আত্ম- কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম” এর ক্ষুদ্রঋণের হার নির্ধারণ, বিতরণ এবং ঋণ কার্যক্রম পরিচালনা পরিকল্পনা গৃহীত হয়।

ঋণের ধরণ: ক্ষুদ্রঋণ (৫% সার্ভিস চার্জসহ)।

ঋণ গ্রহীতা: দরিদ্র, বেকার, প্রশিক্ষণপ্রাপ্ত ও পেশাজীবি (পরিবার কেন্দ্রিক) নারী।

ঋণ গ্রহীতার: শ্রেণীবিন্যাস :

(ক) ক শ্রেণী (বার্ষিক আয় সর্বোচ্চ ১,০০,০০০ টাকা;

(খ) খ শ্রেণী (বার্ষিক আয় ১,০০,০০১ টাকা হতে ২,০০,০০০ টাকা);

(ক) উপজেলা কমিটি- (৬৪টি জেলার সদর উপজেলার জন্যও এই কমিটি প্রযোজ্য)।

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৩ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৪ | ভারপ্রাপ্ত কর্মকর্তা (পুলিশ ষ্টেশন) | সদস্য |
| ৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৭ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ৮ | মহিলা ভাইস চেয়ারম্যান | সদস্য |
| ৯ | জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি- (যদি থাকে) | সদস্য |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার (সদর উপজেলার ক্ষেত্রে) | সদস্য-সচিব |

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর ৬, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রজ্ঞাপন
তারিখ : ১৭ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০২ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৮৮-আইন/২০১৮। — বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ (২০১৭ সনের ৬ নং আইন) এর ধারা ২০, ধারা ৩ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :-

**১। শিরোনাম।**—এই বিধিমালা বাল্যবিবাহ নিরোধ বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে ।

**২। সংজ্ঞা।-** বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায় –

(ক) "আইন" অর্থ বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ (২০১৭ সনের ৬ নং আইন);

(খ) "ইউনিয়ন কমিটি" অর্থ বিধি ১২ এর অধীন গঠিত ইউনিয়ন কমিটি;

(গ) "উপজেলা কমিটি" অর্থ বিধি ৯ এর অধীন গঠিত উপজেলা কমিটি;

(ঘ) "জাতীয় কমিটি" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত জাতীয় কমিটি;

(ঙ) "জেলা কমিটি" অর্থ বিধি ৬ এর অধীন গঠিত জেলা কমিটি;

(চ) "তপশিল" অর্থ এই বিধিমালার তপশিল;

(ছ) "ফরম" অর্থ এই বিধিমালার ফরম;

(জ) "যাচাই কমিটি" অর্থ এই বিধিমালার ১৭(৩)(ক) বিধিতে উল্লিখিত অপ্রাপ্ত বয়স্কের সর্বোত্তম স্বার্থ যাচাই কমিটি;

(ঝ) "সচিব" বলিতে "সচিবালয় নির্দেশমালা ২০১৪" তে বর্ণিত সচিবসহ সিনিয়র সচিবকেও বুঝাইবে;

(ঞ) "ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি" অর্থ আইনের ধারা ৪ এর অধীন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ।

**৯। উপজেলা কমিটি গঠন, ইত্যাদি।**-(১) বাল্যবিবাহ প্রতিরোধের নিমিত্ত প্রত্যেক উপজেলায় একটি উপজেলা কমিটি থাকিবে এবং সংশ্লিষ্ট উপজেলার নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উহা গঠিত হইবে, যথা :–

(১) উপজেলা নির্বাহী কর্মকর্তা, যিনি উহার সভাপতিও হইবেন;

(২) উপজেলা পরিষদের সকল ভাইস চেয়ারম্যান;

(৩) পৌরসভার মেয়র কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি, যদি থাকে;

(৪) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা;

(৫) উপজেলা শিক্ষা কর্মকর্তা;

(৬) উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা;

(৭) উপজেলা সমবায় কর্মকর্তা;

(৮) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা;

(৯) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা;

(১০) উপজেলা সমাজসেবা কর্মকর্তা;

(১১) থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা;

(১২) জাতীয় মহিলা সংস্থার উপজেলা কমিটির চেয়ারম্যান;

(১৩) সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান;

(১৪) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত—

(ক) উপজেলা সদরে অবস্থিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং মাদ্রাসার একজন করিয়া প্রধান শিক্ষক বা অধ্যক্ষ বা তত্ত্বাবধায়ক;

(খ) বাল্যবিবাহ প্রতিরোধ অথবা নারী ও শিশু অধিকার সম্পর্কিত কার্যক্রম রহিয়াছে এইরূপ দুইটি বেসরকারি সংস্থার (এনজিও) একজন করিয়া উপযুক্ত প্রতিনিধি, যাহাদের মধ্যে একজন মহিলা হইবেন;

(গ) বাল্যবিবাহ প্রতিরোধ অথবা নারী ও শিশু অধিকার সংরক্ষণ কার্যক্রমে অভিজ্ঞতাসম্পন্ন সংশ্লিষ্ট উপজেলায় বসবাসরত দুইজন প্রতিনিধি, যাহাদের মধ্যে একজন মহিলা হইবেন;

(ঘ) উপজেলা সদরে অবস্থিত মাধ্যমিক বিদ্যালয়ের একজন ছাত্র এবং একজন ছাত্রী:

(ঙ) একজন নিকাহ রেজিস্ট্রার ও অন্যান্য ধর্মের একজন করিয়া বিবাহ নিবন্ধক

(১৫) ওয়ান-স্টপ ক্রাইসিস সেলের প্রোগ্রাম অফিসার; এবং

(১৬) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-বিধি (১) এর দফা (১৪) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসর মেয়াদে সদস্য পদে অধিষ্ঠিত থাকিবেন :

তবে শর্ত থাকে যে, উপজেলা নির্বাহী কর্মকর্তা উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোনো সময়, কারণ দর্শানো ব্যতিরেকে, উক্তরূপ মনোনীত কোনো সদস্যকে সদস্য পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে এবং মনোনীত কোনো সদস্যও উপজেলা নির্বাহী কর্মকর্তার উদ্দেশ্যে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন।

(৩) উপজেলা কমিটি, প্রয়োজন মনে করিলে, কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে উহার সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

(৪) সংশ্লিষ্ট উপজেলার সংসদ সদস্য উপজেলা কমিটির প্রধান উপদেষ্টা এবং উপজেলা চেয়ারম্যান উপদেষ্টা হইবেন।

**১০। উপজেলা কমিটির সভা।**-(১) উপজেলা কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

(২) প্রতি মাসে উপজেলা কমিটির অন্যূন একটি সভা অনুষ্ঠিত হইবে এবং সভার তারিখ, ও স্থান উপজেলা কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত হইবে। সময়

(৩) উপজেলা কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না ।

**১১। উপজেলা কমিটির কার্যাবলি।**—উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে ইউনিয়ন কমিটির কার্যক্রম তদারকি, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(খ) জেলা কমিটি হইতে প্রাপ্ত নির্দেশনা বা সুপারিশ বাস্তবায়ন;

(গ) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে লোকসংস্কৃতি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ স্থানীয় পত্রিকা, কেবল নেটওয়ার্ক, বিলবোর্ড, পোস্টার, লিফলেট, প্রামাণ্যচিত্র, ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম এবং সামাজিক নেটওয়ার্কিং এর মাধ্যমে বাল্যবিবাহের কুফল সম্পর্কে প্রচারণার ব্যবস্থা গ্রহণ;

(ঘ) বাল্যবিবাহ প্রতিরোধের চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ এবং উহা নিরসনে জেলা কমিটির নিকট সুপারিশ প্রেরণ;

(ঙ) প্রতি পঞ্জিকা বৎসরের শুরুতে বাল্যবিবাহ প্রতিরোধকল্পে কর্মপরিকল্পনা প্রণয়ন ও উহা বাস্তবায়ন;

(চ) প্রতি মাসে সম্পাদিত কার্যাবলির প্রতিবেদন তপশিল-২ এ উল্লিখিত ফরম ক, খ ও গ অনুযায়ী প্রণয়ন এবং উহার অনুলিপি জেলা কমিটির সভাপতির নিকট প্রেরণ; মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর অধীন নিষ্পত্তিকৃত মামলার তথ্যাদি তপশিল-৭ অনুযায়ী সংরক্ষণ; এবং

(জ) ডাটাবেজ তৈরিকরণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সেল শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং- ৩২.০০.০০০০.০৩৭.০৬ (১১).০১৪.১৬-২৯৫ তারিখ: ১৬/১১/২০১৬ খ্রিঃ।

প্রজ্ঞাপন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে গত ১৩/০২/২০১৪ তারিখে মশিবিম/শা-সেল/১৬/৯৯ (অংশ-১)/৩৩ নং স্মারকমূলে 'উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি' পুনর্গঠন করা হয়। উক্ত কমিটি বাতিলপূর্বক 'উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি' নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | সদস্য |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি- চিকিৎসক | সদস্য |
| ৪ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৭ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৮ | উপজেলা সাব-রেজিস্ট্রার | সদস্য |
| ৯ | জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান (যে ক্ষেত্রে প্রযোজ্য) | সদস্য |
| ১০ | স্থানীয় প্রেস ক্লাবের প্রতিনিধি | সদস্য |
| ১১ | বে-সরকারি সংস্থার মহিলা প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২ | শিক্ষক সমিতির সভাপতি (মাধ্যমিক ও প্রাথমিক) | সদস্য |
| ১৩ | প্রোগ্রাম অফিসার, ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার (যে ক্ষেত্রে প্রযোজ্য) | সদস্য |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য-সচিব |

'উপজেলা নারী ও শিশু নির্যতন প্রতিরোধ কমিটি'-র কার্যপরিধি :

(ক) উপজেলা পর্যায়ের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেলের কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় করা;

(খ) কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সার্বিক সহায়তা প্রদান করা; এবং

(গ) কমিটি প্রতিমাসে সভা করে সভার কার্যবিবরণী নারী ও শিশু নির্যাতন কেন্দ্রীয় প্রতিরোধ সেলে প্রেরণ করা।

০২। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপট করতে পারবে।

স্বাক্ষরিত
(রোকেয়া খাতুন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৯৯৬

বিতরণ : ০১। উপজেলা নির্বাহ অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,.............................
(কমিটির সদস্যদের ছায়ালিপি প্রেরণের অনুরোধসহ)।
০২। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, মুদ্রণ, লেখসামগ্রী, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

নং- ৩২.০০.০০০০.০৩৭.০৬ (১১).০১৪.১৬-২৯৫ তারিখ: ১৬/১১/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর :- ০৪.০০.০০০০.৫১২.০৬.০১২.১৭.৫০২

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৫ / ২৯ নভেম্বর ২০১৮

বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের 'ক্লাব ব্যবস্থাপনা কমিটি (CMC)'র সভাপতি পদে উপজেলা নির্বাহী অফিসারের অন্তর্ভূক্তিতে সম্মতি প্রদান সংক্রান্ত।

সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৫৬.১১.০০৭.১৮.৩০৯ তারিখ: ২৬.১১.২০১৮

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের 'ক্লাব ব্যবস্থাপনা কমিটি (CMC)'র সভাপতি পদে উপজেলা নির্বাহী অফিসারের অন্তর্ভূক্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন:৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা
পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং- ৩২.০০.০০০০.০৫৬. ১১.০০৭.১৮-৩০৯ তারিখ: ২৬/১১/২০১৮ খ্রিঃ।

বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের 'ক্লাব ব্যবস্থাপনা কমিটি (CMC)'র সভাপতি পদে উপজেলা নির্বাহী অফিসারের অন্তর্ভূক্তিতে সম্মতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'কিশোর কিশোরী ক্লাব স্থাপন' শীর্ষক প্রকল্পের ডিপিপিতে 'ক্লাব ব্যবস্থাপনা কমিটি (CMC) নিম্নরূপ ভাবে গঠন হয়েছে:-

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২ | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) | সদস্য |
| ৩ | চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ | সদস্য |
| ৪ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা | সদস্য |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৮ | সুশীল সমাজের প্রতিনিধি | সদস্য |
| ৯ | অভিভাবক প্রতিনিধি | সদস্য |
| ১০ | ফিল্ড সুপারভাইজার | সদস্য |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য-সচিব |

কমিটির দায়িত্ব ও কর্মপরিধি:
১। কমিটি বৎসরে কমপক্ষে ৪টি সভা আহ্বান করবে।
২। ক্লাব সদস্য নির্বাচন করবে।
৩। ক্লাব কার্যক্রম পর্যালোচনা করবে।
৪। ক্লাব কার্যক্রমের সমস্যা চিহ্নিত করবে।
৫। প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে কমিটি কোন উদ্ভুত সমস্যা নিরসনে সুপারিশ পিআইসি কমিটিতে পেশ করবে।
৬। কমিটি প্রয়োজনে সদস্য অন্তর্ভূক্ত করবে।

২। 'কিশোর কিশোরী ক্লাব স্থাপন' শীর্ষক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণের সহায়তা অপরিহার্য। এমতবস্থায়, সরকারের অগ্রাধিকার ভিত্তিক এ প্রকল্পের আওতায় গঠিত 'ক্লাব ব্যবস্থাপনা কমিটি (CMC)' এর সভাপতি পদে উপজেলা নির্বাহী অফিসারগণকে অন্তর্ভূক্ত করার সদয় সম্মতি দানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
সংযুক্তি: বর্ণনা মোতাবেক-০১ ফর্দ।

স্বাক্ষরিত
(মোঃ আবুল খায়ের)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৯৭৭৪
ই-মেইল: dev1mowca@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

“শেখ হাসিনার বার্তা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং ৩২.০১.০০০০.০৪৭.৮৬.০১৬.১৭ (অংশ- ১)- ১১৪ তারিখ:০৮/০৬/২০২১খ্রি:

বিষয়: উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের প্রশিক্ষণার্থী যাচাই বাছাই কমিটি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইডিএ) প্রশিক্ষণ" প্রকল্প, ১ জুন ২০২১ তারিখ, রোজ মঙ্গলবার অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এর সভায় উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পটি ০৮টি বিভাগীয় শহর, ৬৪টি জেলা শহর ও ৪২৬টি উপজেলার সাথে নতুন ৫টি উপজেলা (কুমিল্লা জেলার হোমনা, লালমাই, রাজবাড়ী জেলার কালুখালী, সিলেট জেলার ওসমানীনগর ও চট্টগ্রাম জেলার কর্ণফুলী উপজেলা) সহ সর্বমোট ৪৩১টি উপজেলা শহরে ৩, ৮১,২৫০ জন নারীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক ডিসেম্বর - ২০২২ মেয়াদে অনুমোদন প্রদান করেন।

২য় সংশোধিত প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রশিক্ষণার্থী যাচাই-বাছাই কমিটি নিম্নরূপঃ

উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী নির্বাচন কমিটিঃ

| ক্র. নং | কমিটির সদস্যদের পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২। | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | সদস্য |
| ০৩। | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ০৪। | উপজেলা যুব উন্নয়ন অফিসার | সদস্য |
| ০৫। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধিঃ

১। উপজেলা পর্যায়ে আইজিএ প্রকল্পের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থী নির্বাচন।

২। প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম তদারকি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রাণালয়
পরিকল্পনা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং ৩২.০০.০০০০.৬২.১৪.০০৩.১৭- ৯৯ তারিখঃ ১৫/১১/২০১৮

১। "কিশোর কিশোরী ক্লাব স্থাপন" শীর্ষক প্রকল্পে বিভিন্ন পদে জনবল নিয়োগে কমিটি এবং এর কার্যপরিধি জারী প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ ০৪.০০.০০০০.৫১২.০৬.০১২.১৭-৪৬৮, তারিখ: ০৮/১১/২০১৮

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক “কিশোর কিশোরী ক্লাব স্থাপন” শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটি দেশের ৪৫৫৩টি ইউনিয়ন ও ৩৩০টি পৌরসভায় কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এটি একটি ব্যতিক্রমধর্মী প্রকল্প। এ প্রকল্পের আওতায় ৩০ জন কিশোর ও কিশোরীর সমন্বয়ে এক একটি ক্লাব গঠিত হবে। এ ৩০ জন সদস্যের মধ্যে ১০ জন সদস্য থাকবে কিশোর ও ২০ জন সদস্য থাকবে কিশোরী। এদের বয়স ১১-১৮ বছরের মধ্যে হবে। বয়:সন্ধিকাল এবং উঠতি বয়সের বিষয়টি বিবেচনায় নিয়ে এ প্রকল্পের আওতায় জেন্ডার প্রমোটার, আবৃত্তি ও সংগীত বিষয়ক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। এ লক্ষ্যে প্রকল্পের আওতায় জেন্ডার প্রমোটার, আবৃত্তি ও সংগীত বিষয়ক শিক্ষক নিয়োগের জন্য অর্থ বিভাগের জনবল নির্ধারণ কমিটি কর্তৃক আউট সোর্সিং ফার্মের মাধ্যমে নিয়োগের কথা উল্লেখ আছে। প্রকল্পের মূল উদ্দেশ্য বাস্তবায়নের সকল দিক বিবেচনা করে প্রকল্পের জনবল নিয়োগের পূর্বে উপযুক্ত প্রার্থী যাচাই করার জন্য প্রত্যেক উপজেলা নির্বাহী কর্মকর্তাকে আহবায়ক করে ৩(তিন) সদস্য বিশিষ্ট একটি প্যানেল কমিটি গঠন করা হলোঃ-

| ক্র. নং | কর্মকর্তার পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী কর্মকর্তা | আহবায়ক |
| ০২। | উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত আবৃতি ও সংগীত বিষয়ক শিক্ষক | সদস্য |
| ০৩। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

ক। (১) উপজেলা নির্বাহী কর্মকর্তা, (২) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত আবৃত্তি ও সংগীত বিষয়ক শিক্ষক এবং (৩) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সমন্বয়ে গঠিত প্যানেল কমিটি সংশ্লিষ্ট উপজেলার প্রতিটি ক্লাবের প্রত্যেক পদে আবেদনকারী যোগ্য প্রার্থীদের মধ্য হতে ৭ (সাত) জনের একটি প্যানেল তালিকা প্রণয়ন করবে।

খ। আউট সোর্সিং ফার্ম উক্ত প্যানেল থেকে মেধাক্রম অনুযায়ী প্রতি পদে প্রার্থী নিয়োগ প্রদান করবে।

গ। জেন্ডার প্রমোটার প্রার্থী নির্বাচনে মহিলা প্রার্থী নির্বাচনে অগ্রাধিকার দিতে হবে। আবৃতি ও সংগীত বিষয়ক শিক্ষক প্রার্থী নির্বাচনের ক্ষেত্রেও মহিলাদের অগ্রাধিকার দিতে হবে। এ সকল প্রার্থী সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা হতে হবে। যদি কোন কারণে সংশ্লিষ্ট উপজেলার কোন প্রার্থী পাওয়া না যায় তাহলে পাশ্ববর্তী উপজেলা হতে এ সকল প্রার্থী চূড়ান্ত করতে হবে। এ প্রার্থীকে বাইসাইকেল চালানো জানতে হবে।

ঘ। বিবিধ।

২। এমতাবস্থায়, উল্লিখিত কমিটি এবং এর কার্যপরিধি অনুযায়ী আলোচ্য প্রকল্পের জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ মাহমুদ আলী)
উপ-প্রধান
ফোন-৯৫৫৩৫০৫

উপজেলা নির্বাহী কর্মকর্তা
.........................উপজেলা
................ জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, “কিশোর কিশোরী ক্লাব স্থাপন" শীর্ষক প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ............ জেলা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, .............. জেলা।
৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ................. উপজেলা, .................... জেলা।

# “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” কার্যক্রম পরিচালনা নীতিমালা

পটভূমিঃ জেন্ডার সমতাভিত্তিক সমাজ বিনির্মাণে আমারা সাংবিধানিক ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। সাংবিধানের ২৭, ২৮, ২৯ এবং ৬৫ নং অনুচ্ছেদে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ণের কথা বলা হয়েছে। এ সাথে সংগতি রেখে বিভিন্ন আন্তর্জাতিক দলিলেও বাংলাদেশ স্বাক্ষর করেছে (যেমন-সিডও)। ফলশ্রুতিতে জেন্ডার সমতাভিত্তিক সমাজ বিনির্মাণ আমাদের জন্য একটি আন্তর্জাতিক দায় হিসাবেও আমাদের জাতীয় উন্নয়ন কৌশল পত্রে অগ্রাধিকার পেয়েছে।

সরকারি ও বেসরকারি পর্যায়ের বিভিন্ন নারী বান্ধব উদ্যোগের কারণে ইতোমধ্যে বাংলাদেশ নারীর উন্নয়ন ও ক্ষমতায়নে নজরকাড়া অগ্রগতি অর্জন করতে সমর্থ হয়েছে। দেশের অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে নারীর উপস্থিতি ক্রমান্বয়ে উজ্জ্বল থেকে উজ্জ্বলতর হচ্ছে। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বব্যাপী একটি মডেল হিসাবে গণ্য হচ্ছে, সেখানেও বাংলাদেশের নারী সমাজের অগ্রগতি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

উপরোক্ত প্রেক্ষাপটে বাংলাদেশের সামগ্রীক অগ্রযাত্রা ও নারীর অগ্রযাত্রা পরস্পর পরিপূরক। নারীর উন্নয়ন ও ক্ষমতায়নের অগ্রযাত্রাকে আরো ত্বরান্বিত করার লক্ষ্যে নারীর সাফল্য, নারীর জীবন সংগ্রাম, নারীর উন্নয়ন গোটা জাতির সামনে তুলে ধরা আবশ্যক।

নারী সমাজের মধ্যে বিরাজমান সকল প্রকার বিভ্রান্তি ও আশঙ্কা দূর করে নারীদেরকে সকল প্রতিবন্ধকতা উপেক্ষা করার শক্তিতে উজ্জীবিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যকে সামনে রেখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দিক নির্দেশনায় ও মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে প্রতিবছর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ (২৫ নভেম্বর থেকে১০ ডিসেম্বর) এবং বেগম রোকেয়া দিবস (৯ ডিসেম্বর) উৎযাপন কালে দেশব্যাপী “জয়িতা অন্বেষণে বাংলাদেশ” শীর্ষক একটি অভিনব প্রচারাভিযান শুরুর প্রস্তাব করা হয়েছে। এ কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে তৃনমূলের সকল নারী তথা জয়িতাদের অনুসন্ধান করে তাঁদের স্বীকৃতি ও সম্মাননা প্রদান অন্যান্য নারীদেরকে অনুপ্রানীত করবে, সমগ্র সমাজ মানস নারী বান্ধব হবে এবং এতে করে জেন্ডার সমতা ভিত্তিক সমাজ বিনির্মাণ ত্বরান্বিত হবে। প্রসঙ্গত: উল্লেখ্য, জয়িতা হচ্ছে সমাজের সকল বাধা-বিপত্তি অতিক্রম করে বিভিন্ন ক্ষেত্রে সফল নারীর একটি প্রতিকী নাম। কার্যক্রমটি রাজস্ব বাজেটের আওতায় প্রতি বছর দেশ ব্যাপী পরিচালনার প্রস্তাব করা হয়েছে।

উদ্দেশ্যঃ

১। সমাজের বিভিন্ন ক্ষেত্রের জয়িতাদের চিহ্নিত করে তাদের যথাযথ সম্মান, স্বীকৃতি ও অনুপ্রেরণা প্রদান করে সমাজের আপামর নারীদের মধ্যে আস্থা সৃষ্টি করা এবং তাঁদের জয়িতা হতে অনুপ্রাণীত করা।

২। নারীর অগ্রযাত্রায় সকল প্রতিবন্ধকতা মোকাবেলা করে জয়িতাদের অগ্রসর হওয়ার পথ সুগম করা। ফলশ্রুতিতে জেন্ডার সমতাভিত্তিক সমাজ বিনির্মাণের মাধ্যমে দেশের সুষম উন্নয়ন ত্বরান্বিত করা।

৩। আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবসের মূল চেতনার সাথে সংগতি রেখে গতানুগতিকতার উর্ধে উঠে দিবস গুলো যথাযথ ভাবে উদযাপন করা।

উপজেলা কমিটিঃ

| | |
|---|---|
| ১। উপজেলা নির্বাহী অফিসার | আহ্বায়ক |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা/সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা / উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৪। পৌরসভার একজন প্রতিনিধি (প্রজোজ্য ক্ষেত্র) | সদস্য |
| ৫। সুশীল সমাজের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬। এনজিও প্রতিনিধি | সদস্য |
| ৭। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার | সদস্য সচিব |

* কমিটি প্রয়োজনে কমিটিতে উপজেলা পর্যায়ের অন্যান্য কর্মকর্তা কো-অপ্ট করতে পারবে।

**কমিটির কর্মপরিধিঃ** ১. ইউনিয়ন কমিটির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই বাছাই পূর্বক প্রতি ক্যাটগরীতে ১জন করে জয়িতা নির্বাচন করে নির্ধারিত সময়ের মধ্যে জেলা কমিটির নিকট প্রেরণ।

২. জেলা কমিটির নিকট প্রেরিত তথ্যাদির সঠিকতা সম্পর্কে সার্টিফাই করতে হবে।

৩. আন্তর্জাতিক নারী নির্যাতন ও প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস উদ্‌যাপন করার উদ্দেশ্যে সকল প্রক্রিয়া যথাসময়ে সম্পন্ন করা।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

নারী ও শিশুশ্রম শাখা

সংশোধিত প্রজ্ঞাপন

তারিখ : ২২ জৈষ্ঠ্য ১৪২৫/০৫ জুন ২০১৮

নং ৪০.০০.০০০০.০২৩.০৩.০০২.১৩-৫১—জাতীয় শিশুশ্রম নিরসন নীতি-২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্ম পরিকল্পনার সংস্থান মোতাবেক বাংলাদেশের প্রতিটি উপজেলার জন্য নিম্নরূপ "উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (UCLMC)"-পুনর্গঠন করা হল :

| | | |
|---|---|---|
| ১. | পৌরসভা মেয়র/উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৫. | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| ১০. | চেয়ারম্যান, পৌর করপোরেশন | সদস্য |
| ১১. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | সদস্য |
| ১২. | সভাপতি, উপজেলা মাধ্যমিক স্কুল শিক্ষক সমিতি | সদস্য |
| ১৩. | সভাপতি, উপজেলা প্রাথমিক স্কুল শিক্ষক সমিতি | সদস্য |
| ১৪. | সভাপতি, স্থানীয় চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| ১৫. | শ্রমিক সংগঠনের প্রতিনিধি (সভাপতি মনোনীত) | সদস্য |
| ১৬. | স্থানীয় সংসদ-সদস্য কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ১৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিষদের কার্যপরিধি :

(১) উপজেলা পর্যায়ে জাতীয় শিশুশ্রম নিরসন নীতি-২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন সহায়তা, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ণ ;

(২) শিশুশ্রম পরিস্থিতির তথ্য সংগ্রহ ও জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি'তে নিয়মিত প্রতিবেদন প্রেরণ;

(৩) শিশুশ্রম নিরসনের লক্ষ্যে নীতি, কৌশল ও কর্মসূচি গ্রহণ এবং বাজেট বরাদ্দের লক্ষ্যে জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি'তে সুপারিশ প্রেরণ;

(৪) শিশুশ্রম সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ ও ব্যবস্থাপনা;

(৫) প্রয়োজনে কমিটি প্রতিনিধি কো-অপ্ট করতে পারবে;

(৬) কমিটি ৩ (তিন) মাস অন্তর অন্তর সভায় মিলিত হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন

উপসচিব

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

৩। উপজেলা পুষ্টি সমন্বয় কমিটিঃ

ক) কমিটির গঠন:

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ চেয়ারম্যান | উপদেষ্টা |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৩. | উপজেলা ভাইস চেয়ারম্যান (নারী) | সদস্য |
| ৪. | উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ) | সদস্য |
| ৫. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ১১. | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ১২. | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৩. | উপসহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১৪. | স্কুল/কলেজ শিক্ষক প্রতিনিধি - ০২ জন (ইউএইচএফপিও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫. | স্থানীয় সাংবাদিক - ০৩ জন (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৬. | প্রতিনিধি, উন্নয়ন সহযোগী সংস্থা/বেসরকারি সংস্থা (NGO)-৩ (তিন) জন (ইউএইচএফপিও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৭. | প্রতিনিধি, কমিউনিটি সাপোর্ট গ্রুপ | সদস্য |
| ১৮. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য সচিব |

খ) কমিটির কর্মপরিধিঃ

১. দ্বিতীয় জাতীয় পুষ্টি কর্ম পরিকল্পনার আলোকে উপজেলা পর্যায়ে পুষ্টি কার্যক্রম বাস্তবায়ন, সমন্বয় ও মূল্যায়ণ;
২. পুষ্টি বিষয়ক জনসচেনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
৩. পুষ্টি সপ্তাহ পালন;
৪. উপজেলা সার্বিক পুষ্টি উন্নয়ন কর্মসূচি/পরিকল্পনা প্রণয়ন;
৫. বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন,
৬. উপজেলা পুষ্টি সমন্বয় কমিটি প্রতি ২ মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে;
৭. ন্যূনতম এক তৃতীয়াংশ সদস্য সমন্বয়ে উপজেলা পুষ্টি সমন্বয় কমিটির সভার কোরাম গঠিত হবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে এই প্রজ্ঞাপন জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ রুহুল আমিন তালুকদার)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১৫৫৩১
ph2@hsd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
Web: www.ntcc.gov.bd

স্মারক নং: স্থাপকম/স্বাসেবি/এনটিসিসি/টাস্কফোর্স/২০২২/০২/১৩৪৯ তারিখ: ২৩ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ / ০৮ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে উপজেলা টাস্কফোর্স কমিটি পুণর্গঠন করা হল:

"উপজেলা তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটি"

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা পরিষদ চেয়ারম্যানের প্রতিনিধি | সদস্য |
| ৩. | মেয়র – পৌরসভা'র প্রতিনিধি | সদস্য |
| ৪. | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ৫. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৬. | অফিসার ইনচার্জ (থানা) | সদস্য |
| ৭. | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) | সদস্য |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৯. | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১০. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ১১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৩. | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| ১৪. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১৫. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | সদস্য |
| ১৬. | উপজেলা স্যানিটারি ইনস্পেক্টর | সদস্য |
| ১৭. | বাংলাদেশ তামাক বিরোধী জোটের প্রতিনিধি | সদস্য |
| ১৮. | তামাক নিয়ন্ত্রণে কার্যরত সংগঠনের প্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৯. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য সচিব |

উপজেলা পর্যায়ে গঠিত টাস্কফোর্স কমিটির কার্যক্রম :

১. উপজেলা পর্যায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।
২. টাস্কফোর্স কমিটির সদস্যদের নিজস্ব ও তাঁদের আওতাধীন সকল প্রতিষ্ঠান ধূমপানমুক্ত করার ব্যবস্থা করা। এ লক্ষ্যে টাস্কফোর্স কমিটির সদস্য ও তাঁদের আওতাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশ/বহির্গমন পথ ও অন্যান্য দৃশ্যমান স্থানে নো- স্মোকিং সাইনেজ স্থাপন করা।
৩. স্থানীয় পর্যায়ে জনসাধারণকে তামাক নিয়ন্ত্রণ আইন পালনে উদ্বুদ্ধকরণ ও তামাকজাত দ্রব্যের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতন করার লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।
৪. উপজেলা পর্যায়ে টাস্কফোর্স সদস্যগণ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে আইন বাস্তবায়নে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন মনিটরিং করা এবং টাস্কফোর্সের সভাপতি ও সদস্য সচিব এর নিকট প্রতিবেদন প্রেরণ।

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

হিসাব অধিশাখা

সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

www.molwa.gov.bd

স্মারক নং-৪৮.০০.০০০০.০১০.৩৩.০২৯.২১-১২৯

তারিখ: ২৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / ৯ জানুয়ারি ২০২২ খ্রি:

# পরিপত্র

বিষয়ঃ সকল সরকারি হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান।

বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাগণ জীবন সায়াহ্নে বিভিন্ন জটিল রোগে আক্রান্ত হওয়ার প্রেক্ষিতে দেশের উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে অবস্থিত সকল পর্যায়ের সরকারি হাসপাতালে বা সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে বা বিশেষায়িত হাসপাতালে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের নিমিত্ত সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সরকারি হাসপাতালে প্রদত্ত নিয়মিত সরকারি বরাদ্দের বাইরে বীর মুক্তিযোদ্ধার চিকিৎসার প্রয়োজনে অর্থ বছরের শুরুতে এ মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট হাসপাতালের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদান করা হবে এবং উক্ত অর্থ থেকে চিকিৎসা ব্যয় নির্বাহ করা হবে। বীর মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে 'বীর মুক্তিযোদ্ধাগণের কল্যাণে সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ ব্যয় নীতিমালা, ২০২১' এর আওতায় নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

০২। হাসপাতালে ভর্তি থাকাকালীন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.molwa.gov.bd এ প্রকাশিত সমন্বিত তালিকাসহ খেতাবপ্রাপ্ত গেজেট বা যুদ্ধাহত গেজেটভূক্ত বীর মুক্তিযোদ্ধাগণ বিনা খরচে চিকিৎসা সেবা পাবেন। উপজেলা, জেলা ও বিভাগ শহরের হাসপাতালে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে সমন্বিত তালিকাসহ খেতাবপ্রাপ্ত গেজেট বা যুদ্ধাহত গেজেটভূক্ত বীর মুক্তিযোদ্ধাগণ ভর্তি হতে পারবেন। উপজেলা, জেলা ও বিভাগীয় শহরে অবস্থিত সরকারি হাসপাতাল বা সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা প্রদান সম্ভব না হলে সংশ্লিষ্ট হাসপাতালের সুপারিশে বিশেষায়িত হাসপাতালে ভর্তি হতে পারবে। তবে জরুরি চিকিৎসার প্রয়োজন হলে বা বিশেষ প্রেক্ষাপটে যে কোন বিশেষায়িত সরকারি হাসপাতালে সরাসরি ভর্তি হওয়া যাবে। বিশেষায়িত হাসপাতাল হিসেবে নিম্নোক্ত হাসপাতালসমূহ বিবেচিত হবে:

(১) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতাল, শাহবাগ, ঢাকা।

(২) ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।

(৩) শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।

(৪) স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।

(৫) জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।

(৬) জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুর্নবাসন প্রতিষ্ঠান (নিটোর), ঢাকা ।

(৭) জাতীয় কিডনী ইন্সটিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।

(৮) জাতীয় হৃদরোগ ইন্সটিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা ।

(৯) জাতীয় চক্ষু বিজ্ঞান ইন্সটিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর ঢাকা।

(১০) জাতীয় বক্ষব্যধি ইন্সটিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা।

(১১) ন্যাশনাল ইন্সটিটিউট অব নিউরোসাইন্স ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।

(১২) জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউটও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।

(১৩) শহিদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল, খুলনা।

(১৪) শেখ ফজিলাতুন্নেসা মুজিব চক্ষু হাসপাতাল ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, গোপালগঞ্জ ।

(১৫) চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।

(১৬) ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ।

(১৭) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।

(১৮) রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।

(১৯) এম.এ. জি. ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।

(২০) শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।

(২১) জাতীয় হৃদরোগ ফাউন্ডেশন হাসপাতাল এবং গবেষণা ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।

(২২) বারডেম জেনারেল হাসপাতাল, শাহবাগ, ঢাকা।

উল্লেখ্য যে, আরও কোন নতুন সরকারি বিশেষায়িত হাসপাতাল হলে উক্ত হাসপাতাল উল্লিখিত বিশেষায়িত হাসপাতালের তালিকায় অন্তর্ভুক্ত হবে।

০৩। বীর মুক্তিযোদ্ধার চিকিৎসায় জনপ্রতি উপজেলার ক্ষেত্রে সর্বোচ্চ ১০,০০০/- টাকা, জেলার ক্ষেত্রে সর্বোচ্চ ২০,০০০/- টাকা, বিভাগীয় হাসপাতালের ক্ষেত্রে সর্বোচ্চ ২৫,০০০/- টাকা খরচ করা যাবে। বিশেষ ক্ষেত্রে সিভিল সার্জন বা পরিচালকের অনুমোদনক্রমে অতিরিক্ত ১০,০০০/- টাকা ব্যয় করা যাবে। জটিল রোগীর ক্ষেত্রে আয়ন ব্যয়ন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে উপজেলা বা জেলায় ৩০,০০০/- টাকা পর্যন্ত খরচ করা যাবে।

০৪। বিশেষায়িত হাসপাতালসমুহের চিকিৎসা শেষে বীর মুক্তিযোদ্ধাকে চিকিৎসা ব্যয় নির্বাহের ক্ষেত্রে বাৎসরিক সর্বোচ্চ ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা চিকিৎসা সুবিধা প্রদান করা যাবে।

০৫। ভর্তিকালীন চিকিৎসার জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনে নির্ধারিত এক বা একাধিক ঔষধের দোকান থেকে ঔষধ নেওয়া যাবে। মাসিক ভিত্তিক যাচাই করে বিল পরিশোধ করা যাবে। ঔষধের মূল্যে কোন ক্রমেই খুচড়া মূল্যের বেশী হবে না। ক্ষেত্র মতে হাসপাতাল ত্যাগের সময় ১৫ (পনেরো) দিনের ঔষধ আগাম বীর মুক্তিযোদ্ধাদের ক্রয় করে দেওয়া যাবে। শুধুমাত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.molwa.gov.bd এ প্রকাশিত সমন্বিত তালিকাসহ খেতাবপ্রাপ্ত গেজেট বা যুদ্ধাহত গেজেটভূক্ত সকল জীবিত বীর মুক্তিযোদ্ধা বিনা পয়সায় সেবা পাবার অধিকারী হবেন।

০৬। চিকিৎসা ব্যয় নির্বাহ: বীর মুক্তিযোদ্ধাগণের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য অর্থ বছরের শুরুতেই হাট-বাজারের ইজারালব্ধ আয়ের ৪% অর্থ হতে সংশ্লিষ্ট সকল হাসপাতালের অনুকূলে মুক্তিযোদ্ধার সংখ্যানুপাতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ করা হবে। বরাদ্দকৃত অর্থের ৭৫% ব্যয় হবার পরই হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক মন্ত্রণালয়কে চাহিদা প্রদান করা হলে অতিরিক্ত বরাদ্দ প্রাপ্য হবে। তহবিল সংকট বা অন্য কোন অজুহাতে অসুস্থ বীর মুক্তিযোদ্ধার চিকিৎসা সেবা প্রদান কোনভাবেই ব্যহত করা যাবে না।

০৭। চিকিৎসা সেবার মান ও ব্যয় যাচাই: হাসপাতালে বীর মুক্তিযোদ্ধাকে সর্বোত্তমভাবে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে কিনা বা মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ বিধি বিধান অনুসরণ পূর্বক সঠিকভাবে ব্যয় করা হচ্ছে কিনা তা যাচাই বা নিরীক্ষা করা হবে। এ লক্ষ্যে উপজেলা, জেলা বা বিভাগীয় পর্যায়ে নিম্নরুপ কমিটি গঠন করা হলো। উক্ত কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের চিকিৎসা প্রদান এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হচ্ছে কিনা তা যাচাই পূর্বক এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। প্রতি ৩ (তিন) মাসে সভা বাধ্যতামূলক এবং বিশেষ কারনে ও যে কোন সময় সদস্য সচিব সভাপতির সাথে আলোচনা ক্রমে সভা আহবান করতে পারবে। কমিটি হবে নিম্নরুপ:

(ক) উপজেলা পর্যায়ে কমিটি:

| | | |
|---|---|---|
| (১) উপজেলা নির্বাহী অফিসার | : | সভাপতি |
| (২) উপজেলা সমাজসেবা কর্মকর্তা | : | সদস্য |
| (৩) স্থানীয় সংসদ সদস্যের প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা) | : | সদস্য |
| (৪) উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচিত কমান্ডার/তাঁর প্রতিনিধি/ক্ষেত্র বিশেষ প্রশাসকের প্রতিনিধি | : | সদস্য |
| (৫) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | : | সদস্য-সচিব |

(খ) জেলা পর্যায়ে কমিটি :

| | | |
|---|---|---|
| (১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | : | সভাপতি |
| (২) আবাসিক স্বাস্থ্য কর্মকর্তা বা মেডিকেল কলেজের প্রতিনিধি | : | সদস্য |
| (৩) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | : | সদস্য |
| (৪) জেলা কমান্ডার/তাঁর প্রতিনিধি/ক্ষেত্র বিশেষ প্রশাসকের প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা) | : | সদস্য |
| (৫) মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা) | : | সদস্য |
| (৬) ডেপুটি সিভিল সার্জন | : | সদস্য-সচিব |

(গ) বিভাগীয় পর্যায়ে কমিটি (ঢাকা মহানগর ব্যতীত) :

| | | |
|---|---|---|
| (১) বিভাগীয় কমিশনার | : | সভাপতি |
| (২) মেডিকেল কলেজ হাসপাতাল বা বিশেষায়িত হাসপাতালের পরিচালক | : | সদস্য |
| (৩) মাননীয় সংসদ সদস্যের ১ জন প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা) | : | সদস্য |
| (৪) সিটি কর্পোরেশন মেয়র কর্তৃক মনোনীত ১জন প্রতিনিধি (www.molwa.gov.bd ওয়েব সাইটে প্রকাশিত সমন্বিত তালিকাভুক্ত বীর মুক্তিযোদ্ধা)। | : | সদস্য |
| (৫) বিভাগীয় কমিশনার কর্তৃক মনোনীত একজন জেলা কমান্ডার (৬) সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল বা বিশেষায়িত হাসপাতালের একজন উপপরিচালক পদমর্যাদার কর্মকর্তা (হাসপাতালের পরিচালক কর্তৃক মনোনীত)। | : | সদস্য-সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা কৃষি অফিসারের কার্যালয়

## উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি

উপজেলাধীন প্রতিটি ইউনিয়ন/পৌরসভার সার ও বীজ পরিস্থিতি মনিটরিং করার লক্ষ্যে নিম্নোক্তভাবে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি পুনর্গঠিত হবে :-

| | | |
|---|---|---|
| | সংশ্লিষ্ট উপজেলার মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| | উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয় | উপদেষ্টা |
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা পশুসম্পদ অফিসার | সদস্য |
| ৩. | উপজেলা মৎস্য অফিসার | সদস্য |
| ৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা সমবায় অফিসার | সদস্য |
| ৬. | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলাধীন সকল ইউপি চেয়ারম্যান | সদস্য |
| ৮. | বিএডিসি'র উপজেলাস্থ বীজ/সার সংশ্লিষ্ট প্রতিনিধি | সদস্য |
| ৯. | বিএফএ-এর প্রতিনিধি | সদস্য |
| ১০. | বিডিআর প্রতিনিধি (সীমান্তবর্তী উপজেলার জন্য) | সদস্য |
| ১১. | উপজেলা পরিষদ মনোনিত একজন কৃষক প্রতিনিধি | সদস্য |
| ১২. | সভাপতি, উপজেলা প্রেসক্লাব | সদস্য |
| ১৩. | উপজেলা কৃষি অফিসার | সদস্য-সচিব |

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির কার্যপরিধি

১। ডিলার নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ ও আবেদনপত্র যাচাই বাছাই করা ।

২। ইউনিয়ন/পৌরসভার জন্য ডিলার নিয়োগের প্রস্তাব তৈরী করা ।

৩। ইউনিয়ন/পৌরসভার আবাদযোগ্য ফসলভিত্তিক জমির ভিত্তিতে প্রণীত সারের চাহিদা যাচাই করা ।

৪। ডিলার কর্তৃক উত্তোলিত সার ইউনিয়ন/ পৌরসভার পর্যায়ে পৌছানো নিশ্চিত করা ।

৫ । জেলা মনিটরিং কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যে চাষী/কৃষকদের নিকট সার সরবরাহ নিশ্চিত করা ।

৬। খুচরা সার বিক্রেতা বাছাই কমিটির সুপারিশকৃত আবেদনকারীদের অনুকুলে আইডি কার্ড প্রদানের ব্যবস্থা করা (আইডি কার্ডের নমুনা পরিশিষ্ট-খ) ।

৭। খুচরা সার বিক্রেতা বাছাই কমিটির সুপারিশের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে তা নিষ্পত্তি করা । এ ক্ষেত্রে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে ।

৮। খুচরা বিক্রেতা কোন ডিলারের নিকট থেকে, কি পরিমাণ সার, কবে, ক্রয় করেছে তা ডিলার কর্তৃক খুচরা বিক্রেতার রেজিষ্টারে লিপিবদ্ধ করার ব্যবস্থা মনিটরিং করা (রেজিষ্টারের নমুনা ছক পরিশিষ্ট-গ) ।

৯। সারের অপপ্রয়োগ/ অপব্যবহার রোধকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণ ।

১০। প্রতিটি ইউনিয়ন/পৌরসভার সার বিতরণ কার্যক্রম মনিটরিং করার জন্য উপজেলা পর্যায়ের একজন কর্মকর্তাকে ট্যাগ অফিসার হিসাবে নিয়োগ করা ।

১১ । উপজেলাধীন গুটি ইউরিয়া প্রস্তুতকারীদের কার্যক্রম তদারকি ও মূল্যায়ন করা এবং ডিলারদের মাধ্যমে প্রস্তুতকৃত গুটি ইউরিয়া সার কৃষকদের মাঝে বিতরণের বিষয়টি নিশ্চিত করা ।

১২। ডিলারদের সার্বিক কার্যক্রম মূল্যায়ণ করা এবং ডিলারদের কার্যক্রমে কোন ব্যর্থতা/ ব্যত্যয় পরিলক্ষিত হলে ডিলারশীপ চুক্তির শর্তের আলোকে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সুনির্দিষ্ট প্রস্তাব জেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট প্রেরণ করা ।

১৩ । উপজেলার মোট সার প্রাপ্তি, গুদামজাতকরণ ও বিতরণ কার্যক্রম বিষয়ক প্রতিবেদন (সময়সহ) প্রতি সপ্তাহান্তে ইউনিয়নসমূহ হতে প্রতিবেদন সংগ্রহপূর্বক জেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট প্রতিবেদন প্রেরণ করা ।

১৪ । সার সরবরাহ ও মজুদে কোন ইউনিয়নে ঘাটতির কোন সম্ভাবনা দেখা দিলে আন্তঃইউনিয়ন স্থানান্তরের মাধ্যমে পরিস্থিতি মোকাবেলা করা ।

১৫ । উপজেলাস্থ ইউনিয়নসমূহের সারের চাহিদার মধ্যে উল্লেখ্যযোগ্য পার্থক্য থাকলে বছরের শুরুতেই মাসভিত্তিক (১২ মাসের) ইউনিয়ন সমূহের সারের চাহিদা বা চাহিদার অনুপাত নির্ধারণ করে দেয়া ।

১৬ । কৃষকদের নাগালের মধ্যে সার রাখার জন্য স্থানীয় অবস্থার প্রেক্ষিতে প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ বিষয়ে তাৎক্ষণিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করা।

১৭ । কমিটির বীজ মনিটরিং সংক্রান্ত কার্যপরিধি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জারী করবেন ।

## উপজেলা কৃষি প্রণোদনা ও পুনর্বাসন বাস্তবায়ন কমিটি

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা প্রানী সম্পদ অফিসার | সদস্য |
| ৩. | উপজেলা মৎস্য অফিসার | সদস্য |
| ৪. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ৬. | গণ্যমান্য ব্যাক্তিবর্গ (মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | এনজিও প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮. | কৃষক প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | উপজেলা কৃষি অফিসার | সদস্য-সচিব |

## উপজেলা ইঁদুর নিধন কমিটি

| | | |
|---|---|---|
| ১. মাননীয় সংসদ সদস্য | : | উপদেষ্টা |
| ২. চেয়ারম্যন, উপজেলা পরিষদ | : | সভাপতি |
| ৩. উপজেলা নির্বাহী অফিসার | : | সহ-সভাপতি |
| ৪. উপজেলা মৎস্য অফিসার | : | সদস্য |
| ৫. উপজেলা প্রাণিসম্পদ অফিসার | : | সদস্য |
| ৬. উপজেলা প্রকৌশলী | : | সদস্য |
| ৭. উপজেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | : | সদস্য |
| ৯. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | : | সদস্য |
| ১০. উপজেলা সমবায় অফিসার | : | সদস্য |
| ১১. উপজেলা সমাজসেবা অফিসার | : | সদস্য |
| ১২. মেয়র (সকল), পৌরসভা | : | সদস্য |
| ১৩. অতিরিক্ত কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিস | : | সদস্য |
| ১৪. কলেজের অধ্যক্ষ (উপজেলা সদরের সকল কলেজ) | : | সদস্য |
| ১৫. কৃষি সম্প্রসারণ অফিসার, উপজেলা কৃষি অফিস | : | সদস্য |
| ১৬. চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ) | : | সদস্য |
| ১৭. উপজেলা সদরের উচ্চ বিদ্যালয়ের ০১ জন প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৮. উপজেলা সদরের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ০১ জন প্রধান শিক্ষক (সভাপতি কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ১৯. এনজিও এর প্রতিনিধি (০১ জন) (সভাপতি কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২০. বিগত অভিযানে সর্বোচ্চ সংখ্যক ইঁদুর নিধনকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান | : | সদস্য |
| ২১. বিগত অভিযানে সর্বোচ্চ সংখ্যক ইঁদুর নিধনকারী কৃষক | : | সদস্য |
| ২২. উপজেলা কৃষি অফিসার | : | সদস্য-সচিব |

উপজেলা কমিটির সভাপতি প্রয়োজনে নতুন সদস্য অন্তর্ভুক্ত এবং কমিটির মোট সদস্য সংখ্যা নির্ধারণ করতে পারবেন । এছাড়া তিনি সদস্য মনোনয়ন দিতে পারবেন।

কার্যপরিধি :

১। স্ব স্ব উপজেলায় অভিযানের কর্মসূচি বাস্তবায়নের পরিকল্পনা গ্রহন

২। সর্বস্তরের জনগনকে উদ্বুদ্ধকরণের উদ্দেশ্যে অভিযান উদ্বোধনের দিন র‌্যালী ও সমাবেশের আয়োজন।

৩। স্থানীয়ভাবে ইঁদুর নিধন প্রতিযোগিতার আয়োজন ।

৪। বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধন

৫। শিক্ষার্থীদের ইঁদুর নিধনের জন্য উদ্বুদ্ধকরণ।

৬। আইপিএম /আইসিএম ক্লাবের সদস্যদের কর্মসূচিতে সম্পৃক্তকরণ।

৭। কর্মসূচির ব্যাপক প্রচারের ব্যবস্থাকরণ।

৮। ইঁদুরনাশক বিষটোপ সহজলভ্য করার ব্যবস্থা গ্রহণ

৯। কর্মসূচির তদারকি ও মূল্যায়ন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-১ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৩৮.১৪.০০৪.২০.১৭ তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪২৭ / ২৯ মে ২০২০

বিষয়: প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় Contingency Emergency Response Implemementation Plan (CERIP) বাস্তবায়নে উপজেলা কমিটি অনুমোদন প্রসঙ্গো।

সূত্র: ৩৩.০১.০০০০.৭০০.১৬.১৮৫.১৯-২৭৫ ২৩ মে ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে চলমান কোভিড-১৯ এর দূর্যোগ/মহামারীতে ক্ষতিগ্রস্থ কৃষক/খামারী/সুফলভোগীদের নির্বাচনের লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর হতে বাস্তবায়নাধীন 'প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন (এলডিডিপি)' শীর্ষক প্রকল্পের আওতায় নিম্নক্তোভাবে সুফলভোগী নির্বাচন এবং বাস্তবায়ন কমিটি (UBSIC) অনুমোদন ৩৩.০১.০০০০.৭০০.১৬.১৮৫.১৯-২৭৫ ২৩ মে ২০২০ করা হলোঃ
উপজেলা পর্যায়ে সুফলভোগী নির্বাচন এবং বাস্তবায়ন কমিটি (UBSIC) কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলা | সভাপতি |
| ২. | ভেটেরিনারি সার্জন/প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা (এলডিডিপি), সংশ্লিষ্ট উপজেলা | সদস্য |
| ৩. | উপজেলা মৎস্য কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা | সদস্য |
| ৪. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা | সদস্য |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট উপজেলা | সদস্য-সচিব |

কার্যপরিধিঃ
- Emergency Action Plan (EAP)-তে উল্লিখিত মানদন্ডের (criteria) ভিত্তিতে অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ক্যাটেগরি অনুযায়ী সূফলভোগী নির্বাচন করবে।
- প্রাণিসম্পদ অধিদপ্তরের স্থানীয় অফিসে সংরক্ষিত খামারী তালিকা সুফলভোগী নির্বাচনে ব্যবহার করতে পারবে।
- নির্বাচিত প্রত্যেক সুফলভোগীর নিকট থেকে নির্ধারিত ছকপত্র পূরুণ করতঃ সুফলভোগীর নাম, ঠিকানা, জাতীয় পরিচয় পত্র নম্বর, ব্যাংক হিসাব নম্বর/মোবাইল ব্যাংকিং নম্বরসহ ইত্যাদি তথ্য নিশ্চিত করতে হবে।
- কমিটি প্রয়োজনীয় ক্ষেত্রে স্থানীয় ডেইরী ফার্মারস এসোসিয়েশন এবং/অথবা পোল্ট্রি ফার্মারস এসোসিয়েশন-এর প্রতিনিধি কো-অপ্ট করতে কিংবা তাদের সহিত আলোচনা করতে পারবে।
- কমিটি স্থানীয়ভাবে যাচাইকরতঃ নির্ভুল তালিকা প্রণয়নসহ প্রয়োজনীয় সুপারিশ করবে।
- কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকা সংশ্লিষ্ট প্রাণিসম্পদ অফিস হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করবে।

স্বাক্ষরিত
২৯-৫-২০২০
পুলকেশ মন্ডল
সিনিয়র সহকারী প্রধান

মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৩৮.১৪.০০৪.২০.১৭/১(৬) তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪২৭ / ২৯ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
২) যুগ্মপ্রধান, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৩) জনাব মোঃ আব্দুর রহিম, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), পাণিসম্পদ ও ডেইরী উন্নয়ণ প্রকল্প (এলডিপিপি), প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৪) উপপ্রধান, পরিকল্পনা অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৬) ড. গোলাম রব্বানী, সিটিসি, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

নং-৩৩.০১.০০০০.৭০০.১৪.০২৭ (২).২১/৫৯০ তারিখ : ২২/০৯/২০২১ খ্রিঃ

বিষয়ঃ প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এবং অন্যান্য সুফলভোগী নির্বাচন কমিটি অনুমোদন ।

সূত্র: প্রকল্প পরিচালকের ২৪ / ০৮ / ২০২১ তারিখের ৩৩.০১.০০০০.৮৩৯.০৭.০০৪.২১-০৬ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাব মোতাবেক প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পভূক্ত ৬৪টি জেলার ৪৭৫টি উপজেলায় ১জন করে মোট ৪৭৫জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA), প্রতি ইউনিয়ন থেকে ২জন করে উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারি, ২জন করে অধিক প্রোটিন সমৃদ্ধ ঘাসের বীজ বিতরণের জন্য বীজ গ্রহণকারী খামারি এবং ৪জন করে প্রযুক্তি গ্রহণকারী খামারী নির্বাচনের লক্ষ্যে নিম্নে উল্লেখিত কমিটি অনুমোদন করা হলো।

অনুমোদিত কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সভাপতি |
| ২ | উপজেলা কৃষি অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৩ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য-সচিব |

কমিটি'র কর্মপরিধিঃ

১) কমিউনিটি এক্সটেনশন এজেন্ট, প্রদর্শনী খামারি, প্রযুক্তি গ্রহণকারী খামারি ও বীজ গ্রহণকারী খামারি নির্বাচনের ক্ষেত্রে অনুমোদিত ডিপিপি'র গাইডলাইন (সংযুক্ত) অনুসরণ করতে হবে।

২) প্রতি উপজেলা থেকে ১জন করে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট নির্বাচন এবং অপেক্ষমান তালিকায় ১জন করে প্রার্থী রেখে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।

৩) কমিউনিটি এক্সটেনশন এজেন্ট নির্বাচনের ক্ষেত্রে বয়সসীমা ২০-৪৫ বছর তবে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৪) অধিদপ্তরাধীন চলমান অন্য কোন উন্নয়ন প্রকল্পের কোন সুবিধাভোগীকে এ প্রকল্পের আওতায় সুফলভোগী হিসেবে নির্বাচন করা যাবেনা।

৫) প্রতি উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে ২জন করে উন্নত জাতের ঘাস চাষ প্রদর্শনী খামারি নির্বাচন করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।

৬) প্রতি উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে ২জন করে অধিক প্রোটিন সমৃদ্ধ ঘাসের বীজ বিতরণের জন্য বীজ গ্রহণকারী খামারি নির্বাচন করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।

৭) প্রতি উপজেলার প্রতিটি ইউনিয়ন থেকে ৪জন (২জন সাইলেজ এবং ২জন হে প্রযুক্তি) করে প্রযুক্তি গ্রহণকারী খামারী নির্বাচন করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।

স্বাক্ষরিত
(ডাঃ শেখ আজিজুর রহমান)
মহাপরিচালক (গ্রেড-১)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।

নং-৩৩.০১.০০০০.৭০০.১৬.১৮৭ (১).১৮/৩৪৪ তারিখঃ ০৩/০৬/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্ট-পুষ্টকরণ প্রকল্পের আওতায় সুফলভোগী নির্বাচন ও মনিটরিং কমিটি অনুমোদন।

সূত্র : প্রকল্প পরিচালকের ০৩/০৬/২০১৯ খ্রিঃ তারিখের ৩৩.০১.০০০০.৮৩০.২০.০০৫.১৯-০৬ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাব মোতাবেক আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্ট-পুষ্টকরণ প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী প্রকল্পভূক্ত ৪৯১টি উপজেলায় সুফলভোগী নির্বাচন ও মনিটরিং-এর লক্ষ্যে নিম্নে উল্লিখিত কমিটি অনুমোদন করা হলো ।

অনুমোদিত কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সভাপতি |
| ২ | উপজেলা কৃষি অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৩ | উপজেলা মৎস্য অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৪ | উপজেলা যুব উন্নয়ন অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৫ | উপজেলা সমাজ কল্যাণ অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৬ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়ন) | সদস্য |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য-সচিব |

কমিটি'র কার্যপরিধিঃ

১। অনুমোদিত কমিটি সংশ্লিষ্ট উপজেলায় যাদের কমপক্ষে ০২টি বাড়ন্ত এঁড়ে ষাঁড় বাছুর থাকবে বা পালন করার সামর্থ আছে এবং যারা গরু হৃষ্ট-পুষ্টকরণ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী তাদেরকে সুফলভোগী হিসেবে নির্বাচন করবে।

২। 'ডিপিপি'র সংস্থান অনুযায়ী রাজশাহী বিভাগের প্রতিটি উপজেলায় প্রতি বছর ৫ ব্যাচে (প্রতি ব্যাচে ২৫জন) ১২৫জন; ঢাকা বিভাগের প্রতিটি উপজেলায় প্রতি বছর ৪ ব্যাচে (প্রতি ব্যাচে ২৫জন) ১০০জন খুলনা, সিলেট ও রংপুর বিভাগের প্রতিটি উপজেলায় প্রতি বছর ৩ ব্যাচে (প্রতি ব্যাচে ২৫জন) ৭৫ জন; চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের প্রতিটি উপজেলায় প্রতি বছর ২ ব্যাচে (প্রতি ব্যাচে ২৫জন) ৫০জন এবং বরিশাল বিভাগের প্রতিটি উপজেলায় প্রতি বছর ১ ব্যাচে ২৫জন সুফলভোগী নির্বাচন করতে হবে। এ ভাবে ৩ বছরে ৪৯১টি উপজেলা থেকে মোট ১,১০,৪৭৫জন সুফলভোগী নির্বাচন করতে হবে।

৩। কমিটি'র মাধ্যমে নির্বাচিত সুফলভোগী এবং পশুর সংখ্যা ও বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করবেন।

৪। প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভূত সমস্যা সমাধানে অনুমোদিত কমিটি প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।

৫। অনুমোদিত কমিটি প্রয়োজন অনুযায়ী সভা করবে।

স্বাক্ষরিত
(ডাঃ হীরেশ রঞ্জন ভৌমিক)
মহাপরিচালক (চঃ দাঃ)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রাপক,
প্রকল্প পরিচালক
আধুনিক প্রযুক্তিতে গরু হৃষ্ট-পুষ্টকরণ প্রকল্প।
অনুমোদিত কমিটি'র সদস্যদের কপি বিতরণ ও সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।

নং-৩৩.০১.০০০০.৭০০.১৬.১৮৮ (১)/৪৪৫ তারিখঃ ২৯/০৮/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নিয়োগ/সিলেকশন কমিটি অনুমোদন।
সূত্র : প্রকল্প পরিচালকের ০৮/০৮/২০১৯ খ্রিঃ তারিখের ৩৩.০১.০০০০.৮৩১.০৪.০০২.১৯/২৪ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী ৪৯০টি উপজেলা ও ১০টি মেট্রো থানায় ছাগল-ভেড়াকে পিপিআর ভ্যাকসিন প্রদান এবং ৪ টি জেলায় গবাদিপশুর ক্ষুরারোগের ভ্যাকসিন প্রদানের নিমিত্ত প্রতিটি ইউনিয়ন থেকে একজন করে ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নিয়োগ/সিলেকশনের লক্ষ্যে সূত্রে বর্ণিত পত্রে প্রস্তাবিত নিম্নে উল্লেখিত দু'টি কমিটি অনুমোদন করা হলো।

ক) অনুমোদিত 'উপজেলা পর্যায়ে ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নিয়োগ/সিলেকশন' কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সভাপতি |
| ২ | উপজেলা কৃষি অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৩ | উপজেলা মৎস্য অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য |
| ৪ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউনিয়ন) | সদস্য |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার (সংশ্লিষ্ট উপজেলা) | সদস্য-সচিব |

খ) অনুমোদিত ' মেট্রো থানা পর্যায়ে ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নিয়োগ/সিলেকশন' কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১ | থানা কৃষি অফিসার (সংশ্লিষ্ট মেট্রো থানা) | আহ্বায়ক |
| ২ | সহকারী পরিচালক (সংশ্লিষ্ট মেট্রো থানা/ সদর উপজেলা), যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৩ | পল্লী উন্নয়ন কর্মকর্তা (সংশ্লিষ্ট মেট্রো থানা/ সদর উপজেলা), স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন বিভাগ | সদস্য |
| ৪ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার (সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড) | সদস্য |
| ৫ | থানা প্রাণিসম্পদ অফিসার (সংশ্লিষ্ট মেট্রো থানা) | সদস্য-সচিব |

ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নিয়োগের শর্তাবলীঃ
কমিটি'র কার্যপরিধিঃ
সংশ্লিষ্ট উপজেলা/থানার বাসিন্দা হতে হবে।
বয়স ২৫-৪০ বছরের মধ্যে হতে হবে।
শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি পাস হতে হবে।
চাকুরীরত কোন প্রার্থীকে নিয়োগ দেওয়া যাবে না।
প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে ৩ ম্যাসব্যাপী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।
কমিটি'র কার্যপরিধিঃ

অনুমোদিত কমিটি ডিপিপি'র সংস্থান এবং উপরোক্ত শর্তানুযায়ী জরুরি ভিত্তিতে ভলান্টিয়ার ভ্যাক্সিনেটর নির্বাচন/নিয়োগ করে প্রকল্প পরিচালকের নিকট তালিকা প্রেরণ করবে।

স্বাক্ষরিত
(ডাঃ হীরেশ রঞ্জন ভৌমিক)
মহাপরিচালক (চঃ দাঃ)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

প্রাপক,
প্রকল্প পরিচালক
পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প
(অনুমোদিত কমিটি'র সদস্যদের কপি বিতরণের জন্য বলা হলো)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

# জাতীয় মৎস্য সপ্তাহ বাস্তবায়ন সম্পর্কিত উপজেলা কমিটি

| | | |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| ০২ | উপজেলা পরিষদ চেয়ারম্যান | উপদেষ্টা |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ০৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৭ | সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৮ | সরকারি/বেসরকারি স্কুলের শিক্ষক (১ জন, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১০ | থানার অফিসার ইন চার্জ | সদস্য |
| ১১ | থানার অফিসার ইন চার্জ, নৌ পুলিশ (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১২ | ম্যানেজার, বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য |
| ১৩ | খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১৪ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১৭ | উপজেলা খাদ্য কর্মকর্তা | সদস্য |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৯ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকতা | সদস্য |
| ২১ | সিভিল সোসাইটির প্রতিনিধি (১ জন, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২২ | সমাজ সেবক (১ জন, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৩ | কমান্ডার, সংশ্লিষ্ট উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| ২৪ | এনজিও প্রতিনিধি (১ জন উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৫ | জাতীয় মৎস্যজীবী সমিতির প্রতিনিধি | সদস্য |
| ২৬ | বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির প্রতিনিধি | সদস্য |
| ২৭ | বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর প্রতিনিধি | সদস্য |
| ২৮ | প্রকৃত মৎস্যচাষিদের প্রতিনিধি (১ জন, উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৯ | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

১। উপজেলার জন্য অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন। প্রয়োজনবোধে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন।

২। বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয়ের তদারকী।

৩। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।

# উপজেলা পর্যায়ে জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি

প্রতি উপজেলার জন্য "জলাভূমি নির্বাচন ও পোনামাছ সংগ্রহ কমিটি” থাকবে।
(ক) কমিটির রূপরেখা :

| | |
|---|---|
| ১) মাননীয় জাতীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| ২) উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| ৩) উপজেলা ভাইস চেয়ারম্যান | উপদেষ্টা |
| ৪) উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান | উপদেষ্টা |
| ৫) মেয়র পৌরসভা | উপদেষ্টা |
| ৬) উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ৭) উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৮) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৯) উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১০) সভাপতি কর্তৃক মনোনীত ১ জন সমাজসেবক / গণ্যমান্য ব্যক্তি | সদস্য |
| ১১) সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা / উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধিঃ

(১) কমিটি জলাভূমি ও বর্ষাপ্লাবিত ধানক্ষেত / প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয় পোনা অবমুক্ত করার জন্য নির্বাচন করবে।
(২) কমিটি বরাদ্দকৃত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে বিধি মোতাবেক পোনামাছ সংগ্রহের ব্যবস্থা করবে।
(৩) নির্দেশাবলী অনুযায়ী কী পরিমান পোনামাছ সংগ্রহ করা দরকার তা নির্ধারণ করবে।
(৪) নির্বাচিত পোনামাছ সরবরাহকারী ব্যক্তি/প্রতিষ্ঠান, চাহিদা ও শর্তানুযায়ী যাতে নির্দিষ্ট পরিমাণ ও আকারের সুস্থ-সবল পোনা সরবরাহ করেন তা নিশ্চিত করবে।
(৫) নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে পোনা মাছ সংগ্রহের ব্যবস্থা করে সংগৃহীত পোনা নির্বাচিত সংশ্লিষ্ট জলাশয়/ জলাভূমি/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়ে অবমুক্তির জন্য তা “পোনামাছ গ্রহণ ও অবমুক্তকরণ কমিটির” নিকট হস্তান্তরের ব্যবস্থা করবে।

## ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের উপজেলা পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন কমিটি

প্রকল্পভূক্ত প্রতিটি উপজেলায় প্রকল্প বাস্তবায়ন কমিটি উপজেলা পর্যায়ে প্রকল্পের কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও তদারকী করবে। উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সভাপতি করে ও নিম্নলিখিত সদস্যগণের সমন্বয়ে এই কমিটি গঠিত।

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৪ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৫ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) | সদস্য |
| ০৬ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ০৭ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ০৮ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকতা | সদস্য |
| ০৯ | একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০ | একজন জেলে সমিতির প্রতিনিধি (সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১ | সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব |

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির কার্যপরিধি :

- সুফলভোগী ইলিশ জেলেদের তালিকা তৈরীতে সহযোগিতা দান;
- প্রকল্প আওতাভুক্ত ক্রয়ের ক্ষেত্রে (এআইজিএ উপকরণ সংক্রান্ত) ক্রয় প্রক্রিয়ায় সহায়তা দান;
- জাটকা ও মা ইলিশ রক্ষায় গণসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন;
- ইলিশ অভয়াশ্রম ব্যবস্থাপনা জোরদার করার জন্য বাৎসরিক ব্যবস্থাপনা কৌশল ও কর্মপরিকল্পনা প্রনয়ণ এবং বাস্তবায়ন নিষিদ্ধ সময়ে অবৈধভাবে জাটকা ও মা ইলিশ ধরা বন্ধ করার জন্য মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন;

- জাটকা ও মা ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ের পূর্বে জেলে পল্লীতে সচেতনতা সভার আয়োজন;
- র‍্যালী, সচেতনতা সভা, মাইকিংসহ অন্যান্য প্রচার প্রচরণার উদ্যোগ গ্রহণ;
- বিভিন্ন প্রকার অভিযান, ভ্রাম্যমান আদালত, সমন্বিত বিশেষ অভিযান পরিচালনার উদ্যোগ গ্রহণ এবং
- সুফলভোগী জেলে সম্প্রদায়কে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান ।

## ইলিশ অভয়াশ্রম ব্যবস্থাপনা কমিটি (Hilsa Sanctuary Management Committee HSMC)

স্মারক নং-বামাশিবো/পরী/দাখিল-২০২২/৬৩৯ তারিখঃ ১২ বৈশাখ, ১৪২৯ / ২৫ এপ্রিল, ২০২২

**বিষয় : ২০২২ সনের দাখিল পরীক্ষার কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর জেলার আওতাধীন ২০২২ সনের দাখিল পরীক্ষার জন্য নির্বাচিত প্রত্যেক কেন্দ্রে পরীক্ষা পরিচালনার জন্য কেন্দ্র কমিটি নামে সর্বোচ্চ ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে। সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থী প্রেরণকারী মাদ্রাসা প্রধানগণের মধ্য হতে কেন্দ্র কমিটির সদস্য হবেন। কেন্দ্র কমিটি গঠন করে আগামী ২৩/০৫/২০২২ তারিখের মধ্যে কমিটির সদস্যগণের পূর্ণাঙ্গ তালিকা কেন্দ্রসচিবের ব্যবহৃত মোবাইল নম্বরসহ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা) এর নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

১. “কেন্দ্র কমিটি” নিম্নোক্তরূপে গঠন করতে হবে :

(ক) সভাপতিঃ

কেন্দ্র সরকারি আলিয়া মাদ্রাসায় হলে সরকারি আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ, অন্যথায় জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার অথবা প্রথম শ্রেণীর একজন কর্মকর্তা।

(খ) সদস্যবৃন্দঃ

জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য)/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার ক্ষেত্রে)/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (মহানগরীর ক্ষেত্রে)। কেন্দ্রের আওতাধীন বোর্ডের স্বীকৃতিপ্রাপ্ত মাদ্রাসার প্রধানগণের মধ্য হতে ০২ (দুই) জন মাদ্রাসা প্রধান প্রয়োজনীয় সংখ্যক মাদ্রাসা প্রধান না পাওয়া গেলে মাদ্রাসার সিনিয়র শিক্ষকগণ সদস্য হতে পারবেন।

(গ) কেন্দ্রসচিবঃ

কমিটি নিম্নবর্ণিত নিয়মে কেন্দ্রসচিব নির্বাচিত করবেনঃ

সরকারি মাদ্রাসার ক্ষেত্রে হেড মাওলানা/উপাধ্যক্ষ/সহকারী অধ্যাপক এবং অন্যান্য কেন্দ্রের ক্ষেত্রে কেন্দ্রস্থিত মাদ্রাসা প্রধান বা কেন্দ্রস্থিত অন্য কোন মাদ্রাসা প্রধান সভাপতি কর্তৃক মনোনীত হবেন। প্রয়োজনে জেলা শিক্ষা অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার / প্রথম শ্রেণীর যে কোন কর্মকর্তা কেন্দ্রসচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে কোন অধ্যক্ষ/সুপার অথবা কোন কর্মকর্তার সন্তান/নিকট আত্মীয় সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্রসচিব হতে পারবেন না। কেন্দ্রসচিব কেন্দ্র কমিটির সদস্য সচিব হবেন।

(ঘ) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা:

কেন্দ্র কমিটির সভাপতি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন। অনিবার্য কারণে সভাপতি ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করতে না পারলে তিনি একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তাকে অতিরিক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত করবেন। এরূপ নিযুক্তির ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যে, বিভাগের কোন উচ্চপদস্থ কর্মকর্তা যেন কোন নিম্নপদস্থ কর্মকর্তার অধীনস্থ না হন।

২. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার কর্তব্যঃ

কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য সকল প্রকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।

২.১ তিনি বা তার প্রতিনিধি পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট হতে যে সমস্ত গোপনীয় কাগজপত্র গ্রহণ করবেন, সেগুলো নিরাপদ হেফাজতে রাখবেন এবং পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশানুসারে ঐ সকল কাগজপত্র কেন্দ্রসচিবের মাধ্যমে নির্ধারিত দিনে পরীক্ষা কেন্দ্রে বিতরণের ব্যবস্থা করবেন ।

২.২ তিনি প্রত্যহ প্রতি বিষয় ও পত্রের পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষা নিয়ন্ত্রকের নির্দেশানুসারে পরীক্ষার্থীদের উত্তরপত্র নিরাপদে বোর্ডে পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে কেন্দ্রসচিবকে পরামর্শ দেবেন।

২.৩ তিনি পরীক্ষা কেন্দ্রে নিরাপত্তা বিধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২.৪ সকল বিষয়ের পরীক্ষা শেষে তিনি পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট তাঁর কেন্দ্রের পরীক্ষা পরিচালনা সম্পর্কীয় একটি সামগ্রিক প্রতিবেদন পেশ করবেন।

২.৫ তিনি জেলা প্রশাসক না হলে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের সঙ্গে আলোচনা করে কক্ষপ্রত্যবেক্ষক নির্বাচন করবেন। কক্ষপ্রত্যবেক্ষক নির্বাচনের সময় লক্ষ্য রাখতে হবে যেন কোন মাদ্রাসার শিক্ষককে সংশ্লিষ্ট মাদ্রাসার পরীক্ষার্থীদের কক্ষে কক্ষপ্রত্যবেক্ষকের দায়িত্বে নিয়োগ করা না হয়।

২.৬ তিনি কক্ষপ্রত্যবেক্ষক ও পরীক্ষা পরিচালনায় নিয়োজিত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর নিরাপত্তা বিধানের ব্যবস্থা করবেন।

উপজেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কমিটি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-শিম/শা-১১/৪(২)/২০০২/ তারিখ:১৬/০৪/২০০৩খ্রি:

**"প্রজ্ঞাপন"**

উপজেলা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিবীক্ষণ, মূল্যায়ন এবং স্থানীয় জনগণকে অবহিতকরণসহ তাদের অংশগ্রহণ নিশ্চিত পূর্বক শিক্ষার সামগ্রিক মান বৃদ্ধি ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়নকল্পে নিম্নরূপ "উপজেলা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কমিটি গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি (পদাধিকার বলে) | ১ |
| ২ | সচিব, জেলা পরিষদ | সদস্য (পদাধিকার বলে) | ১ |
| ৩ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য (পদাধিকার বলে) | ১ |
| ৪ | সরকারী ডিগ্রী/উচ্চ মাধ্যমিক মহাবিদ্যালয়ের অধ্যক্ষ (যদি থাকে) | সদস্য | ১ |
| ৫ | সরকারী ডিগ্রী/উচ্চ মাধ্যমিক মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ (যদি থাকে) | সদস্য | ১ |
| ৬ | বেসরকারী ডিগ্রী/উচ্চ মাধ্যমিক মহিলা মহাবিদ্যালয়ের অধ্যক্ষ/অধ্যক্ষা | সদস্য | ১ |
| ৭ | সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা (যদি থাকে) | সদস্য | ১ |
| ৮ | উপজেলার একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য | ১ |
| ৯ | জেলার ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউটের সুপারিনটেনডেন্ট (যদি থাকে) | সদস্য | ১ |
| ১০ | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | সদস্য (পদাধিকার মূলে) | ১ |
| ১১ | মাদ্রাসার প্রিন্সিপাল/সুপারিনটেনডেন্ট | সদস্য | ১ |
| ১২ | উচ্চ মাধ্যমিক বিদ্যালয় তথা স্কুল ও কলেজ এর প্রধান/অধ্যক্ষ | সদস্য | ১ |
| ১৩ | সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ শিক্ষিকা (যদি থাকে) | সদস্য | ১ |
| ১৪ | উপজেলার একজন মহিলা ইউনিয়ন পরিষদ সদস্য (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য | ১ |
| ১৫ | বেসরকারী মাধ্যমিক (বালক) বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ শিক্ষিকা | সদস্য | ১ |
| ১৬ | বেসরকারী মাধ্যমিক (বালিকা) বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ শিক্ষিকা | সদস্য | ১ |
| ১৭ | উপজেলার বিশিষ্ট শিক্ষানুরাগী (একজন পুরুষ ও একজন মহিলা) | সদস্য | ১ |
| ১৮ | উপজেলা বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি নির্বাচিত অভিভাবক প্রতিনিধি (মাধ্যমিক স্কুল পর্যায়ে একজন, মহাবিদ্যালয়ের একজন, মাদ্রাসার একজন এবং কারিগরি প্রতিষ্ঠানের (যদি থাকে) একজন। | সদস্য | ৪ |
| ১৯ | উপজেলার একজন অবসরপ্রাপ্ত বিশিষ্ট শিক্ষাবিদ | সদস্য | ১ |
| ২০ | উপজেলা প্রকল্প কর্মকর্তা (উপবৃত্তি) (প্রকল্প কর্মকর্তা না থাকলে সহকারী কমিশনার (ভূমি) সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন)। | সদস্য-সচিব (পদাধিকার বলে) | ১ |

২। কমিটির আওতা ও কার্যপরিধি:

ক. উপজেলার সকল সরকারী ও বেতন-ভাতার সরকারী অংশ প্রাপ্ত নিম্নোক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এর আওতা ও কার্যপরিধিভূক্ত হবে:

(১) নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয় ও উচ্চ মাধ্যমিক মহাবিদ্যালয় এবং স্নাতক ও স্নাতকোত্তর মহাবিদ্যালয়;

(২) দাখিল, আলিম, ফাজিল ও কামিল পর্যায়ের মাদ্রাসা।

(৩) কারিগরি ও ভোকেশনাল ইনষ্টিটিউট, পলিটেকনিক ইনষ্টিটিউট ও বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠান (মূক, বধির, প্রতিবন্ধী, সঙ্গীত, চারুকলা ও বৃত্তিমূলক)।

(৪) পালি, টোল, সংস্কৃতি বিষয়ক মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.ictd.gov.bd
(সংস্থা-১ শাখা)

নং-৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১১০

তারিখঃ ৩০ আষাঢ় ১৪২৬ / ১৪ জুলাই ২০১৯

প্রজ্ঞাপন

জেলা ও উপজেলা পর্যায়ে 'আইসিটি'র বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার কর্তৃক নিম্নরূপ কর্মকর্তাদের সমন্বয়ে আইসিটি বিষয়ক উপজেলা কমিটি/ফোরাম গঠন করা হল।

উপজেলা আইসিটি বিষয়ক কমিটি/ফোরাম:

| ক্রম | প্রস্তাবিত কমিটির সদস্য | পদ |
|---|---|---|
| | মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| | উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২ | সহকারি কমিশনার (ভূমি) | সদস্য |
| ৩ | সরকারি কলেজের অধ্যক্ষ (যদি থাকে) | সদস্য |
| ৪ | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ৫ | উপজেলা সমাজ সেবা অফিসার | সদস্য |
| ৬ | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | সদস্য |
| ৭ | থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (পুলিশ বিভাগ) | সদস্য |
| ৮ | বেসরকারি কলেজসমূহের মধ্য হতে একজন অধ্যক্ষ | সদস্য |
| ৯ | সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (যদি থাকে) | সদস্য |
| ১০ | বেসরকারি উচ্চ বিদ্যালয়ের মধ্য হতে একজন প্রধান শিক্ষক | সদস্য |
| ১১ | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের স্থানীয় বিভাগীয় প্রধান | সদস্য |
| ১২ | আইসিটি বিষয়ক প্রতিষ্ঠানের স্থানীয় প্রতিনিধি | সদস্য |
| ১৩ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১৫ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি :

ক. কমিটি আইসিটি'র বিস্তার ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম পরিচলনা ও সহায়তা করবে;

খ. ডিজিটাল বাংলাদেশ/আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনগণ এবং স্কুল-কলেজের আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধির পরামর্শ/দিক নির্দেশনা প্রদান করবে;

গ. কমিটি প্রয়োজন মোতাবেক সদস্য কো-অপ্ট করতে পারেবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত
মোঃ মাইনুল হক ভূঁইয়া
উপসচিব
ফোন: ৮১৮১৬৭৬
ইমেইল: moynul@ictd.gov.bd

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড

## অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের জন্য প্রশিক্ষণ এবং আত্মকর্মসংস্থান কর্মসূচীর অধীনে ক্ষুদ্র ঋণ নীতিমালা

উপজেলা পর্যায়ে এবং সিটি কর্পোরেশন এলাকায় ঋণ কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য পৃথক ঋণ কমিটি থাকবে। উপজেলা ঋণ কমিটির/সিটি কর্পোরেশন ঋণ কমিটির সুপারিশক্রমে সংশ্লিষ্ট ব্যাংক হিসাব হতে লক্ষ্যগোষ্ঠীকে ঋণ প্রদান করা হবে। ঋণ সংক্রান্ত কমিটি নিম্নরূপে গঠিত হবে:

উপজেলা ঋণ কমিটি (ULC):

| | | |
|---|---|---|
| | মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| ১. | উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) | সভাপতি |
| ২. | কমান্ডার / আহ্বায়ক, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ কমান্ড | সদস্য |
| ৩. | উপজেলা সমাজ সেবা, মহিলা বিষয়ক, কৃষি, মৎস্য, পশু সম্পদ ও যুব উন্নয়ন অধিদপ্তর/বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা | সদস্য |
| ৪. | চেয়ারম্যান/কমিশনার, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট ব্যাংক এর প্রতিনিধি | সদস্য |
| ৬. | এন.জি.ও প্রতিনিধি (UNO কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য-সচিব |

ঋণ কমিটির কর্মপরিধি:

ক) অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদেরকে (স্ত্রী, ছেলে ও মেয়ে) যাচাইপূর্বক লক্ষ্যগোষ্ঠীর সদস্য নির্বাচন করা;

খ) প্রশিক্ষণহীন লক্ষ্যগোষ্ঠীর সদস্যদেরকে প্রশিক্ষণের জন্য মনোনয়ন ও প্রশিক্ষণদানের ব্যবস্থা করা;

গ) প্রশিক্ষণপ্রাপ্ত লক্ষ্যগোষ্ঠীর নিকট থেকে প্রস্তাবিত স্কীমসমূহ পর্যালোচনা করে, বাছাইপূর্বক ক্ষুদ্রঋণ অনুমোদন করা;

ঘ) আবর্তক তহবিলের ক্ষুদ্রঋণ বিনিয়োগ এবং আদায় সংক্রান্ত পরিস্থিতি পর্যালোচনা করা ও উদ্ভূত সমস্যা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

ঙ) ন্যূনতম প্রতিমাসে একবার সভায় মিলিত হয়ে কর্মসূচীর সার্বিক বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা করা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিআরডিবি-র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ উপপরিচালককে পরামর্শ প্রদান করা;

চ) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
থানা শাখা

স্মারক:থানা/১ নি-১/ ৯৩/১২৫(৩২৫) তারিখঃ ৩০ আষাঢ় ১৪২৬ / ১৪ জুলাই ২০১৯

প্রেরক: মো: আবুল বাশার
সি: সহকারী সচিব।

প্রাপক: থানা নির্বাহী অফিসার,
........................... থানা
জেলা : ........................

বিষয়: বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন সমাপ্ত প্রকল্পের আওতায় থানায় নির্মিত জোড়া বাড়ীর ভাড়া বাবদ প্রাপ্ত আয়ের বন্টন প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, উপরোক্ত বিষয়ে ইতিপূর্বে অত্র বিভাগের ২৬-১-৯৪ ইং তারিখের থানা/১ নি-১/৯৩/৬৪(৩২৫)নং স্মারকের মাধ্যমে বিশ্ব ব্যাংক, এশিয়ান উন্নয়ন ব্যাংক এবং ডানিডার আর্থিক সহায়তায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক দেশের বিভিন্ন থানায় (সাবেক উপজেলায়) নির্মিত এবং থানার নিকট হস্তান্তরিত জোড়া বাড়ীসমূহের রক্ষণাবেক্ষণ এবং সেগুলো থেকে ভাড়া বাবদ প্রাপ্ত আয় বন্টনের বিষয়ে প্রদত্ত সিদ্ধান্তের কিছুটা পরিবর্তন করে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেছেন:-

১) জোড়াবাড়ীগুলোর ব্যবস্থাপনা সংশ্লিষ্ট থানা কর্তৃপক্ষের (থানা নির্বাহী অফিসার) নিকট থাকবে ।

২) বাড়ীগুলোর ভাড়া বাবদ প্রাপ্ত আয় থেকে রক্ষণাবেক্ষণ (Maintenance) খরচ বাদ দিয়ে অবশিষ্ট অর্থের ৯০% বিআরডিবি'র আওতাভূক্ত থানা সেন্ট্রাল কো-অপারেটিভ এ্যাসোসিয়েশন পাবে এবং বাকী ১০% সংশ্লিষ্ট থানার রাজস্ব তহবিলে জমা হবে।

৩) জোড়াবাড়ী থেকে প্রাপ্ত আয় বন্টন এবং রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| (১) | থানা নির্বাহী অফিসার | আহ্বায়ক |
| (২) | থানা প্রকৌশলী | সদস্য |
| (৩) | থানা কৃষি অফিসার | সদস্য |
| (৪) | থানা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| (৫) | চেয়ারম্যান, থানা কেন্দ্রীয় সমবায় সমিতি | সদস্য |

কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে:

(১) জোড়াবাড়ীর রক্ষণাবেক্ষণ জন্য বাজেট তৈরী করা,
(২) রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্যসম্পাদনা করা এবং এ বিষয়ে হিসাব সংরক্ষণ করা,
(৩) বিভাজন অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হিস্যার প্রাপ্যতা নিশ্চিত করা ইত্যাদি।

স্বাক্ষরিত
(মোঃ আবুল বাশার)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং: ২৩৫১১১/৩১২২

স্মারক নং:-থানা/১ নি-১/ ৯৩/১২৫/১(১৬৯৭) তারিখঃ ১৪ জুলাই ২০১৯

৭। থানা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ............................ থানা, জেলা ...................................
৮। চেয়ারম্যান, থানা কেন্দ্রীয় সমবায় সমিতি, ...................... থানা, জেলা ................................

স্বাক্ষরিত
(মোঃ আবুল বাশার)
সিনিয়র সহকারী সচিব

# পল্লী প্রগতি প্রকল্প ঋণ পরিচালন নীতিমালা

## উপজেলা ঋণ বাছাই কমিটি

উপজেলা ঋণ বাছাই কমিটির গঠন নিম্নরূপঃ

| | |
|---|---|
| ইউআরডিও, বিআরডিবি | আহবায়ক |
| এআরডিও, বিআরডিবি | সদস্য সচিব |
| প্রকল্পের সংশ্লিষ্ট গ্রাম সংগঠক | সদস্য |
| জুনিয়র অফিসার (হিসাব)/হিসাব রক্ষক | সদস্য |

কমিটির কার্যপরিধি :

(ক) দল/ সদস্যদের ঋণ প্রদানের ক্ষেত্রে তাদের ঋণ প্রাপ্তির যোগ্যতা যাচাই করা।

(খ) ঋণের জন্য যথাযথ আবেদনপত্র/কাগজপত্রাদি যাচাই-বাছাই করা এবং বাছাইকৃত আবেদন পত্রের অনুকূলে ঋণ প্রদানের জন্য উপজেলা ঋণ মঞ্জুরী কমিটির কাছে সুপারিশ প্রদান করা ।

(গ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা।

(ঘ) প্রকল্পের ঋণ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত সকল তথ্যাদি/ডকুমেন্টসমূহ সংরক্ষণ করা। । উপজেলা ঋণ বাছাই কমিটির সভা প্রকল্প এলাকার প্রয়োজনানুযায়ী যে কোন তারিখ ও সময়ে অনুষ্ঠিত হতে পারবে।

## উপজেলা ঋণ মঞ্জুরী কমিটি (ইউসিজিসি) :

কমিটির গঠন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| ইউসিসিএ চেয়ারম্যান | - | সদস্য |
| থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | - | সদস্য |
| চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ | - | সদস্য |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি :

ঋণ বাছাই কমিটি কর্তৃক যথাযথভাবে যাচাই বাছাইকৃত দল / সদস্যের অনুকূলে ঋণ প্রদানের সুপারিশ।

## উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি

কমিটির গঠন নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| ইউসিসিএ চেয়ারম্যান | - | সদস্য |
| উপজেলা কৃষি কর্মকর্তা | - | সদস্য |
| উপজেলা পশুসম্পদ কর্মকর্তা | - | সদস্য |
| উপজেলা মৎস্য কর্মকর্তা | - | সদস্য |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | সদস্য |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | সদস্য |
| থানার অফিসার ইন চার্জ | - | সদস্য |
| উপজেলা এডজুটেন্ট, আনসার ও ভিডিপি | - | সদস্য |
| চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট ইউনিয়নের) | - | সদস্য |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

(ক) উপজেলা পর্যায়ের প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট দপ্তর / বিভাগ সঙ্গে সমন্বয় সাধন করা।

(খ) স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং জেলা কমিটিতে গৃহীত নীতিনির্ধারণমূলক সিদ্ধান্ত সমূহের বাস্তবায়নের পদক্ষেপ নেয়া।

(গ) উপজেলা ঋণ মঞ্জুর কমিটির কার্যক্রম পর্যালোচনা ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

(ঘ) প্রকল্প হতে উপজেলা পর্যায়ে বরাদ্দকৃত ঋণের রিভিউ, মনিটরিং ও আদায়ের ব্যবস্থা নিশ্চিত করা।

(ঙ) বিবিধ ।

* কমিটি প্রয়োজনবোধে অন্য বা একাধিক সদস্য/কার্যকর প্রতিনিধি কমিটিতে কো-অপ্ট করতে পারবে এবং সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা/এজেন্সী 'র কাছ থেকে পরামর্শ গ্রহণ করতে পারবে।

* মাসে অন্ততঃ একবার কমিটির সভা অনুষ্ঠিত হবে এবং প্রয়োজনানুযায়ী অন্য যে কোন সময়েও কমিটির সভা অনুষ্ঠিত হতে পারে।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা -২০১২

৭.৪। উপজেলা কমিটি :

| | | |
|---|---|---|
| (১) উপজেলা চেয়ারম্যান | - | প্রধান উপদেষ্টা |
| (২) উপজেলা ভাইস চেয়ারম্যান (২ জন) | - | উপদেষ্টা |
| (৩) উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| (৪) উপজেলা কৃষি কর্মকর্তা | - | সদস্য |
| (৫) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | - | সদস্য |
| (৬) উপজেলা মৎস্য কর্মকর্তা | - | সদস্য |
| (৭) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | সদস্য |
| (৮) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | সদস্য |
| (৯) উপজেলা সমবায় কর্মকর্তা | - | সদস্য |
| (১০) উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | সদস্য |
| (১১) উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | সদস্য |
| (১২) সভাপতি, ইউসিসিএ লিঃ | - | সদস্য |
| (১৩) সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট পল্লী উন্নয়ন/সমাজকর্মী (প্রতি ২ বছরের জন্য) | - | সদস্য |
| (১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি | - | সদস্য-সচিব |

জাতীয় পল্লী উন্নয়ন পদকের মূল্যায়নের জন্য এই নীতিমালার উদ্দেশ্য এবং পুরস্কারের শ্রেণিবিভাগের আলোকে দৃষ্টান্তমূলক অবদান রাখার জন্য সর্বোচ্চ ১০ (দশ) গোষ্ঠী/প্রতিষ্ঠান/ব্যক্তিকে নির্বাচনের জন্য বিবেচনা করা হবে।

স্বাক্ষরিত/-
৩০/০৯/২০১২
ড. মিহির কান্তি মজুমদার
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

# খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা, ২০১৭

উপজেলা খাদ্যবান্ধব কমিটি :-

| | |
|---|---|
| (১) মাননীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| (২) উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| (৩) উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| (৪) উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (৫) উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| (৬) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| (৭) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| (৮) উপজেলা প্রজেক্ট ইমপ্লিমেনটেশন অফিসার | সদস্য |
| (৯) ১ জন সিটিজেন জার্নালিজম গ্রুপের প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (১০) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/খাদ্য পরিদর্শক | সদস্য |

কমিটির কার্যপরিধি :-

(১) দারিদ্রের প্রকোপ, দুঃস্থতা বিবেচনায় ইউনিয়নভিত্তিক সুবিধাভোগীদের সংখ্যা বিভাজন;
(২) ইউনিয়ন কমিটি কর্তৃক প্রণীত তালিকা যাচাই-বাছাই করে অনুমোদন;
(৩) ডিলার নিয়োগ এবং ডিলারশিপ বাতিল অনুমোদন;
(৪) সপ্তাহিক বিক্রয়ের দিন/বার নির্ধারণ;
(৫) প্রয়োজনে ডিলারশীপ কেন্দ্রের অবস্থান পুনঃনির্ধারণ;
(৬) খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিবীক্ষণ ।

# অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭

| | |
|---|---|
| (১) মাননীয় সংসদ সদস্য | প্রধান উপদেষ্টা |
| (২) উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| (৩) উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (৪-৫) উপজেলা পর্যায়ে কর্মকর্তা ২ (দুই) জন (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (৬) উপজেলা চালকল মালিক সমিতি/গ্রুপ এর সভাপতি | সদস্য |
| (৭) কৃষক প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (৮) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/খাদ্য পরিদর্শক | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি :

(১) উপজেলার ধান ও গম সংগ্রহ লক্ষ্যমাত্রা উৎপাদন অনুযায়ী ইউনিয়নওয়ারী বিভাজন;
(২) স্থানীয় কৃষি কর্মকর্তার প্রদত্ত তালিকা হতে প্রয়োজনীয় সংখ্যক কৃষক নির্বাচন ও সংগ্রহ পরিমাণ নির্ধারণ;
(৩) পরিমাণসহ নির্বাচিত কৃষকদের তালিকা সংশ্লিষ্ট ক্রয়কেন্দ্রে প্রেরণ এবং তালিকা অনুযায়ী কৃষকদের নিকট থেকে ধান ও গম ক্রয় নিশ্চিত করা; এবং
(৪) নীতিমালা অনুযায়ী ধান, চাল ও গম সুষ্ঠুভাবে সংগ্রহ নিশ্চিত করা এবং সংগ্রহ সংক্রান্ত কোন প্রকার প্রতিবন্ধকতা দেখা দিলে তা সমাধান করা।

# খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০১৫ খ্রিঃ

উপজেলা কমিটি : -

| | | |
|---|---|---|
| ১. উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| ২. উপজেলা চেয়ারম্যানের মনোনীত প্রতিনিধি | - | সদস্য |
| ৩. সংশ্লিষ্ট পৌরসভার মেয়রের প্রতিনিধি/সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | - | সদস্য |
| ৪. উপজেলা কৃষি কর্মকর্তা | - | সদস্য |
| ৫. উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | সদস্য |
| ৬. ২ জন স্থানীয় গণ্যমান্য ব্যক্তি (মাননীয় সংসদ সদস্যের পরামর্শক্রমে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| ৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | - | সদস্য-সচিব |

কমিটিসমূহের কার্যপরিধিঃ

ক) জনবহুলতা ও দরিদ্র মানুষের ঘনবসতি বিবেচনায় নিয়ে বিক্রয় কেন্দ্র নির্বাচনের সুপারিশ করা;

খ) যোগ্যতার আলোকে যাচাই-বাছাই করে ডিলার নিয়োগের সুপারিশ করা; এবং

গ) কোন কারণে নিয়োজিত ডিলারশিপ বাতিল হলে বা কোন ডিলার কাজে আগ্রহী না হলে বা অন্যকোন কারণে ডিলারশিপ পরিচালনা করা সম্ভব না হলে, সেখানে দ্রুত ডিলার পুনর্নিয়োগ ব্যবস্থা গ্রহণ করা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# পল্লী জীবিকায়ন

(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

পরিকল্পনা ও উন্নয়ন শাখা-০৪

www.rdcd.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.০৪০.০১৪.০৮.১৩-৮৭ তারিখ: ১৫ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন "পল্লী জীবিকায়ন প্রকল্প -৩য় পর্যায়" শীর্ষক অনুমোদিত প্রকল্পের ডিপিপি'র সংস্থান অনুযায়ী নিম্নোক্ত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি (UPIC) গঠন করা হলো:

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি (UPIC):

| | | |
|---|---|---|
| ০১. | উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০৩. | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৫. | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ০৬. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ০৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ০৮. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ০৯. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা | সদস্য |
| ১০. | উপজেলা প্রকল্প বিষয়ক কর্মকর্তা | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি (TOR) নিম্নরূপ:

১) উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট দপ্তরের সাথে সমন্বয়করণ;

২) প্রকল্পের ঋণ কার্যক্রম মূল্যায়ন ও পরীবীক্ষণ (ঋণ বিতরণ ও আদায়);

৩) অন্যান্য বিষয় (যদি থাকে) এবং

৪) কমিটি প্রতি তিন মাস অন্তর কমপক্ষে একবার সভা করবে এবং যখন প্রয়োজন হয় সভা করতে পারবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত

(আজীজ হায়দার ভূইয়া)

উপসচিব

ফোন:+৮৮-০২-২২৩৩৫৫৪১৪

e-mail: Plan4.section@rdcd.gov.bd

মহাপরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ শে মার্চ ১৯৯৮/ ১৫ই চৈত্র ১৪০৪

যুব-২/কমিটি-১/৯৭/১০১ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন যুব উন্নয়ন অধীন যুব কার্যক্রম গতিশীলকরণ ও সম্প্রসারণকল্পে নিম্নবর্ণিত কর্মকর্তা ও যুব সংগঠনের সমন্বয়ে জেলা যুব উন্নয়ন কমিটি ও থানা যুব উন্নয়ন কমিটি গঠন করা হলো:

জেলা যুব উন্নয়ন কমিটি

সভাপতি

(১) জেলা প্রশাসক

সদস্যবৃন্দ

(২) মেয়রের প্রতিনিধি/ চেয়ারম্যান পৌরসভা অথবা তাঁর প্রতিনিধি

(৩) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

(৪) জেলা পশু সম্পদ কর্মকর্তা

(৫) জেলা মৎস্য কর্মকর্তা

(৬) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর

(৭) উপপরিচালক, পরিবার কল্যান অধিদপ্তর

(৮) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

(৯) জেলা ক্রীড়া কর্মকর্তা, ক্রীড়া পরিদপ্তর

(১০) জেলা শিশু সংগঠক (১ জন)

(১১) জেলা যুব সংগঠনের প্রতিনিধি ১ (এক) জন

সদস্য সচিব

(১২) উপ-পরিচালক/সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর।

কমিটির কর্মপরিধি:

(ক) জেলাধীন বিভিন্ন যুব প্রশিক্ষণ কেন্দ্রসমূহের যুবদের প্রশিক্ষণের অগ্রগতি পর্যালোচনা।

(খ) বিভিন্ন পেশার যুবদের প্রশিক্ষণের জন্য ভ্রাম্যমান প্রশিক্ষণ কর্মকান্ড পর্যালোচনা;

(গ) প্রশিক্ষিত যুবদের ঋণ প্রদানের অগ্রগতি পর্যালোচনা;

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

উপজেলা ঋণ অনুমোদন ও পর্যালোচনা কমিটিঃ

ক) উপজেলা নির্বাহী অফিসার-- সভাপতি

খ) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/প্রতিনিধি- সদস্য

গ) উপজেলা মৎস্য কর্মকর্তা/প্রতিনিধি- সদস্য

ঘ) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/প্রতিনিধি- সদস্য

ঙ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা/প্রতিনিধি- সদস্য

চ) সংশ্লিষ্ট ব্যাংক প্রতিনিধি- সদস্য

ছ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রতিনিধি-- সদস্য

জ) থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা/প্রতিনিধি-- সদস্য

ঝ) ক্রেডিটসুপারভাইজার, (ঋণ প্রস্তাব সংশ্লিষ্ট) সদস্য

ঞ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা - সদস্য সচিব

(কমিটি প্রয়োজনে কোন সরকারী কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপট করতে পারবেন)

রেজিস্টার্ড নং ডি এ-১
বাংলাদেশ গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত
বৃহস্পতিবার, জুলাই ১, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০২ শাখা
প্রজ্ঞাপন
তারিখ: ১৫ আষাঢ় ১৪২৮/২৯ জুন ২০২১

# জাতীয় যুব কাউন্সিল (গঠন, কাঠামো, কার্যপদ্ধতি ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২১

৫। উপজেলা মনোনয়ন কমিটির গঠন ও কার্যপরিধি।
(১) উপজেলা মনোনয়ন কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :-
(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যিনি উহার উপদেষ্টাও হইবেন;
(খ) উপজেলা নির্বাহী কর্মকর্তা, যিনি উহার সভাপতিও হইবেন;
(গ) উপজেলা কৃষি কর্মকর্তা;
(ঘ) উপজেলা মৎস্য কর্মকর্তা;
(ঙ) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা;
(চ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা;
(ছ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা;
(জ) উপজেলা সমবায় কর্মকর্তা;
(ঝ) স্থানীয় সংসদ কর্তৃক মনোনীত উক্ত উপজেলার ২ (দুই) জন প্রথিতযশা ব্যক্তি যাহাদের মধ্যে ১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন নারী হইবেন;
(ঞ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত বেসরকারি সংস্থার (এনজিও) ১ (এক) জন প্রতিনিধি;
(ট) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত যুব সংগঠনের ১ (এক) জন প্রতিনিধি; এবং
(ঠ) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপজেলা মনোনয়ন কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা :—
(ক) জাতীয় যুব কাউন্সিলের সদস্য হিসাবে অন্তর্ভুক্তির জন্য আগ্রহী প্রার্থীগণের আবেদনসমূহ যাচাই-বাছাই করা;
(খ) আবেদনকারীর সংগঠন এবং উহার সার্বিক কার্যক্রম সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা;
(গ) আবেদনকারীগণের মধ্য হইতে ১ (এক) জন যুব পুরুষ ও ১ (এক) জন যুব নারী মনোনয়ন প্রদান করিয়া সংশ্লিষ্ট কাগজাদি যে বৎসরের জন্য কাউন্সিল গঠিত হইবে তাহার পূর্বের বৎসরের সেপ্টেম্বর মাসের ৩০ (ত্রিশ) তারিখের মধ্যে জেলা মনোনয়ন কমিটির নিকট সুপারিশ আকারে প্রেরণ করা; এবং
(ঘ) জেলা মনোনয়ন কমিটি উহার এখতিয়ারাধীন এলাকার উপজেলা মনোনয়ন কমিটির সুপারিশের সহিত দ্বিমত পোষণ করিয়া কারণ উল্লেখপূর্বক পুনর্বিবেচনার জন্য ফেরত পাঠাইলে উহা পুনর্বিবেচনা করিয়া যৌক্তিকতা উল্লেখপূর্বক প্রস্তাব প্রেরণ করা ।

# উপজেলা ন্যাশনাল সার্ভিস কমিটি

উপজেলা সমন্বয় কমিটিতে স্থানীয় মাননীয় সংসদ, উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানদ্বয় উপদেষ্টা হিসেবে থাকবেন।

| | | |
|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ০৪. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ০৫. | উপজেলা পশুসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৬. | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ০৭. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা | সদস্য |
| ০৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ০৯. | উপজেলা রেঞ্জ অফিসার, বন বিভাগ | সদস্য |
| ১০. | ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) | সদস্য |
| ১১. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১২. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৪. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১৫. | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১৬. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ১৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য-সচিব |

কমিটির কর্মপরিধি:

ক) কমিটি প্রতি মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে এবং সংশ্লিষ্ট উপজেলায় কর্মসূচি সফল বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করবে এবং গৃহীত পদক্ষেপসমূহ যুব উন্নয়ন অধিদপ্তর এবং যুব ক্রীড়া মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়কে অবহিত করবে।
খ) উপজেলা সমন্বয় কমিটি উপজেলা পর্যায়ে কর্মসূচির সফল বাস্তবায়নে মূল দায়িত্ব পালন করবে এবং নিয়মিত কার্যক্রম মনিটর ও পরিদর্শন করবে এবং প্রয়োজনে পরিদর্শন প্রতিবেদন উন্নয়ন অধিদপ্তর এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করবে, প্রতিবেদনের অনুলিপি সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর প্রেরণ করবে।
গ) কর্মসূচি বাস্তবায়নে কোন সমস্যার সৃষ্টি হলে কিংবা কোন ব্যাখ্যা প্রয়োজন হলে উপজেলা কমিটি জেলা কমিটির পরামর্শ গ্রহণ করবে।
ঘ) উপজেলা সমন্বয়ে কমিটি সুবিধাভোগী নির্বাচন করবে।
ঙ) এ কমিটি কর্মসংস্থানের ক্ষেত্র চিহ্নিত করে কোন কর্মক্ষেত্রে কতজন সুবিধাভোগী প্রয়োজন নির্ধারণ করবে।
চ) কমিটি প্রয়োজনবোধে নতুন সদস্য কোঅপ্ট করতে পারবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা পরিসংখ্যান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
উন্নয়ন শাখা-১
উন্নয়ন উইং

স্মারক নং: নং-৫২.০০৮.০২২.০০.০০.৬৬৩.২০১৪- ১৬১ তারিখ: ০৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ / ১৭ এপ্রিল, ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ শুমারি ও জরিপ কার্য বাস্তবায়নে মাঠ পর্যায়ে স্থায়ীভাবে উপজেলা শুমারি / জরিপ কমিটি গঠন।

সরকার কর্তৃক অনুমোদিত জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (National Strategy for the Development of Statistics - NSDS) এর বিধান অনুসারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বিভিন্ন সময়ে শুমারি ও জরিপ কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত স্থায়ীভাবে উপজেলা শুমারি / জরিপ কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলোঃ

## উপজেলা শুমারি/জরিপ কমিটি

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০৩ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা | সদস্য |
| ০৫ | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ০৬ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ০৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ০৮ | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ১৫ | উপজেলা কর্মকর্তা, আনসার ও ভিডিপি | সদস্য |
| ১৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১৭ | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ১৮ | সভাপতি/সাধারণ সম্পাদক, বণিক / ব্যবসায়ী সমিতি | সদস্য |
| ১৯ | সভাপতি/সাধারণ সম্পাদক, মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল | সদস্য |
| ২০ | সভাপতি/সাধারণ সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২১ | জোনাল অফিসার/প্রতিনিধি (সকল), বিবিএস | সদস্য |
| ২২ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) | সদস্য-সচিব |

উপজেলা শুমারি/জরিপ কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ
(১) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক শুমারি / জরিপ কমিটি গঠন নিশ্চিত করা;
(২) জোনাল অফিসার কর্তৃক স্থানীয় শিক্ষিত বেকারদের মধ্য হতে গণনাকারী/তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার বাছাইয়ে সহায়তা প্রদান করা;
(৩) গণনাকারী/তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
(৪) নিয়োগকৃত শুমারি/জরিপকর্মীগণ যথাযথভাবে দায়িত্ব পালন করছেন কিনা তা তদারকী ও মনিটরিং করা;
(৫) সংশ্লিষ্ট উপজেলার সর্বস্তরে ও সকল মাধ্যমে শুমারি / জরিপ এর বিষয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
০২। মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ আমিনুল বর চৌধুরী)
যুগ্ম-সচিব (উন্নয়ন)
ফোন: ৮১৮১৩০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা সমবায় অফিস

## আশ্রয়ণ-২ ঋণ প্রদান ও আদায় কমিটি

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ০৪ | আর ডি, বিআরডিবি | সদস্য |
| ০৫ | সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ০৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ০৭ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ০৮ | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ০৯ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ১০ | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ১১ | স্থানীয় এনজিও প্রতিনিধি | সদস্য |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য-সচিব |

## জাতীয় সমবায় পুরস্কার প্রার্থী মনোনয়ন উপজেলা কমিটি

| | |
|---|---|
| ১. উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৩. উপজেলা পশুসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৪. উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৫. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৬. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৮. সভাপতি, ইউ.সি.সি.এ. লিঃ | সদস্য |
| ৯. সভাপতি কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সমবায়ী | সদস্য |
| ১০. উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য-সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা বন বিভাগ

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ জুলাই ২০০৯

নং পবম (বঃশাঃ-১)৪৮/৯৭/৫৩৪- পরিবেশ ও বন সম্পর্কিত উন্নয়ন কর্মকান্ড মাঠ পর্যায়ে সমন্বয়, সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও জনসাধারণের নিকট তা যথাযথভাবে উপস্থাপনের প্রয়োজনে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ১৪-০৭-২০০৪ তারিখের পবম(শা-৩) কমিটি/৪৮/৯৭/৭১২ নং প্রজ্ঞাপনমূলে গঠিত জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি এবং উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি বাতিলপূর্বক নিম্নরূপভাবে সংশোধিত করে কমিটি পুনঃগঠন করা হলো:

উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি

| ক্রমিক নং | পদবী | |
|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| ০২ | উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০৪ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ০৭ | উপ-বিভাগীয় প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ (যেখানে প্রযোজ্য) | সদস্য |
| ০৮ | উপ-বিভাগীয় প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড (যেখানে প্রযোজ্য) | সদস্য |
| ০৯ | উপ-বিভাগীয় প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে (যেখানে প্রযোজ্য) | সদস্য |
| ১০ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১১ | প্রকল্প কর্মকর্তা, মাধ্যমিক শিক্ষা | সদস্য |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৩ | সহকারী পরিচালক/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৪ | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট থানা) | সদস্য |
| ১৫ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১৬ | এনজিওর এর প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৭ | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ | সদস্য |
| ১৮ | উপজেলা মহাবিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয়/সিনিয়র মাদ্রাসার ১ জন করে প্রতিষ্ঠান প্রধান (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৯ | প্রেস ক্লাবের প্রতিনিধি (সাংবাদিক) | সদস্য |
| ২০ | বাংলাদেশ স্কাউটস ও বাংলাদেশ গার্ল-গাইডস এসোসিয়েশনের প্রতিনিধি | সদস্য |
| ২১ | ২ জন (১ জন মহিলাসহ) উৎসাহী গণ্যমান্য ব্যাক্তি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২২ | সহকারী বন সংরক্ষক/ রেঞ্জ কর্মকর্তা, বন বিভাগ | সদস্য-সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদানের নীতিমালা (সংশোধনী)

বিভিন্ন কমিটির গঠন কাঠামো :
স্থানীয় কমিটি (উপজেলা/থানা পর্যায়ে)

| | |
|---|---|
| (১) উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (২) উপজেলা/থানা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (৩) উপজেলা/থানা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| (৪) উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| (৫) উপজেলা/থানা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (৬) পৌরসভা কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (৭) সভাপতি কর্তৃক মনোনীত দুইজন বেসরকারী প্রতিনিধি (ন্যূনতম একজন মহিলা) | সদস্য |
| (৮) সহকারী বন সংরক্ষক/রেঞ্জ কর্মকর্তা | সদস্য-সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলাদেশ শিশু একাডেমী
# উপজেলা শাখা

## বাংলাদেশ শিশু একাডেমীর উপজেলা শাখা

পরিচালনা কমিটি গঠন:

থানা শাখা অফিসের কার্যাবলী পরিচালনার জন্যে প্রত্যেক শাখায় একটি করে পরিচালনা কমিটি থাকবে। নিম্ন লিখিত প্রতিষ্ঠানের প্রধান/ব্যাক্তিগণের সমন্বয়ে কমিটি গঠিত হবে।

| | | | |
|---|---|---|---|
| ১) | থানা নির্বাহী কর্মকর্তা (পদাধিকার বলে) | সভাপতি | ১ জন |
| ২) | থানা স্বাস্থ্য কর্মকর্তা (হেল্থ কমপ্লেক্স প্রধান) | সদস্য | ১ জন |
| ৩) | থানা শিক্ষা অফিসার (প্রাথমিক) | সদস্য | ১ জন |
| ৪) | থানা সমাজসেবা অফিসার | সদস্য | ১ জন |
| ৫) | থানা শিক্ষা অফিসার (মাধ্যমিক) | সদস্য | ১ জন |
| ৬) | থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য | ১ জন |
| ৭) | থানায় অবস্থিত উচ্চ বালক/বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ শিক্ষিকা (থানা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য | ২ জন |
| ৮) | থানা শিশু বিষয়ক কর্মকর্তা (পদাধিকার বলে) | সদস্য-সচিব | ১ জন |
| | | মোট = | ৯ জন |

ক) থানা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত সদস্যদের মেয়াদকাল হবে তিন বছর।

খ) প্রতি তিন মাসে অন্ততঃ একবার পরিচালনা কমিটির সভা ডাকতে হবে।

গ) সভায় কমিটির সভাপতি সভাপতিত্ব করবেন। সভাপতির অনুপস্থিতিতে সদস্যদের মধ্য থেকে কোন বয়োজৈষ্ঠ সদস্য সভাপতিত্বে করবেন।

ঘ) সভায় ৩ (তিন) জন সদস্য উপস্থিত থাকলেই কোরম পূর্ণ হবে।

ঙ) সভায় অনুষ্ঠানের ৭ (সাত) দিন পূর্বে সদস্যদের নোটিশ দিতে হবে।

চ) জরুরী সভা ২৪ ঘন্টার নোটিশে সভাপতি আহ্বান করতে পারবেন।

## জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২২-২৩

উপজেলা/থানা পর্যায়ে প্রতিযোগিতা পরিচালনা কমিটি

| | |
|---|---|
| ১. উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (উপজেলা হেলথ কমপ্লেক্স প্রধান) | সদস্য |
| ৩. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট থানা) | সদস্য |
| ৫. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ৬. উপজেলা বালক/বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক | সদস্য (২জন) |
| ৭. উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ৮. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১০. উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১১. উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা | সদস্য |

যে সকল উপজেলায় শিশু একাডেমির কার্যালয় নেই, সেই সকল উপজেলায় উপজেলা শিক্ষা অফিসার সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জাতীয় মহিলা সংস্থা
# উপজেলা শাখা

## মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা ও মনিটরিং এর উপজেলা কমিটি

উপজেলা পর্যায়ে নিম্নবর্ণিত কমিটি ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা ও মনিটরিং এর দায়িত্ব পালন করবে :-

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২ | জাতীয় মহিলা সংস্থার উপজেলা শাখার সভাপতি | সদস্য |
| ৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | সদস্য |
| ৪ | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ৫ | উপজেলা মহিলার বিষয়ক কর্মকর্তা/প্রতিনিধি, জাতীয় মহিলা সংস্থার উপজেলা শাখা | সদস্য-সচিব |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ইসলামিক ফাউন্ডেশন
# উপজেলা শাখা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
www.mora.gov.bd

নং- ১৬.০০.০০০০.০০৭.০২.০০৮.২০.১৩৯ তারিখ: ২৫ আগষ্ট ২০২০

বিষয়: "মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের কেন্দ্র/শিক্ষক প্রাথমিক বাছাই কমিটি (উপজেলা পর্যায়) গঠন প্রসংগে।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন "মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়)" শীর্ষ প্রকল্পের কেন্দ্র/শিক্ষক প্রাথমিক বাছাই কমিটি (উপজেলা পর্যায়) নিম্নোক্ত আকারে গঠন করা হল:

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | আহ্বায়ক |
| ০২ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা/ তাঁর উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ০৩ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ০৪ | ইমাম-মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ০৫ | ফিল্ড সুপারভাইজার/দায়িত্বপ্রাপ্ত ফিল্ড সুপারভাইজার, সংশ্লিষ্ট প্রকল্প, ইফা | সদস্য-সচিব |

কার্যপরিধি :
(১) এই কমিটি ডিপিপির বর্ধিত নীতিমালা এবং প্রকল্প দপ্তরের পরামর্শ অনুসারে উপজেলার শিক্ষাকেন্দ্র ও কেন্দ্র শিক্ষক বাছাই প্রাথমিকভাবে (জরিপ ও নোট পরীক্ষার ভিত্তিতে) সম্পন্ন করবে।
(২) কমিটি প্রয়োজনবোধে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

স্বাক্ষরিত
মো: সাখাওয়াত হোসেন
উপসচিব (উন্নয়ন)
ফোন: ৯৫৭৭২৩৭
Email:ds_dev@mora.gov.bd

বিতরণ: কার্যার্থে (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা।
২। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা।
৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৪। উপযুক্ত প্রতিনিধি, ইমাম-মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট, সংশ্লিষ্ট উপজেলা।
৫। ফিল্ড সুপারভাইজার/দায়িত্বপ্রাপ্ত ফিল্ড সুপারভাইজার, "মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়)" শীর্ষক প্রকল্প।

ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

নং- ইমুকট্রা:/অর্থ-২(১৪)/৯৫/২০০৮(অংশ-১)/১১৪১ তারিখ: ০১/০৪/২০১২ খ্রি:

প্রজ্ঞাপন

ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট আইন ২০০১ এর ৭(চ) নং ধারা অনুযায়ী এতদ্বারা জেলা ও উপজেলা পর্যায়ের ট্রাস্ট কমিটি নিম্নরূপভাবে করা হলো:

জেলা কমিটি:

| | | |
|---|---|---|
| ০১ | জেলা প্রশাসক বা তাঁর মনোনীত প্রতিনিধি (তবে অতিরিক্ত জেলা প্রশাসকের নীচে নহে) | আহ্বায়ক |
| ০২ | জেলা ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট সমিতির সভাপতি | সদস্য |
| ০৩ | জেলা ইমাম ও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট সমিতির সেক্রেটারী | সদস্য |
| ০৪ | জেলা কওমী মাদ্রাসার সিনিয়র মোহতামীম | সদস্য |
| ০৫ | জেলা জাতীয় প্রশিক্ষণ প্রাপ্ত ইমাম সমিতির সভাপতি/সেক্রেটারী | সদস্য |
| ০৬ | আলীয়া মাদ্রাসার অধ্যক্ষ/জমিয়াতুল মোদারেসীনের জেলা সভাপতি বা তাঁর মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ০৭ | ফিল্ড সুপারভাইজার/দায়িত্বপ্রাপ্ত ফিল্ড সুপারভাইজার, সংশ্লিষ্ট প্রকল্প, ইফা | সদস্য-সচিব |

উপজেলা কমিটি:

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | আহ্বায়ক |
| ০২ | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা/ তাঁর উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ০৩ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ০৪ | ইমাম-মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ০৫ | ফিল্ড সুপারভাইজার/দায়িত্বপ্রাপ্ত ফিল্ড সুপারভাইজার, সংশ্লিষ্ট প্রকল্প, ইফা | সদস্য-সচিব |

কার্যপরিধি :
(১) এই কমিটি ডিপিপির বর্ধিত নীতিমালা এবং প্রকল্প দপ্তরের পরামর্শ অনুসারে উপজেলার শিক্ষাকেন্দ্র ও কেন্দ্র শিক্ষক বাছাই প্রাথমিকভাবে (জরিপ ও নোট পরীক্ষার ভিত্তিতে) সম্পন্ন করবে।
(২) কমিটি প্রয়োজনবোধে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

স্বাক্ষরিত
মো: সাখাওয়াত হোসেন
উপসচিব (উন্নয়ন)
ফোন: ৯৫৭৭২৩৭
Email:ds_dev@mora.gov.bd

বিতরণ: কার্যার্থে (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা।
২। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা।
৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
৪। উপযুক্ত প্রতিনিধি, ইমাম-মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট, সংশ্লিষ্ট উপজেলা।
৫। ফিল্ড সুপারভাইজার/দায়িত্বপ্রাপ্ত ফিল্ড সুপারভাইজার, "মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়)" শীর্ষক প্রকল্প।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

# যাকাত বোর্ড

(ইসলামিক ফাউন্ডেশন ভবন)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

সূত্র নংঃ যাকাত/সভা/প্র.-১(১)/অংশ-৬/২০০৯/৭৯ (৬০৮)    তারিখঃ ২৯/১২/২০১৪ খ্রি

পরিচালক/উপ-পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
........................বিভাগীয়/জেলা কার্যালয় ।

বিষয়ঃ উপজেলা যাকাত কমিটি গঠন প্রসঙ্গে ।

জনাব,
আসসালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ।
যাকাতের অর্থ সংগ্রহ ও বিতরণ প্রক্রিয়াকে সহজীকরণের লক্ষ্যে যাকাত বোর্ডের ৪৮তম সভায় ৬৪ জেলার ৪৭৮টি উপজেলায় (মুসলিম জনসংখ্যা অধ্যুষিত) উপজেলা যাকাত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় । কমিটি নিম্নরূপঃ

| | |
|---|---|
| ১) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার | আহবায়ক |
| ২) আলিয়া নেসাবের একজন আলেম | সদস্য |
| ৩) ক্বওমী নেসাবের একজন আলেম | সদস্য |
| ৪) উপজেলা মসজিদের খতিব/ইমাম | সদস্য |
| ৫) প্রশিক্ষণপ্রাপ্ত উপজেলা ইমাম সমিতির সভাপতি | সদস্য |
| ৬) বিশিষ্ট ব্যবসায়ী/সমাজ সেবক | সদস্য |
| ৭) সংশ্লিষ্ট উপজেলা ইসলামিক মিশনের এসপিও/পিও/ফিল্ড সুপারভাইজার (মউশিক) | সদস্য-সচিব |

যাকাত সংগ্রহের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারগণের আন্তরিক ও সক্রিয় সহযোগিতা উপজেলা যাকাত কমিটি গঠনের মাধ্যমে আরো বেগবান ও কার্যকর হবে বলে আমাদের বিশ্বাস। এমতাবস্থায়, উল্লিখিত সদস্য সমন্বয়ে উপজেলা যাকাত কমিটি গঠনে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো ।

স্বাক্ষরিত
(খিজির হায়াত খান)
পরিচালক, যাকাত ফান্ড বিভাগ
ফোন: ৮১৮১৫৩৬

সূত্র নংঃ যাকাত/সভা/প্র.-১(১)/অংশ-৬/২০০৯/৭৯ (৬০৮)    তারিখঃ ২৯/১২/২০১৪ খ্রি

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।
১. মাননীয় জেলা প্রশাসক ও সভাপতি, জেলা যাকাত কমিটি,
২. উপজেলা নির্বাহী অফিসার,
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়কে সদয় অবহিত করণের জন্য)।
৪. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল ।

স্বাক্ষরিত
(মুহাম্মদ রফিক-উল ইসলাম)
উপ-পরিচালক, যাকাত ফান্ড বিভাগ
ফোন: ৮১৮১৭২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সরকারি শিশু পরিবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রতিষ্ঠান অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নথি নং ৪১.০০.০০০০.০৫৭.৮৪.০৮৪.১৭-২৬ তারিখ-২৩/০১/২০১৭

"প্রজ্ঞাপন"

বিষয়ঃ সরকারি শিশু পরিবার ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটির রূপরেখা সংশোধন সংক্রান্ত ।

সূত্র : ১। স্মারক নং সকম/প্রতিঃ শাঃ স-৩/০৬-২৯৪ তারিখ-১১/০৮/২০০৯
২। ৪১.০১.০০০০.০৬২.২৭.৬১.০১-০৮ তারিখ- ০৯ জানুয়ারী ২০১৭

উপর্যুক্ত বিষয় ও ২নম্বর সূত্রের প্রেক্ষিতে স্মারক নং সকম/প্রতিঃ শাঃস-৩/০৬-২৯৪ তারিখ-১১/০৮/২০০৯ মূলে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ১নম্বর সূত্র মূলে জারীকৃত প্রজ্ঞাপনে সরকারি শিশু পরিবার ব্যবস্থাপনা ও মনিটরিং কমিটি নিম্নোক্তভাবে নিদের্শক্রমে গঠন করা হলো :

(ক) জেলা সদরে অবস্থিত শিশু পরিবারের জন্যঃ

| | |
|---|---|
| ১) জেলা প্রশাসক | সভাপতি |
| ২) সিভিল সার্জন | সদস্য |
| ৩) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় | সদস্য |
| ৪) স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনিত ২(দুই) জন প্রতিনিধি | সদস্য |
| ৫) সিটি করপোরেশন/পৌর সভার মেয়র কর্তৃক মনোনিত একজন প্রতিনিধি | সদস্য |
| ৬) দুইজন বিশিষ্ট সমাজসেবক (জেলা প্রশাসক, কর্তৃক মনোনিত ১জন পুরুষ ও ১জন মহিলা) | সদস্য |
| ৭) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান | সদস্য-সচিব |

(খ) জেলা সদর বর্হির্ভূত শিশু পরিবারের জন্য :

| | |
|---|---|
| ১) উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২) স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনিত ২(দুই) জন প্রতিনিধি | সদস্য |
| ৩) স্থানীয় উপজেলা চেয়ারম্যান কর্তৃক মনোনিত একজন প্রতিনিধি | সদস্য |
| ৪) দুইজন বিশিষ্ট সমাজসেবক (উপজেলা নিবাহী অফিসার, কর্তৃক মনোনিত ১জন পুরুষ ও ১ জন মহিলা) | সদস্য |
| ৫) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সদস্য |
| ৬) উপজেলা/শহর সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান | সদস্য-সচিব |

(গ) কমিটির কার্যপরিধিঃ

১. প্রতি ৩(তিন) মাস অন্ততঃ ১ বার কমিটির সভা অনুষ্ঠিত হবে।

২. প্রতিষ্ঠানের কার্যক্রম পর্যবেক্ষণের জন্য প্রতিমাসে কমিটি কর্তৃক মনোনীত এক বা একাধিক সদস্য কমপক্ষে ১ (এক) বার প্রতিষ্ঠান পরিদর্শন করবেন।

৩. পরিদর্শকগণ প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা উন্নয়নকল্পে ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় পরামর্শ/উপদেশ প্রদান করবেন।

৪. নিবাসীদের শিক্ষা কার্যক্রম সঠিকভাবে চলছে কিনা সে বিষয়ে তদারকি করে নিবাসীদের শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৫। নিবাসীদের খাবারের মান সঠিক ও মানসম্পন্ন কিনা তা পরীক্ষাপূর্বক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৬। প্রতিষ্ঠানের সম্পদের সদ্ব্যবহার নিশ্চিত করবেন।

৭। নিবাসীদেরকে সামাজিকভাবে/চাকুরীর মাধ্যমে পুর্নবাসনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করবেন।

৮। এ প্রজ্ঞাপন জারীর পর বিভিন্ন প্রতিষ্ঠান সমূহের ইতোপূর্বে জারীকৃর এতদসংক্রান্ত কমিটিসমূহ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত
(রহিমা বেগম)
সহকারী সচিব
ফোন নং ৯৫১৪১১২

নথি নং ৪১.০০.০০০০.০৫৭.৮৪.০৮৪.১৭-২৬ তারিখ-২৩/০১/২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ কর হলোঃ

১। স্থানীয় মাননীয় সংসদ সদস্য (সকল)

২। মেয়র সিটি করর্পোরেশন/পৌরসভা....................................

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।

৪। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও প্রতিষ্ঠান সমূহের প্রধানের নিকট অনুলিপি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হলো) ।

৫ । জেলা প্রশাসক (সকল) ....................................

৬। সিভিল সার্জন (সকল) ....................................

৭। উপজেলা চেয়ারম্যান (সকল) ....................................

৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ....................................

৯। উপজেলা সমাজসেবা কর্মকর্তা (সকল) ....................................

১০। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান (সকল) ....................................

সদয় জ্ঞাতার্থেঃ

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিবের একান্ত সচিব সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। অতিরিক্ত সচিবের (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধী) ব্যক্তিগত কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাক্ষরিত
(রহিমা বেগম)
সহকারী সচিব
ফোন নং ৯৫১৪১১২